COOCH BEHAR.

# হিন্দুধর্ম্মনীতি।

মন্বাদিস্মৃতি, মহাভারত, রামায়ণ, বিষ্ণুপুরাণ, হিতোপদেশ
প্রভৃতি প্রধান প্রধান ধর্ম্মশাস্ত্র ও নীতিশাস্ত্র হইতে

শ্রীঈশানচন্দ্র বসু কর্ত্তৃক সঙ্কলিত।

"বিপন্নায়াং নীতৌ সকলমবশং সীদতি জগৎ।"

দ্বিতীয় সংস্করণ।

কলিকাতা;

ভবানীপুর—বকুলবাগান
অরুণ যন্ত্রে
শ্রীজয়গোপাল ঘোষাল দ্বারা মুদ্রিত।

১৮০৯ শক।

অপি হ্যুক্তানি ধর্ম্মাণি ব্যবস্যন্ত্যুত্তরাবরে।
লোকযাত্রার্থমেবেহ ধর্ম্মস্য নিয়মঃ কৃতঃ।
উভয়ত্র সুখোদর্ক ইহ চৈব পরত্র চ।
অলব্ধ্বা নিপুণং ধর্ম্মং পাপঃ পাপেন যুজ্যতে॥

(শান্তিপর্ব্ব)

# বিজ্ঞাপন।

যেরূপে এই হিন্দুধর্ম্মনীতি সঙ্কলিত হইয়াছে, ইহা হিন্দুদিগের অনুমোদিত কি না, তাহা জানিবার নিমিত্ত ১৭৯৪ শকের ৬ই পৌষ ইহার এক অনুষ্ঠান পত্র কলিকাতাস্থ হিন্দুমহোদয়গণের নিকট প্রচার করি। সেই অনুষ্ঠান পত্র এই মর্ম্মে লিখিত হইয়াছিল :—

"ইদানীন্তন প্রাচীনগণ যদিও স্বধর্ম্মের প্রতি প্রগাঢ় মমতা করিয়া থাকেন, কিন্তু তাঁহাদের ধর্ম্মনীতি বিবিধ শাস্ত্র মধ্যে বিক্ষিপ্ত থাকাতে যুবকদিগকে তাহা প্রদর্শন করিতে পারেন না। এই জন্য যুবকগণ হিন্দুদিগের ধর্ম্মনীতি কিছু আছে বলিয়াও জানেন না। আমি বোধ করি, উল্লিখিত যুবকগণ যে হিন্দুধর্ম্মের প্রতি আস্থাশূন্য হইতেছেন, আপনাদের শাস্ত্রের অন্তর্গত নীতি সকল না জানাই তাহার প্রধান কারণ।

এক্ষণে হিন্দুদিগের মধ্যে ধর্ম্মনীতির চর্চ্চা বৃদ্ধি হয়, এই উদ্দেশে আমি প্রধান প্রধান ধর্ম্ম ও নীতি শাস্ত্র হইতে যুক্তি ও বিজ্ঞান সম্মত হিন্দুদিগের বিশেস নীতি ও সর্ব্বলোক-মান্য সাধারণ নীতি সকল সঙ্কলন পূর্ব্বক এই গ্রন্থ প্রস্তুত করিয়াছি। আমি বোধ করি, হিন্দুদিগের ধর্ম্মনীতি অন্য সকল জাতির ধর্ম্মনীতি অপেক্ষা শ্রেষ্ঠ। তাহা এই সকল নীতি দর্শন দ্বারা প্রতিপন্ন হইতে পারিবে। প্রাচীন মহর্ষিগণ কি সুস্পষ্ট, বিশদ, হৃদয়গ্রাহী, ব্যাপক ও সারাথক বাক্যে নীতি সকল ব্যক্ত করিয়াছেন, তাহা ইহা দ্বারা জানা যাইবে।"

১৭৯৪ শকের পর পঞ্চদশ বর্ষ অতীত হইয়া গেল। এত দিনে এই গ্রন্থের দ্বিতীয় সংস্করণ প্রকাশ করিতে সময়

ত্রিবিধ পুরুষ—উত্তম মধ্যম ও অধম ... ১৬০
ত্রিবিধ পুরুষের ত্রিবিধ কর্ম্মলক্ষণ... ... ১৬১
এইলোক ও পরলোক কাহার পক্ষে কেমন ... ১৬১
ভীষ্মের প্রতিজ্ঞা ... ... ... ১৬৩
লক্ষ্মণের তেজ ... ... ... ১৬৪
অর্জ্জুনের সত্য পালন ... ... ১৬৪
রাম ও ভরতের সৌভ্রাত্র ... ... ১৬৫
শ্রীর আস্পদ ... ... ... ১৬৬
পরোপকারী বৃক্ষের দৃষ্টান্ত ... ... ১৬৭
উপবাসাদি ... ... ... ১৬৮
কঠিন শপথ ... ... ... ১৬৯
আতিথ্য ও দাম্পত্য ধর্ম্ম একত্রে প্রকাশ ... ১৭০
পতিব্রতার ব্রহ্মচর্য্য ... ... ১৭১
পতিব্রতার ধর্ম্ম ... ... ... ১৭১
পতিব্রতার স্বর্গ ... ... ... ১৭৪
স্ত্রীপরিগ্রহণ প্রতিবন্ধক ... ... ১৭৫
যথার্থ মাতা ... ... ... ১৭৫
লক্ষণাবলী ... ... ... ১৭৭
বিবিধ

# হিন্দুধর্ম্মনীতি।

প্রণম্য সচ্চিদানন্দং পূর্ণং ব্রহ্ম সনাতনং।
নীতির্নীতিবিদামত্র হিন্দূনাং পরিকথ্যতে ॥

---

## প্রথম অধ্যায়।

(সাধারণ নীতি)

একএব সুহৃদ্ধর্ম্মো নিধনেঽপ্যনুযাতি যঃ।
শরীরেণ সমং নাশং সর্ব্বমন্যত্তু গচ্ছতি ॥ ১।

মনু ৮। ১৭

ধর্ম্মই মনুষ্যের একমাত্র বন্ধু, যিনি মৃত্যুর পরেও মনুষ্যের অনুগামী হয়েন। আর সকলই এই শরীরের সহিত বিনাশ প্রাপ্ত হয়।

নামূত্র হি সহায়ার্থং পিতা মাতা চ তিষ্ঠতঃ।
ন পুত্রদারং ন জ্ঞাতি ধর্ম্মস্তিষ্ঠতি কেবলঃ ॥ ২।

মনু ৪। ২৩৯

পরলোকে পিতা মাতা স্ত্রী পুত্র জ্ঞাতি কেহই সহায় হয়েন না; কেবল ধর্ম্মই সহায় থাকেন।

একঃ প্রজায়তে জন্তুরেক এব প্রলীয়তে।
একোঽনুভুঙ্‌ক্তে সুকৃতমেক এব চ দুষ্কৃতং॥৩।

মনু ৪। ২৪০

জীব একাকীই উৎপন্ন হয়, একাকীই লয় প্রাপ্ত হয়, একাকীই আপনার সুকৃতি ও দুষ্কৃতির ফল ভোগ করে।

তস্মাদ্ধর্ম্মং সহায়ার্থং নিত্যং সঞ্চিনুয়াচ্ছনৈঃ।
ধর্ম্মেণ হি সহায়েন তমস্তরতি দুস্তরং॥ ৪।

ঐ ২৪২

অতএব আপনার সহায়তার নিমিত্ত ক্রমে ক্রমে ধর্ম্ম নিত্য সঞ্চয় করিবে। কারণ ধর্ম্ম সহায় থাকিলে দুস্তর অন্ধকার উত্তীর্ণ হওয়া যায়।

একাকী চিন্তয়েন্নিত্যং বিবিক্তে হিতমাত্মনঃ।
একাকী চিন্তয়ানো হি পরং শ্রেয়োঽধিগচ্ছতি॥৫

ঐ ২৫৮

নির্জ্জন প্রদেশে একাকী অবস্থান করত সর্ব্বদা আত্মহিত চিন্তা করিবে। একাকী চিন্তা করিতে করিতে মনুষ্য শ্রেয়োলাভে সমর্থ হয়।

স্রবন্তি ন নিবর্ত্তন্তে স্রোতাংসি সরিতামিব।
আয়ুরাদায় মর্ত্ত্যানাং রাত্র্যহানি পুনঃ পুনঃ॥ ৬

শান্তি ৩৩৩ অধ্যায়। ১২৫৩৬

নদী সকলের স্রোত যে প্রকার বহিয়া যায়, আর ফিরিয়া আইসে না, সেই প্রকার পুনঃ পুনঃ রাত্রি ও দিন মনুষ্যদিগের পরমায়ু লইয়া যায়, আর ফিরিয়া আইসে না।

যথা হি পথিকঃ কশ্চিচ্ছায়ামাশ্রিত্য তিষ্ঠতি।
বিশ্রম্য চ পুনর্গচ্ছেত্তদ্বদ্ভূতসমাগমঃ ॥ ৭।

হিত ৬৬৩

যেমন কোন পথিক বৃক্ষের ছায়াতে বসিয়া বিশ্রাম করে এবং বিশ্রাম করিয়া পুনরায় গমন করে, সংসারে প্রাণীদিগের সমাগম সেই প্রকার মাত্র।

অনিত্যং যৌবনং রূপং জীবিতং দ্রব্যসঞ্চয়ঃ।
ঐশ্বর্য্যং প্রিয়সম্ভাষো মুহ্যেত্তত্র ন পণ্ডিতঃ ॥ ৮

শান্তি ৩৩২ অধ্যায়। ১২৪৯৫

যৌবন, রূপ, জীবন, ধনসঞ্চয়, ঐশ্বর্য্য, প্রিয়সম্ভাষা, এ সকলই অস্থির; এই হেতু জ্ঞানবান লোক তাহাতে মুগ্ধ হয়েন না।

ন ধর্ম্মোঽস্তীতি মন্বানাঃ শুচীনবহসন্তি যে।
অশ্রদ্দধানা ধর্ম্মস্য তে নশ্যন্তি ন সংশয়ঃ ॥ ৯

বন ২০৬। ৪১

ধর্ম্ম নাই মনে করিয়া যাহারা সাধুগণকে উপহাস করে ও ধর্ম্মের প্রতি অশ্রদ্ধাবান্ হয়, তাহারা নিঃসন্দেহ বিনাশ প্রাপ্ত হয়।

যে তু ধর্ম্মানসূয়ন্তে বুদ্ধিমোহান্বিতা নরাঃ।
অপথা গচ্ছতাং তেষামনুযাতাপি পীড্যতে ॥ ১০

যে সকল মোহবিভ্রান্ত ব্যক্তি ধর্ম্মের প্রতি অসূয়া প্রকাশ করে, তাহারা স্বয়ং অপথে পদার্পণ করে এবং যাহারা তাহাদের অনুগামী হয়, তাহারাও পীড়া প্রাপ্ত হয়।

ধর্ম্মং যো বাধতে ধর্ম্মো ন স ধর্ম্মঃ কুধর্ম্ম তৎ
অবিরোধাত্তু যো ধর্ম্মঃ স ধর্ম্মঃ[সত্যবিক্রম]॥১

বন ১৩১। ১১

যে ধর্ম্ম অন্য ধর্ম্মের বিরোধী, তাহা কখন ধর্ম্ম নহে, তাহা কুধর্ম্ম ; পরস্পর অবিরোধী ধর্ম্মই প্রকৃত ধর্ম্ম।

সত্যে কৃত্বা প্রতিষ্টাস্তু প্রবর্ত্তন্তে প্রবৃত্তয়ঃ।
সত্যমেব গরীয়স্তু শিষ্টাচারনিষেবিতং ॥ ১২।

বন ৩১। ৭৪

সত্যেতে প্রতিষ্ঠিত হইয়া প্রবৃত্তি সকল ক্রিয়াশীল হয়। শিষ্টাচারসংযুক্ত সত্য অতি গরীয়ান্।

সত্যং ব্রহ্ম তপঃ সত্যং সত্যং বিসৃজতে প্রজাঃ
সত্যেন ধার্য্যতে লোকঃ স্বর্গং সত্যেন গচ্ছতি ॥১৩

শান্তি ১৯০ অধ্যায়। ৬৯৬৮

সত্যই ব্রহ্ম, সত্যই তপ এবং সত্যই প্রজা সৃষ্টি করিয়া থাকে। সত্যেতে লোক সমুদায় বিধৃত রহিয়াছে, সত্যদ্বারাই লোক স্বর্গে গমন করে।

অনৃতং তমসো রূপং তমসা নীয়তে হ্যধঃ।
তমোগ্রস্তা ন পশ্যন্তি প্রকাশং তমসা বৃতাঃ ॥ ১৪

ঐ। ৬৯৬

মিথ্যা অন্ধকারের স্বরূপ ; ঐ অন্ধকার প্রভাবে লোকের অধঃপতন হইয়া থাকে ; অন্ধকারে আচ্ছন্ন হইলে লোক প্রকাশরূপ সত্য দেখিতে পায় না।

স্বর্গঃ প্রকাশ ইত্যাহুর্নরকং তম এব চ।
সত্যানৃতং তদুভয়ং প্রাপ্যতে জগতীচরৈঃ॥ ১৫

ঐ। ৬৯৭০

স্বর্গই সত্য ও আলোক এবং নরকই মিথ্যা ও অন্ধকার স্বরূপ; মনুষ্যেরা স্ব স্ব কর্ম্মফলে ঐ উভয়ই প্রাপ্ত হইয়া থাকে।

তত্রাপ্যেবম্বিধা লোকে বৃত্তিঃ সত্যানৃতে ভবেৎ।
ধর্ম্মাধর্ম্মৌ প্রকাশশ্চ তমো দুঃখং সুখন্তথা॥ ১৬

ঐ। ৬৯৭১

সত্য ও অসত্যে ধর্ম্ম অধর্ম্ম, প্রকাশ অপ্রকাশ, সুখ ও দুঃখ ঘটে; লোকের বৃত্তি তদনুসারি হয়।

তত্র যৎ সত্যং স ধর্ম্মো যো ধর্ম্মঃ স প্রকাশো
যঃ প্রকাশস্তৎ সুখমিতি।
তত্র যদনৃতং সোঽধর্ম্মো যোঽধর্ম্মস্তত্তমো
যত্তমস্তদ্দুঃখমিতি॥ ১৭

ঐ। ৬৯৭২

যাহা সত্য তাহাই ধর্ম্ম, যাহা ধর্ম্ম তাহাই প্রকাশ, যাহা প্রকাশ তাহাই সুখ; আর যাহা অসত্য তাহাই অধর্ম্ম, যাহা অধর্ম্ম তাহাই অন্ধকার এবং যাহা অন্ধকার তাহাই দুঃখ।

স্প্রষ্টু মপ্যসমর্থো হি জ্বলন্তমিব পাবকং।
অধর্ম্মঃ সন্ততো ধর্ম্মং কালেন পরিরক্ষিতং॥ ১৮

অনুশাসন ১৬৪ অধ্যায় ৭৬১৮

ধর্ম্ম প্রজ্বলিত পাবকের ন্যায় প্রদীপ্ত, কালক পরিরক্ষিত; তাহাকে অধর্ম্ম স্পর্শ করিতেও সমর্থ হয় ন

কার্য্যাবেতৌ হি ধর্ম্মেণ ধর্ম্মো হি বিজয়াবহঃ
ত্রয়াণামপি লোকানামালোকঃ কারণং ভবেৎ॥

ঐ। ৭৬১৯

ধর্ম্ম প্রভাবেই লোক এইরূপ (বিশুদ্ধচিত্ত ও নিষ্পাপ হইয়া থাকে এবং ধর্ম্মই বিজয়াবহ ও ত্রিলোকের প্রকাশ ও কারণ বলিয়া অভিহিত হয়।

অমৃতঞ্চৈব মৃত্যুশ্চ দ্বয়ং দেহে প্রতিষ্ঠিতং।
মৃত্যুরাপদ্যতে মোহাৎ সত্যেনাপদ্যতেঽমৃতং॥২

শান্তি ১৭৫ অধ্যায়। ৬৫৫২

মৃত্যু ও অমৃত এই দুইটী দেহ মধ্যে সঞ্চরণ করিতেছে; তন্মধ্যে মনুষ্য মোহ প্রভাবে মৃত্যু এবং সত্য প্রভাবে অমৃত লাভ করিয়া থাকে।

রাহুগ্রস্তস্য সোমস্য যথা জ্যোৎস্না ন ভাসতে
তথা তমোভিভূতানাং ভূতানাং নশ্যতে সুখং॥ ২১

শান্তি ১৯০ অধ্যায়। ৬[illegible]

চন্দ্র রাহুগ্রস্ত হইলে তাহার জ্যোৎস্না যেমন প্রকাশিত হয় না, সেইরূপ মনুষ্য অসত্যরূপ অন্ধকারে সমাচ্ছন্ন হইলে তাহার সুখ নষ্ট হইয়া থাকে।

নাস্তি সত্যসমো ধর্ম্মো ন সত্যাদ্বিদ্যতে পরং।
ন হি তীব্রতরং কিঞ্চিদনৃতাদিহ বিদ্যতে ॥২২

সত্যের সমান আর ধর্ম্ম নাই এবং সত্য হইতে প্রকৃষ্ট বস্তুও আর নাই, ইহলোকে মিথ্যার পর তীব্র পদার্থও আর নাই।

এক এব চরেদ্ধর্ম্মং নাস্তি ধর্ম্মে সহায়তা।
কেবলং বিধিমাসাদ্য সহায়ঃ কিং করিষ্যতি ॥২৩

শান্তি ১৯৩ অধ্যায়। ৭০৬৪

একাকী নিয়মানুসারে ধর্ম্মানুষ্ঠান করিবে; ধর্ম্মসাধনে কোন সহায়তার প্রয়োজন নাই। ধর্ম্মের যে বিধি আছে তাহা ধরিয়া কর্ম্ম কর, সহায় তোমার কি করিবে?

ধৃতিঃ ক্ষমা দমোঽস্তেয়ং শৌচমিন্দ্রিয়নিগ্রহঃ।
ধীর্বিদ্যা সত্যমক্রোধো দশকং ধর্ম্মলক্ষণং ॥২৪

মনু ৬। ৯২

ধৃতি, ক্ষমা, দম, অস্তেয়, শৌচ, ইন্দ্রিয়নিগ্রহ, ধী, বিদ্যা, সত্য, অক্রোধ, এই দশটী ধর্ম্মের লক্ষণ।

আর্জ্জবং ধর্ম্মমিত্যাহুরধর্ম্মো জিহ্ম উচ্যতে।
আর্জ্জবেনেহ সংযুক্তো নরো ধর্ম্মেণ যুজ্যতে ॥২৫

অনুশাসন ১৪২ অধ্যায়। ৬৫৩৫

সরলতাকে ধর্ম্ম, এবং কপটতাচরণকে অধর্ম্ম বলাযায়; যে ব্যক্তি সরলতা অবলম্বন করেন, তাঁহার ধর্ম্ম লাভ হয়।

ন ধর্ম্মকালঃ পুরুষস্য নিশ্চিতো
ন চাপি মৃত্যুঃ পুরুষং প্রতীক্ষ্যতে।

সদা হি ধর্ম্মস্য ক্রিয়ৈব শোভনা
যদা নরো মৃত্যুমুখেঽভিবর্ত্ততে ॥ ২৬ ॥

মৃত্যু মনুষ্যের কালাকালের প্রতীক্ষা করে না, অতএব মনুষ্যের ধর্ম্মসাধনের কোন নির্দ্দিষ্ট কাল নাই। মনুষ্য যখন মৃত্যুমুখে স্থিতি করিতেছে, তখন ধর্ম্মানুষ্ঠান সকল সময়েই শোভা পায়।

অদ্যৈব কুরু যচ্ছ্রেয়ো মা ত্বাং কালোঽত্যগাদয়ং
অকৃতেষ্বেব কার্য্যেষু মৃত্যুর্ব্বৈ সংপ্রকর্ষতি ॥২৭

শান্তি ১৭৫ অধ্যায়। ৬৫৩৬

যাহা শ্রেয়স্কর, অদ্যই তাহার অনুষ্ঠান কর, সময়কে বহিয়া যাইতে দিও না। মনুষ্যের কার্য্য সম্পন্ন হইতে না হইতে মৃত্যু তাহাকে আকর্ষণ করিয়া লইয়া যায়।

যস্তু নিত্যং কৃতমতির্ধর্ম্মমেবাভিপদ্যতে।
অশঙ্কমানঃ [কল্যাণি] সোঽমুত্রানন্ত্যমশ্নুতে ॥২৮

বন ৩১। ১৯

যে নিষ্ঠাবান্ ব্যক্তি নিরন্তর অসন্দিগ্ধ চিত্তে ধর্ম্মেরই সেবা করে, সে পরকালে অনন্ত সুখ প্রাপ্ত হয়।

পাপং কুর্ব্বন্ পাপকীর্ত্তিঃ পাপমেবাশ্নুতে ফলং।
পুণ্যং কুর্ব্বন্ পুণ্যকীর্ত্তিঃ পুণ্যমত্যন্তমশ্নুতে ॥২৯

উদ্যোগ ৩৪ অধ্যায়। ১২৪১

মনুষ্য পাপাচরণ করিলে অকীর্ত্তি প্রাপ্ত হয় এবং অশুভ ফল ভোগ করে; পুণ্যানুষ্ঠান করিলে সৎকীর্ত্তি প্রাপ্ত হয় এবং অত্যন্ত শুভ ফল ভোগ করে।

তস্মাৎ পাপং ন কুর্ব্বীত পুরুষঃ শংসিতব্রতঃ।
পাপং প্রজ্ঞাং নাশয়তি ক্রিয়মাণং পুনঃ পুনঃ ॥৩০

উদ্যোগ ৩৪ অধ্যায়। ১২৪২

অতএব পুরুষ দৃঢ়ব্রত হইয়া পাপ করিবে না; পুনঃ পুনঃ পাপ করিলে প্রজ্ঞা নাশ হয়।

পাপমাচক্ষ্যতে নিত্যং হৃদয়ং পাপকর্ম্মিণঃ।
জ্ঞানপূর্ব্বং বিনশ্যন্তি গূহমানা মহাজনে ॥ ৩১

অনুশাসন ১৬২ অধ্যায়। ৭৫৮৮

পাপাত্মাদিগের মনোমধ্যে নিয়ত পাপকার্য্যেরই উদয় হইয়া থাকে। পাপাত্মারা জ্ঞানপূর্ব্বক পাপকার্য্যের অনুষ্ঠান করে ও সজ্জন সমাজে তাহা গোপন করিতে যায়; পরিশেষে স্বয়ং বিনষ্ট হয়।

মন্যতে পাপকং কৃত্বা ন কশ্চিদ্বেত্তি মামতি।
বিদন্তি চৈনং দেবাশ্চ যশ্চৈবান্তরপূরুষঃ ॥৩২

আদি ৭৪। ২৭

পাপাচারী ব্যক্তি পাপ করিয়া মনে করে, আমার পাপ কেহই জানিতেছে না। কিন্তু তাহা দেবতারা জানিয়া থাকেন, এবং অন্তরে যে পুরুষ বসতি করেন, তিনিও তাহা অবগত হয়েন।

একোঽহমস্মীত্যাত্মানং যত্ত্বং কল্যাণ মন্যসে।
নিত্যং স্থিতস্তে হৃদ্যেষ পুণ্যপাপেক্ষিতা মুনিঃ॥৩৩

মনু ৮। ৯১

আমি একাকী আছি, এই যে তুমি মনে করিতেছ, ইহা মনে করিবে না; এই পুণ্যপাপদর্শী পুরুষ তোমার হৃদয়ে নিত্য স্থিতি করিতেছেন।

ত্রিভির্বর্ষৈ স্ত্রিভির্মাসৈস্ত্রিভিঃ পক্ষৈস্ত্রিভির্দ্দিনৈঃ
অত্যুৎকটৈঃ পাপপুণ্যৈরিহৈব ফলমশ্নুতে ॥৩৪

হিত ১২৬

অত্যন্ত উৎকট যে পাপ ও পুণ্য, ইহ লোকেতেই, তিন দিনে, তিন পক্ষে, তিন মাসে, কিম্বা তিন বৎসরে, যখন হউক, তাহার ফল ভোগ করিতে হয়।

পুত্রেষু বা নপ্তৃষু বা ন চেদাত্মনি পশ্যতি।
ফলত্যেব ধ্রুবং পাপং গুরুভুক্তমিবোদরে ॥৩৫

আদি ৮০।৩

গুরু ভোজন করিলে যেমন তাহার ফল ভোগ করিতেই হয়, তদ্রূপ পাপাচরণ করিলে, তাহার ফল যদি আপনাতে নাও দেখা যায়, কিন্তু পুত্রেতে হউক বা পৌত্রেতে হউক, তাহার ফল ফলিবেই ফলিবে।

ধর্ম্মাদপেতং যৎ কর্ম্ম যদ্যপি স্যান্মহাফলং।
ন তৎ সেবেত মেধাবী ন তদ্ধিতমিহোচ্যতে ॥ ৩৬

শান্তি ২৯৫ অধ্যায়। ১০৭৭৭

ধর্ম্মপথ ত্যাগ করিয়া কার্য্যানুষ্ঠান করিলে, তাহাতে যদি মহাফল লাভ হয়, তথাপি বুদ্ধিমান ব্যক্তি তাহাতে প্রবৃত্ত হইবেন না; তাহাকে হিত বলা যায় না।

সর্ব্বমাবৃত্য কর্ত্তব্যং তং ধর্ম্মমনুবর্ত্ততা।
আপৎসু যো ধারয়তি ধর্ম্মং ধর্ম্মবিদুত্তমঃ॥৩৭

আদি ১৫৫ অধ্যায়। ৬০৫৫

সকল অতিক্রম করিয়া ধর্ম্মাচরণই করিবে। আপৎ কালেও যিনি ধর্ম্মকে অবলম্বন করিয়া থাকেন, তিনি ধর্ম্মবিৎদিগের মধ্যে শ্রেষ্ঠ।

দুর্ভিক্ষাদেব দুর্ভিক্ষং ক্লেশাৎ ক্লেশং ভয়াদ্ভয়ং
মৃতেভ্যঃ প্রমৃতং যান্তি দরিদ্রাঃ পাপকারিণঃ॥৩৮

শান্তি ১৮১ অধ্যায়। ৬৭৪৭

পাপাচারী দীনগণ দুর্ভিক্ষ হইতে দুর্ভিক্ষে, ক্লেশ হইতে ক্লেশে, ভয় হইতে ভয়ে, মৃত্যু হইতে মৃত্যুতে পতিত হয়।

উৎসবাদুৎসবং যান্তি স্বর্গাৎ স্বর্গং সুখাৎ সুখং
শ্রদ্দধানাশ্চ দান্তাশ্চ ধনাঢ্যাঃ শুভকারিণঃ॥৩৯

ঐ। ৬৭৪৮

জিতেন্দ্রিয় শ্রদ্ধাবান শুভকারী সম্পন্ন ব্যক্তিগণ উৎসব হইতে উৎসবে, স্বর্গ হইতে স্বর্গে, সুখ হইতে সুখে গমন করেন।

একএব চরেদ্ধর্ম্মং ন ধর্ম্মধ্বজিকো ভবেৎ।
ধর্ম্মবাণিজকা হ্যেতে যে ধর্ম্মমুপভুঞ্জতে॥৪০

অনুশাসন ১৬২ অধ্যায়। ৭৫৯৫

একাকী ধর্ম্মানুষ্ঠান করিবে। ধর্ম্মধ্বজী হওয়া কদাপি বিধেয় নহে। যাহারা ফল উপভোগ করিবার বাসনায় ধর্ম্মানুষ্ঠান করে, তাহারা ধর্ম্মের বণিক্।

ধর্ম্মবাণিজ্যকো হীনো জঘন্যো ধর্ম্মবাদিনাং।
ন ধর্ম্মফলমাপ্নোতি যো ধর্ম্মং দোগ্ধুমিচ্ছতি ॥৪১

বন ৩১। ৫

যে ব্যক্তি ধর্ম্মকে বাণিজ্যস্বরূপ করিয়া তাহা হইতে ফল সংগ্রহ করিতে চায়, সে ধর্ম্মবাদীদিগের মধ্যে হীন ও জঘন্য, সে ধর্ম্মফল প্রাপ্ত হয় না।

কামক্রোধৌ বশে কৃত্বা দম্ভং লোভমনার্জ্জবং।
ধর্ম্ম ইত্যেব সন্তুষ্টাস্তে শিষ্টাঃ শিষ্টসম্মতাঃ ॥৪২

বন ২০৬। ৬২

যাঁহারা কাম ক্রোধ দম্ভ লোভ ও কপটতা-প্রসক্তিকে বশীভূত করিয়া 'ইহা ধর্ম্ম' এই রূপ বোধে সন্তুষ্ট থাকেন, তাঁহারাই শিষ্টগণের সম্মত শিষ্ট লোক।

সুমহান্ত্যপি শাস্ত্রাণি ধারয়ন্তো বহুশ্রুতাঃ।
ছেত্তারঃ সংশয়ানাঞ্চ ক্লিশ্যন্তে লোভমোহিতাঃ ॥৪৩

হিত ৬৬

যাঁহারা বহু ধর্ম্ম কথা শ্রবণ করিয়াছেন, এমন পণ্ডিতেরা মহাশাস্ত্র সকল অবলম্বন করিয়াও এবং ধর্ম্ম বিষয়ক সংশয় সকল খণ্ডন করিতে সমর্থ হইয়াও লোভে পড়িয়া ক্লেশ প্রাপ্ত হয়েন।

লোভাৎ ক্রোধঃ প্রভবতি লোভাৎ কামঃ প্রজায়তে
লোভান্মোহশ্চ নাশশ্চ লোভঃ পাপস্য কারণং ॥৪৪

ঐ ৬৭

লোভ হইতে ক্রোধ হয়, লোভ হইতে কাম জন্মে, লোভ হইতে মোহ ও বিনাশ হয়; লোভই পাপের কারণ।

লোভেন বুদ্ধিশ্চলতি লোভো জনয়তে তৃষাং।
তৃষ্ণার্ত্তো দুঃখমাপ্নোতি পরত্রেহ চ মানবঃ ॥৪৫

হিত ৬৮

লোভেতে বুদ্ধি বিচলিত হয়, লোভে তৃষ্ণা জন্মায়, তৃষ্ণাপীড়িত ব্যক্তি ইহ লোকে ও পরলোকে দুঃখ পায়।

মত্তঃ প্রমত্তশ্চোন্মত্তঃ শ্রান্তঃ ক্রুদ্ধো বুভুক্ষিতঃ।
লুব্ধো ভীরুস্ত্বরাযুক্তঃ কামুকশ্চ ন ধর্ম্মবিৎ ॥৪৬

হিত ৬৪৮

মদিরা পানাদি দ্বারা মত্ত, অকৃতাবধান, বাতুল, ভ্রমযুক্ত, রুষ্ট, ক্ষুধাতুর, লোভী, ভীরু, ব্যস্ত ও কামাতুর, ইহারা ধর্ম্ম জ্ঞান লাভে সমর্থ হয় না।

বিপত্তিষ্বব্যথো দক্ষো নিত্যমুত্থানবান্নরঃ।
অপ্রমত্তো বিনীতাত্মা নিত্যং ভদ্রাণি পশ্যতি ॥৪৭

সভাপর্ব্ব ৫৩। ১৯৪১

যিনি বিপৎ কালে ব্যথিত হয়েন না, যিনি কর্ম্মদক্ষ, সদা উদ্যোগী, প্রমাদরহিত ও বিনীতস্বভাব, তিনি সর্ব্বদা কুশল দর্শন করেন।

অনভ্যাহতচিত্তঃ স্যাদনভ্যাহতবাগ্ভবেৎ।
নির্ম্মুক্তঃ সর্ব্বপাপেভ্যো নিরমিত্রস্য কিংভয়ং ॥৪৮

শান্তি ২৪৫। ৮৯৩০

চিত্ত ও বাক্যের দোষ পরিহার করিবে; সর্ব্বপ্রকার পাপ হইতে মুক্ত হইবে; যাহার শত্রু নাই তাহার ভয়ের বিষয় কি?

যৎকল্যাণমভিধ্যায়েত্তত্রাত্মানং নিয়োজয়েৎ।
ন পাপে প্রতিপাপঃ স্যাৎ সাধুরেব সদা ভবেৎ॥৪৯

যাহাতে আপনার কল্যাণ জানিবে, তাহাতেই নিযুক্ত থাকিবে; পাপীর প্রতি পাপাচরণ করিবে না; সর্ব্বদা সাধুই থাকিবে।

অদ্রোহঃ সর্ব্বভূতেষু কর্ম্মণা মনসা গিরা।
অনুগ্রহশ্চ দানঞ্চ সতাং ধর্ম্মঃ সনাতনঃ॥৫০

বন ২৯৬। ৩৪

মন বাক্য ও চেষ্টাতে কাহারো অনিষ্ট না করা, সদয় ব্যবহার ও দান, সাধুদিগের এই সনাতন ধর্ম্ম।

সত্যং মৃদু প্রিয়ং বাক্যং ধীরো হিতকরং বদেৎ।
আত্মোৎকর্ষং তথা নিন্দাং পরেষাং পরিবর্জ্জয়েৎ॥৫১

মহানির্ব্বাণ ৮। ৬২

ধীর ব্যক্তি সত্য মৃদু প্রিয় ও হিতকর বাক্য বলিবেন এবং আত্মপ্রশংসা ও পর নিন্দা পরিত্যাগ করিবেন।

ন হীদৃশং সম্বদনং ত্রিষু লোকেষু বিদ্যতে।
দয়া মৈত্রী চ ভূতেষু দানঞ্চ মধুরা চ বাক্॥৫২

আদিপর্ব্ব ৮৭। ১২

সর্ব্ব প্রাণীর প্রতি দয়া, মৈত্রী, দান ও মধুর বাক্য, এই চতুষ্টয়ের তুল্য সম্বল ত্রিভুবনের মধ্যে আর নাই।

ন চক্ষুষা ন মনসা ন বাচা দূষয়েদপি।
ন প্রত্যক্ষং পরোক্ষং বা দূষণং ব্যাহরেৎ ক্বচিৎ॥৫৩

শান্তি ২৭৮। ৯৯৭০

বাক্য মন ও ইঙ্গিত দ্বারা প্রত্যক্ষে বা পরোক্ষে কোন ব্যক্তির নিন্দা করিবেক না।

ন হিংস্যাৎ সর্ব্বভূতানি মৈত্রায়ণগতশ্চরেৎ।
নেদং জীবিতমাসাদ্য বৈরং কুর্ব্বীত কেনচিৎ॥৫৪

ঐ ৯৯৭১

কাহারো হিংসা করিবে না; সকলের সহিত মিত্রতা করিবে; এই জীবন ধারণ করিয়া কাহারো সহিত বিবাদ করিবে না।

অতিবাদাংস্তিতিক্ষেত নাভিমন্যেত কিঞ্চন।
ক্রোধ্যমানঃ প্রিয়ং কুর্য্যাদাক্রুষ্টঃ কুশলংবদেৎ॥৫৫

শান্তি ২৭৮। ৯৯৭২

পরের অত্যুক্তি সকল সহ্য করিবে; অভিমান করিবে না; কেহ তোমার ক্রোধ উদ্দীপনের চেষ্টা করিলে তাহার প্রতি প্রিয় বাক্য কহিবে; কেহ তোমার প্রতি আক্রোশ করিলে তাহার প্রতি হিতবাক্য প্রয়োগ করিবে।

অনার্য্যবৃত্তমপ্রাজ্ঞমসূয়কমধার্ম্মিকং।
অনর্থাঃক্ষিপ্রমায়ান্তি বাগ্‌দুষ্টং ক্রোধনং তথা॥৫৬

উদ্যোগ ৩৭। ১৪৩৩

অসচ্চরিত্র অপ্রাজ্ঞ অসূয়াপরায়ণ অধার্ম্মিক দুষ্টভাষী ও কোপনস্বভাব ব্যক্তির শীঘ্র অনর্থ উপস্থিত হয়।

নাক্রোশী স্যান্নাবমানী পরস্য
মিত্রদ্রোহী নোত নীচোপসেবী।
ন চাভিমানী ন চ হীনবৃত্তো
রুক্ষাং বাচমুষতীং বর্জ্জয়ীত॥ ৫৭

উদ্যোগ ৩৫। ১২৬৫

আক্রোশ, অবমাননা, মিত্রদ্রোহ, নীচ সেবা, অভিমান, ও অনাচার করিবে না। পীড়াকর রুক্ষ বাক্য বর্জ্জন করিবে।

বৃত্তং যত্নেন সংরক্ষেদ্বিত্তমেতি চ যাতি চ।
অক্ষীণো বিত্ততঃ ক্ষীণো বৃত্ততস্তু হতোহতঃ॥৫৮

ঐ ১২৮৯

যত্ন সহকারে চরিত্র রক্ষা করিবে। ধনের আগম ও নির্গম নিরন্তর হইয়া থাকে; ধন বিষয়ে ক্ষীণ হইলে ক্ষীণ বলা যায় না; যে ব্যক্তি চরিত্র বিষয়ে হত হয়, সে বাস্তবিক হত হয়।

ত্রীণ্যেব তু সতামাহুঃ সন্তঃ পদমনুত্তমং।
ন চৈব দ্রুহ্যেদ্দদ্যাচ্চ সত্যং চৈব সদা বদেৎ।
সর্ব্বত্র চ দয়াবন্তঃ সন্তঃ করুণবেদিনঃ।
গচ্ছন্তীহ সুসন্তুষ্টা ধর্ম্ম্যং পন্থানমুত্তমং॥৫৯

বন ২০৬। ৯৩-৯৪

কখন পরের অনিষ্ট চিন্তা করিবে না, দান করিবে

ও সত্য কথা কহিবে; সাধুগণ এই ত্রিবিধ ব্যবহারকে সৎপথ বলিয়া নির্দ্দেশ করেন। শিষ্টাচারসম্পন্ন মহাত্মারা সর্ব্বত্র দয়াবান্ ও সন্তুষ্ট হইয়া উত্তম ধর্ম্ম মার্গে বিচরণ করেন।

দান্তঃ শমপরঃ শশ্বৎ পরিক্লেশং ন বিন্দতি।
ন চ তপ্যতি দান্তাত্মা দৃষ্ট্বা পরগতাং শ্রিয়ং॥৬০

বন ২৫৮। ২২

যিনি ইন্দ্রিয় ও মন সংযম করিয়াছেন, তিনি আর ক্লেশ প্রাপ্ত হয়েন না। দান্ত ব্যক্তি পরশ্রী দর্শন করিয়া কখন কাতর হয়েন না।

সংবিভক্তা চ দাতা চ ভোগবান্ সুখবান্নরঃ।
ভবত্যহিংসকশ্চৈব পরমারোগ্যমশ্নুতে॥ ৬১

বন ২৫৮। ২৩

যিনি সংবিভাগকর্ত্তা, দাতা, অহিংসক এবং সুখ ও ভোগসম্পন্ন, তিনি পরম আরোগ্য লাভ করেন।

মানং হিত্বা প্রিয়ো ভবতি ক্রোধং হিত্বা ন শোচতি।
কামং হিত্বার্থবান্ ভবতি লোভংহিত্বা সুখী ভবেৎ
॥ ৬২

বন ৩১২। ৭৩

অভিমান পরিত্যাগ করিলে প্রিয় হয়, ক্রোধ ত্যাগ করিলে শোক করিতে হয় না, কামনা ত্যাগ করিলে অর্থবান্ হয় এবং লোভ ত্যাগ করিলে সুখী হয়।

একো ধর্ম্মঃ পরং শ্রেয়ঃ ক্ষমৈকা শান্তিরুত্তমা।

বিদ্যৈকা পরমা তৃপ্তিরহিংসৈকা সুখাবহা ॥ ৬৩

উদ্যোগ ৩২। ১০২২

ধর্ম্মই একমাত্র শ্রেয়ঃ, ক্ষমাই একমাত্র শান্তি, বিদ্যা একমাত্র তৃপ্তি এবং অহিংসাই একমাত্র সুখের নিদান।

ন সীদন্নপি ধর্ম্মেণ মনোঽধর্ম্মে নিবেশয়েৎ।
অধার্ম্মিকাণাং পাপানামাশু পশ্যন্ বিপর্য্যয়ং ॥ ৬৪

মনু ৪। ১৭১

ধর্ম্মপথে থাকিয়া নিতান্ত অবসন্ন হইলেও, অধার্ম্মিক পাপীদিগের আশু বিপর্য্যয় অর্থাৎ সুখ দেখিয়া, অধর্ম্মে মনোনিবেশ করিবে না।

অধর্ম্মেণৈধতে তাবত্ততো ভদ্রাণি পশ্যতি।
ততঃ সপত্নান্ জয়তি সমূলস্তু বিনশ্যতি ॥ ৬৫

মনু ৪। ১৭৪ বন ৯৪। ৪

অধর্ম্ম দ্বারা প্রথমে বৃদ্ধি প্রাপ্ত হয়, পরে নানা প্রকার স্বচ্ছন্দতা দেখিতে পায়, পরে শত্রুদিগকেও জয় করে; কিন্তু পরিশেষে সমূলে বিনাশ প্রাপ্ত হয়।

অধার্ম্মিকো নরো যোহি যস্য চাপ্যনৃতং ধনং।
হিংসারতশ্চ যো নিত্যং নেহাসৌ সুখমেধতে ॥ ৬৬

মনু ৪। ১৭০

যে ব্যক্তি অধর্ম্মাচারী, মিথ্যা ব্যবহার যাহার ধনলাভের উপায়, যে পরহিংসাতে রত, সে ইহ লোকে সুখ প্রাপ্ত হয় না।

মৃষাবাদং পরিহরেৎ কুর্য্যাৎ প্রিয়মযাচিতঃ।
ন চ কামান্ন সংরম্ভান্ন দ্বেষাদ্ধর্ম্ম মুৎসৃজেৎ ॥৬৭

বন ২০৬। ৪১

মিথ্যা বাক্য পরিহার করিবে, অযাচিত হইয়াও অন্যের হিতকার্য্য সাধন করিবে; কাম ক্রোধ ও দ্বেষের বশবর্ত্তী হইয়া ধর্ম্ম ত্যাগ করিবে না।

সত্যধর্ম্মার্য্যবৃত্তেষু শৌচেচৈব রমেৎ সদা।
শিষ্যাংশ্চ শিষ্যাদ্ধর্ম্মেণ বাগ্বাহূদরসংযতঃ ॥ ৬৮

মনু ৪। ১৭৫ হিত ১৭৫

সত্য, ধর্ম্ম, সদাচার ও শুচিতা বিষয়ে সতত অভিলাষ করিবে; শিষ্য (পত্নী পুত্র ছাত্র ও ভৃত্য) দিগকে ধর্ম্মানুসারে শাসন করিবে; বাক্য সংযম, বাহু সংযম ও উদর সংযম দ্বারা সংযত হইবে।

প্রিয়ে নাতিভৃশং হৃষ্যেদপ্রিয়ে ন চ সংজ্বরেৎ।
ন মুহ্যেদর্থকৃচ্ছ্রেষু নচ ধর্ম্মং পরিত্যজেৎ ॥৬৯

বন ২০৬। ৪২

প্রিয় ঘটনাতে অতিমাত্র হৃষ্ট হইবে না, অপ্রিয় ঘটনাতেও একান্ত ম্রিয়মাণ হইবে না, অর্থকষ্ট উপস্থিত হইলে মুহ্যমান হইবে না, এবং ধর্ম্ম পরিত্যাগ করিবে না।

সতাং সদা শাশ্বতধর্ম্মবৃত্তিঃ
সন্তো ন সীদন্তি ন চ ব্যথন্তে।

সতাং সদ্ভির্নাফলঃ সঙ্গমোঽস্তি
সদ্ভ্যো ভয়ং নানুবর্ত্তন্তি সন্তঃ ॥৭০

বন ২৯৬। ৪৬

সজ্জনের ধর্ম্ম বৃত্তি চিরকালই সমান ; সজ্জনেরা অবসন্ন বা ব্যথিত হয়েন না ; সজ্জনের সহিত সজ্জনের সমাগম বিফল হয় না ; সজ্জনেরা সজ্জনের নিকট ভীত হয়েন না।

আত্মন্যপি ন বিশ্বাসস্তথা ভবতি সৎসু যঃ।
তস্মাৎ সৎসু বিশেষেণ সর্ব্বঃ প্রণয়মিচ্ছতি ॥
সৌহৃদাৎ সর্ব্বভূতানাং বিশ্বাসো নাম জায়তে।
তস্মাৎ সৎসু বিশেষেণ বিশ্বাসং কুরুতে জনঃ ॥৭১

ঐ ৪১-৪২

সাধু ব্যক্তিদিগকে যতদূর বিশ্বাস করা যায়, আপনার প্রতিও তত বিশ্বাস হয় না। সাধুগণ সর্ব্বভূতের সুহৃৎ ; এই নিমিত্ত সকলেই সাধু ব্যক্তির উপরে বিশ্বাস ও প্রণয় স্থাপন করিতে অভিলাষী হয়।

ন চ প্রসাদঃ সৎপুরুষেষু মোঘো
ন চাপ্যর্থো নশ্যতি নাপি মানঃ।
যস্মাদেতন্নিয়তং সৎসু নিত্যং
তস্মাৎ সন্তো রক্ষিতারো ভবন্তি ॥৭২

ঐ ৪৯

সাধুগণের প্রসাদ কখন বিফল হয় না এবং তাহাদিগের নিকটে অর্থ বা মানের হানি হয় না। প্রত্যুত প্রসাদ অর্থ ও মান, এই তিনই সাধু সমীপে অব্যাহত

থাকে, অতএব সাধুগণ সকলের রক্ষাকর্ত্তা বলিয়া গণ্য হইয়া থাকেন।

নিত্যং ক্রোধাত্তপোরক্ষেৎ শ্রিয়ংরক্ষেচ্চ মৎসরাৎ।
বিদ্যাংমানাবমানাভ্যামাত্মানন্তু প্রমাদতঃ ॥ ৭৩

শান্তি ৩৩১। ১২৪৩২

ক্রোধ হইতে তপস্যাকে, মৎসরতা হইতে আত্মশ্রীকে, মানাপমান হইতে বিদ্যাকে এবং প্রমাদ হইতে আত্মাকে রক্ষা করিবেক।

ন পণ্ডিতঃ ক্রুধ্যতি নাভিপদ্যতে
ন চাপি সংসীদতি ন প্রহৃষ্যতি।
ন চাতিকৃচ্ছ্র ব্যসনেষু শোচতে
স্থিতঃ প্রকৃত্যা হিমবানিবাচলঃ ॥ ৭৪

শান্তি ২২৬। ৮২০২

পণ্ডিতগণ কখন ক্রুদ্ধ, বিষয়াসক্ত, অবসন্ন বা অতি হৃষ্ট হয়েন না। তাঁহারা স্বভাবতঃ হিমালয়ের ন্যায় অচল হইয়া থাকেন।

যমর্থসিদ্ধিঃ পরমা ন হর্ষয়ে-
ত্তথৈব কালে ব্যসনং ন মোহয়েৎ।
সুখঞ্চ দুঃখঞ্চ তথৈব মধ্যমং
নিষেবতে যঃ স ধুরন্ধরো নরঃ ॥ ৭৫

ঐ ৮২০৩

বহুল অর্থসিদ্ধি যাহারে হৃষ্ট করিতে পারে না, যিনি ব্যসন কালেও মুগ্ধ হয়েন না, যিনি অবচলিত চিত্তে সুখ

জনক, দুঃখ জনক ও সুখ-দুঃখ-মিশ্রিত অবস্থা ভোগ করেন, তাঁহাকেই ধুরন্ধর বলা যায়।

নাভিনন্দেত মরণং নাভিনন্দেত জীবিতং।
কালমেব প্রতীক্ষেত নির্দ্দেশং ভৃতকো যথা ॥৭৬

মনু ৬। ৪৫

মরণকেও ইচ্ছা করিবে না এবং জীবনকেও ইচ্ছা করিবে না; কালকেই প্রতীক্ষা করিয়া থাকিবে, যেমন কর্ম্মচারী ব্যক্তি ভৃতি লাভের কালকে প্রতীক্ষা করে।

প্রজ্ঞয়া মানসং দুঃখং হন্যাৎ শারীরমৌষধৈঃ।
ন শোচন্তি কৃতপ্রজ্ঞাঃ পশ্যন্তঃ পরমাং গতিং ॥৭৭

শান্তি ৩৩২। ১২৪৯৪

জ্ঞান দ্বারা মানসিক দুঃখ এবং ঔষধ দ্বারা শারীরিক দুঃখ বিনষ্ট করিবে। কৃতবুদ্ধি ব্যক্তিরা পরম গতিকে প্রতীতি করিয়া আর শোক করেন না।

নাস্তি বিদ্যাসমং চক্ষুর্নাস্তি সত্যসমং তপঃ।
নাস্তি রাগসমং দুঃখং নাস্তি ত্যাগসমং সুখং ॥৭৮

শান্তি ১৭৫। [illegible]৭

বিদ্যার সমান চক্ষু নাই, সত্যের সমান [illegible]স্যা নাই, বিষয়াসক্তির ন্যায় দুঃখ নাই এবং পরোপকারাদির ন্যায় সুখ নাই।

আনৃশংস্যং পরো ধর্ম্মঃ ক্ষমাচ পরমং বলং।
আত্মজ্ঞানং পরংজ্ঞানং সত্যং ব্রতপরং ব্রতং ॥৭৯

বন ২১২। ৩১

অনৃশংসতাই উৎকৃষ্ট ধর্ম্ম, ক্ষমাই পরম বল, আত্ম-জ্ঞানই প্রধান জ্ঞান, এবং সত্যই পরম পবিত্র ব্রত।

সত্যমেব ব্রতং যস্য দয়া দীনেষু সর্ব্বদা ॥
কামক্রোধৌ বশে যস্য তেন লোকত্রয়ং জিতং॥৮০

মহানির্ব্বাণ ৮। ৬৫

সত্যই যাঁহার ব্রত, সর্ব্বদা দীনেতে যাঁহার দয়া এবং কাম ক্রোধ যাঁহার বশীভূত, তাঁহার দ্বারা তিন লোক জিত হইয়াছে।

বিরক্তঃ পরদারেষু নিস্পৃহঃ পরবস্তুষু।
দম্ভমাৎসর্য্যহীনো যস্তেন লোকত্রয়ং জিতং ॥৮১

ঐ ৬৬

যিনি পরস্ত্রীতে বিরত, পরদ্রব্যে নিস্পৃহ ও দম্ভমাৎসর্য্য হীন হয়েন, তাঁহার দ্বারা তিন লোক জিত হইয়াছে।

জ্ঞানিনা লোকযাত্রায়ৈ সর্ব্বত্রসমদৃষ্টিনা।
ক্রিয়ন্তে যেন কর্ম্মাণি তেন লোকত্রয়ং জিতং ॥৮২

ঐ ৬৯

লোকযাত্রা নির্ব্বাহ কালে যে জ্ঞানবান ব্যক্তি সর্ব্বত্র সমদৃষ্টি পূর্ব্বক কর্ম্ম করেন, তাঁহার দ্বারা তিন লোক জিত হইয়াছে।

আক্রোশন্তং স্তুবন্তঞ্চ তুল্যং পশ্যন্তি যে নরাঃ।
শান্তাত্মানো জিতাত্মানস্তে নরাঃ স্বর্গগামিনঃ ॥৮৩

ঐ

যে সকল মনুষ্য স্তবকারী ও নিন্দাকারী উভয়কেই তুল্যরূপ দর্শন করেন, সেই শান্তাত্মা ও জিতাত্মা মানবগণ স্বর্গগামী হয়েন।

জলাশয়াশ্চ বৃক্ষাশ্চ বিশ্রামগৃহমধ্বনি।
সেতুঃ প্রতিষ্ঠিতো যেন তেন লোকত্রয়ংজিতং॥৮৪

মহানির্ব্বাণ ৮। ৬৩

পথিমধ্যে জলাশয়, বৃক্ষ, বিশ্রামগৃহ এবং সেতু যিনি প্রতিষ্ঠা করেন, তাঁহা দ্বারা তিন লোক জিত হইয়াছে।

ত্যজেৎ কুলার্থে পুরুষং গ্রামস্যার্থে কুলং ত্যজেৎ
গ্রামং জনপদস্যার্থে আত্মার্থে পৃথিবীং ত্যজেৎ॥৮৫

সভা ৫৯। ১১ উদ্যোগ ৩৬। ১৩৫০

কুল রক্ষার নিমিত্ত একজনকে পরিত্যাগ করিবে, গ্রাম রক্ষার নিমিত্ত কুলকে পরিত্যাগ করিবে, জনপদ রক্ষার নিমিত্ত গ্রাম পরিত্যাগ করিবে এবং আত্মা রক্ষার নিমিত্ত পৃথিবীকে পরিত্যাগ করিবে।

ন জানপদিকং দুঃখমেকঃ শোচিতুমর্হতি।
অশোচন্ প্রতিকুর্ব্বীত যদি পশ্যেৎপরাক্রমং॥৮৬

স্ত্রী-পর্ব্ব ২। ৭২

সাধারণভোগ্য যে দুঃখ, তন্নিমিত্ত এক ব্যক্তি শোক করিবে না; শোক প্রবল হইলে, শোক ত্যাগ করিয়া, তাহার প্রতিকার করিবে।

পূর্ব্বে বয়সি তৎ কুর্য্যাৎ যেন বৃদ্ধঃ সুখং বসেৎ।
যাবজ্জীবেন তৎ কুর্য্যাৎ যেনামুত্র সুখং বসেৎ॥৮৭

উদ্যোগ ৩৪। ১২৫০

প্রথম বয়সে সেই কর্ম্ম করিবে যদ্দ্বারা বৃদ্ধকালে সুখে থাকিতে পারে। যাবজ্জীবন সেই কর্ম্ম করিবে, যদ্দ্বারা পরলোকে সুখী হইতে পারে।

ঈর্ষু ঘৃণী ত্বসন্তুষ্টঃ ক্রোধনো নিত্যশঙ্কিতঃ।
পরভাগ্যোপজীবী চ ষড়েতে নিত্যদুঃখিতাঃ॥৮৮

ঐ ৩২। ১০৫৬

ঈর্ষাযুক্ত, ঘৃণাযুক্ত, অসন্তুষ্ট, ক্রোধী, সর্ব্বদা ভয়াম্বিত, পরের ধনে যাহার জীবন নির্ব্বাহ হয়, ইহারা নিত্যই দুঃখী।

বুদ্ধিঃ প্রভাবস্তেজশ্চ সত্ত্বমুত্থানমেব চ।
ব্যবসায়শ্চ যস্য স্যাৎ তস্যাবৃত্তিভয়ং কুতঃ॥৮৯

ঐ ৩৬। ১৩৭৪

বুদ্ধি, প্রভাব, তেজ, বল, উদ্যম, ব্যবসায়, এই সকল যাহার আছে, তাহার জীবিকার অভাবের ভয় কোথায়।

অর্থে সিদ্ধিং পরামিচ্ছন্ ধর্ম্মমেবাদিতশ্চরেৎ।
ন হি ধর্ম্মাদপৈত্যর্থঃ স্বর্গলোকাদিবামৃতং॥ ৯০

ঐ ৩৬। ১৩৮১

অর্থ বিষয়ে সিদ্ধি ইচ্ছা করিয়া ধর্ম্মাচরণই করিবে। ধর্ম্ম ব্যতিরেকে অর্থ লাভ হয় না, যেমন স্বর্গ ব্যতীত অমৃত প্রাপ্ত হওয়া যায় না।

অব্যাপারঃ পরার্থেষু নিত্যোদ্যোগঃ স্বকর্ম্মসু।
রক্ষণং সমুপাত্তানামেতদ্বৈ ভবলক্ষণং ॥ ৯১

সভা ৫৩। ৭

পরধনে লোভ না করা, স্ব কর্ম্মে নিত্য উদ্যম এবং লব্ধ ধনের রক্ষণ, ইহাই কল্যাণের লক্ষণ।

বাচ্যর্থা নিয়তাঃ সর্ব্বে বাঙ্‌মূলা বাগ্‌বিনিসৃতাঃ
তাস্তু যঃ স্তেনয়েদ্বাচং স সর্ব্বস্তেয়কৃন্নরঃ ॥ ৯২

মনু ৪। ২৫৬

বাক্য দ্বারাই সকল পদার্থ নিয়মিত করা হয়, যে মিথ্যা দ্বারা সেই বাক্য চুরী করে, সে সকল পদার্থ চুরী করে।

যোঽন্যথা সন্তমাত্মানমন্যথা সৎসু ভাষতে।
স পাপকৃত্তমো লোকে স্তেন আত্মাপহারকঃ ॥ ৯৩

ঐ ২৫৫

যে ব্যক্তি এক প্রকার হইয়া ভদ্র সমাজে আপনাকে অন্য প্রকারে কহে, সে সর্ব্বাপেক্ষা পাপী, সে আত্মাপহারী চোর।

শত্রোরপি গুণা বাচ্যা দোষা বাচ্যা গুরোরপি।
সর্ব্বথা সর্ব্বযত্নেন পুত্রে শিষ্যে হিতং বদেৎ ॥ ৯৪

বিরাট ৬৯। ১৪

শত্রুর যে গুণ তাহা বলিবে, গুরুলোকেরও যে দোষ তাহা বলিবে; সর্ব্ব প্রযত্নে পুত্র ও শিষ্যকে হিতোপদেশ প্রদান করিবে।

ধর্ম্মধ্বজী সদা লুব্ধশ্ছাদ্মিকো লোকদম্ভকঃ।
বৈড়ালব্রতিকো জ্ঞেয়ো হিংস্রঃ সর্ব্বাভিসন্ধকঃ ॥ ৯৫

মনু ৪। ১৯৫

যিনি ধর্ম্ম দেখাইয়া বেড়ান, যিনি পরধনে লোলুপ, ছদ্মবেশধারী, লোকবঞ্চক, হিংসাপরায়ণ, সর্ব্বাভিসন্ধক (পরের গুণ সহিতে না পারিয়া সকলকে তুচ্ছকারী) ইহাদিগকে বৈড়ালব্রতিক কহা যায়।

পরোপদেশে পাণ্ডিত্যং সর্ব্বেষাং সুকরং নৃণাং।
ধর্ম্মে স্বীয়মনুষ্ঠানং কস্যচিৎ সুমহাত্মনঃ ॥ ৯৬

হিত ১৪৫

পরকে উপদেশ দিতে সকলের পাণ্ডিত্য হয়, স্বীয় ধর্ম্মানুষ্ঠান কোন কোন মহাত্মা লোকেরই হয়।

নতু কশ্চিন্নয়েৎ প্রাজ্ঞো গৃহীত্বৈব করে নরং।
উচ্যমানস্তু ধর্ম্মেণ সর্ব্বলোকভয়চ্ছলে ॥৯৭

অনুশা ১৬৪। ৭৬২০

কেহ কাহারে বলপূর্ব্বক ধর্ম্মে প্রবর্ত্তিত করিতে পারে না। অধার্ম্মিকেরা পণ্ডিতগণ কর্ত্তৃক বল পূর্ব্বক উপদিষ্ট হইলে লোক ভয় বশত ছল ধর্ম্মের অনুষ্ঠান করে।

প্রিয়বচনবাদী প্রিয়োভবতি
বিমৃশিতকার্য্যকরোঽধিকং জয়তি।
বহুমিত্রকরঃ সুখং বসতে
যশ্চ ধর্ম্মরতঃ স গতিং লভতে ॥ ৯৮

বন পর্ব্ব

প্রিয়বাদী সকলের প্রিয় হয়, বিমৃশ্যকারী ব্যক্তি অধিকতর জয়লাভ করে, বহু মিত্রশালী ব্যক্তি সতত

সুখে বাস করে এবং ধর্ম্মরত ব্যক্তি সদ্‌গতি লাভ করিয়া থাকে।

অহিংসা সত্যবচনমানৃশংস্যমথার্জ্জবং।
অদ্রোহোঽনভিমানশ্চ হ্রীস্তিতিক্ষা দমঃ শমঃ।
ধীমন্তো ধৃতিমন্তশ্চ ভূতানামনুকম্পকাঃ।
অকামদ্বেষসংযুক্তাস্তে সন্তো লোকসাক্ষিণঃ।
সর্ব্বত্রচ দয়াবন্তঃ সন্তঃ করুণবেদিনঃ।
গচ্ছন্তীহ সুসন্তুষ্টা ধর্ম্মোপস্থানমুত্তমং।
শিষ্টাচারা মহাত্মানো যেষাং ধর্ম্মঃ সুনিশ্চিতঃ॥৯৯

বন ২০৬। ৯১-৯৪

যাহারা অহিংসাপরায়ণ, সত্যবাদী, অনৃশংস, সরল, অদ্রোহী, অনভিমানী, হ্রীমান, তিতিক্ষু, ধীমান, ধৃতিমান, সর্ব্বভূতে দয়াবান্ ও কামদ্বেষবর্জ্জিত, তাহারাই সাধু; লোকসাক্ষী, সুনিশ্চিতধর্ম্মী, শিষ্টাচারসম্পন্ন, সেই সকল মহাত্মা সর্ব্বত্র দয়াবান্ ও সন্তুষ্টমনা হইয়া উত্তম ধর্ম্ম লাভ করেন।

প্রত্যক্ষধর্ম্মা ভগবান্ যস্য তুষ্টো হি কর্ম্মভিঃ।
সফলং তস্য জন্মাহং মন্যে সদ্ধর্ম্মচারিণঃ॥ ১০০

বন ২৫৯। ২

ধর্ম্মসাক্ষী ঈশ্বর যাহার কর্ম্মে পরিতুষ্ট, সেই ধর্ম্মাচারী ব্যক্তিরই জন্ম সফল।

# দ্বিতীয় অধ্যায়।

(সংযম)

রথঃ শরীরং পুরুষস্য দৃষ্টং
আত্মা নিয়ন্তেন্দ্রিয়াণ্যাহুরশ্বান্।
তৈরপ্রমত্তঃ কুশলী সদশ্বৈ
র্দান্তৈঃ সুখং যাতি রথীব ধীরঃ॥ ১

(উদ্যোগ ৩৩) বন ২১০। ২৩

পুরুষের শরীর রথ, আত্মা নিয়ন্তা এবং ইন্দ্রিয় সকল অশ্ব স্বরূপ। ধীর ব্যক্তি অপ্রমত্ত হইয়া বশীকৃতসদশ্বযোজিত-রথাধিরূঢ় রথীর ন্যায় ইন্দ্রিয়গণ দ্বারা পরম সুখে সঞ্চরণ করেন।

ষড়িন্দ্রিয়াণি বিষয়ং সমাগচ্ছন্তি বৈ যদা।
তদা প্রাদুর্ভবেত্তেষাং পূর্ব্বসঙ্কল্পজং মনঃ॥ ২

বন ২। ৬৬

ইন্দ্রিয়গণ স্ব স্ব বিষয় প্রাপ্ত হইলেই তাহাদের নিকট পূর্ব্ব-সঙ্কল্প-জনিত মনের প্রাদুর্ভাব হইয়া উঠে।

মনো যস্যেন্দ্রিয়স্যেহ বিষয়ান্ যাতি সেবিতুং।
তস্যৌৎসুক্যং সম্ভবতি প্রবৃত্তিশ্চোপজায়তে॥ ৩

ঐ ৬৭

মূঢ় ব্যক্তির মন যখন ইন্দ্রিয়-বিষয় ভোগে ধাবিত হয়, তৎকালে তাহার ঔৎসুক্য ও প্রবৃত্তি বৃদ্ধি পায়।

ততঃ সঙ্কল্পবীজেন কামেন বিষয়েষুভিঃ।
বিদ্ধঃ পততি লোভাগ্নৌ জ্যোতির্লোভাৎ পতঙ্গবৎ
॥ ৪

বন ২। ৬৮

তদনন্তর, পতঙ্গ যেমন জ্যোতির লোভে অগ্নিতে পতিত হয়, তদ্রূপ ঐ মূঢ় সঙ্কল্পবীজভূত কামনা কর্তৃক বিষয়শরে বিদ্ধ হইয়া লোভাগ্নিতে পতিত হয়।

ততো বিহারৈরাহারৈ র্মোহিতশ্চ যথেচ্ছয়া।
মহামোহে সুখে মগ্নো নাত্মানমববুধ্যতে ॥৫

ঐ ৬৯

পরে যথেচ্ছ আহার বিহারে মুগ্ধ হইয়া ভোগ সুখে এমনি নিমগ্ন হইয়া থাকে যে আপনার অবস্থা বুঝিতেও সমর্থ হয় না।

শিশ্নোদরকৃতেঽপ্রাজ্ঞঃ করোতি বিঘসং বহু।
মোহরাগবশাক্রান্ত ইন্দ্রিয়ার্থবশানুগঃ ॥ ৬

ঐ ৬৪

মোহ রাগ ও ইন্দ্রিয়-বিষয়ের বশবর্ত্তী মূঢ় লোক শিশ্নোদর-পরায়ণ হইয়া জীবন ধারণ করে।

হ্রিয়তে বধ্যমানোঽপি নরো হারিভিরিন্দ্রিয়ৈঃ।
বিমূঢ়সংজ্ঞো দুষ্টাশ্বৈরুদ্ভ্রান্তৈরিবসারথিঃ ॥ ৭

ঐ ৬৫

যেমন দুষ্ট অশ্ব সারথিকে কুপথে লইয়া যায়, তদ্রূপ ইন্দ্রিয়গণ ভ্রান্তচেতা মনুষ্যকে কুপথগামী করে।

ইন্দ্রিয়াণাং নিরোধেন রাগদ্বেষক্ষয়েণ চ।
অহিংসয়া চ ভূতানামমৃতত্বায় কল্পতে ॥ ৮

মনু ৬। ৬০

ইন্দ্রিয়সংযম, রাগদ্বেষাদির ক্ষয় ও প্রাণী মাত্রের অহিংসা দ্বারা মনুষ্য অমৃতত্ব লাভের যোগ্য হয়।

ন জাতু কামঃ কামানামুপভোগেন শাম্যতি।
হবিষা কৃষ্ণবর্ত্মেব ভূয় এবাভিবর্দ্ধতে ॥ ৯

মনু ২। ৯৪

কাম্য বস্তুর উপভোগ দ্বারা কখন কামনার শান্তি হয় না, প্রত্যুত ঘৃত প্রাপ্ত অগ্নির ন্যায় আরো বৃদ্ধিই হইতে থাকে।

ইন্দ্রিয়াণান্তু সর্ব্বেষাং যদ্যেকং ক্ষরতীন্দ্রিয়ং।
তেনাস্য ক্ষরতি প্রজ্ঞা দৃতেঃ পাত্রাদিবোদকং॥ ১০

মনু ২। ৯৯

সমুদায় ইন্দ্রিয়ের মধ্যে যদি এক ইন্দ্রিয়ের স্খলন হয়, তদ্দ্বারা লোকের প্রজ্ঞাক্ষয় হয়। যেমন কোন জলপূর্ণ পাত্রে একটি ছিদ্র থাকিলেই তদ্দ্বারা সমুদায় জল বাহির হইয়া যায়।

ইন্দ্রিয়াণাং হি চরতাং যন্মনোঽনুবিধীয়তে।
তদস্য হরতি প্রজ্ঞাং বায়ুর্নাবমিবাম্ভসি ॥ ১১

ভীষ্ম পর্ব্ব

যদি মন স্বেচ্ছাচারী ইন্দ্রিয় সকলের অনুগামী হয়, তবে বায়ু যেমন নৌকাকে জল মগ্ন করে, ঐ মনও তদ্রূপ পুরুষের বুদ্ধিকে নষ্ট করে।

যদা সংহরতে চায়ং কূর্ম্মোঽঙ্গানীব সর্ব্বশঃ ।
ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেভ্যস্তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥১২
ভীষ্ম পর্ব্ব

যখন লোক কূর্ম্মের অঙ্গ সকলের ন্যায় আপনার ইন্দ্রিয়গণকে স্ব স্ব বিষয় হইতে আবশ্যক মত সংহরণ করিতে পারেন, তখন তাঁহার প্রজ্ঞা প্রতিষ্ঠিত হয়।

ক্রোধাদ্ভবতি সংমোহঃ সংমোহাৎস্মৃতিবিভ্রমঃ ।
স্মৃতিভ্রংশাদ্বুদ্ধিনাশো বুদ্ধিনাশাৎ প্রণশ্যতি ॥১৩
ভীষ্ম পর্ব্ব

ক্রোধ হইতে মোহ উৎপাদিত হয়; মোহ হইতে স্মৃতি বিভ্রম জন্মায়; স্মৃতি ভ্রংশ হইলে বুদ্ধিনাশ হয়; বুদ্ধি নাশ হইলে পুরুষ বিনষ্ট হয়।

রাগদ্বেষবিযুক্তৈস্তু বিষয়ানিন্দ্রিয়ৈশ্চরন্ ।
আত্মবশ্যৈর্বিধেয়াত্মা প্রসাদমধিগচ্ছতি ॥ ১৪
ভীষ্ম পর্ব্ব

রাগ দ্বেষ বিবর্জ্জিত হইয়া, ইন্দ্রিয়-বিষয় উপভোগ পূর্ব্বক আত্মবশীভূত আত্মা প্রসন্নতা সম্ভোগ করে।

দমস্তেজো বর্দ্ধয়তি পবিত্রং দম উত্তমং ।
বিপাপ্মাবৃদ্ধতেজাস্তু পুরুষো বিন্দতে মহৎ ॥১৫
উদ্যোগ ৬২ । ২৪৪০

দম দ্বারা তেজ বর্দ্ধিত হয়, দম অতি পবিত্র; তেজোবান ও পবিত্রচিত্ত হইলে পুরুষ মহৎপদ লাভ করে।

অনর্থমর্থতঃ পশ্যন্নর্থঞ্চৈবাপ্যনর্থতঃ ।
ইন্দ্রিয়ৈরজিতৈর্বালঃ সুদুঃখং মন্যতে সুখং ॥
উদ্যোগ ৩৩ । ১১৫৫

ইন্দ্রিয়-সংযমশূন্য লোক বালকের ন্যায় অকার্য্যকে কার্য্য ও কার্য্যকে অকার্য্য জ্ঞান করে এবং অত্যন্ত দুঃখকেও সুখজ্ঞান করে।

ধর্ম্মার্থৌ যঃ পরিত্যজ্য স্যাদিন্দ্রিয়বশানুগঃ।
শ্রীপ্রাণধনদারেভ্যঃ ক্ষিপ্রং স পরিহীয়তে॥ ১৭

উদ্যোগ ৩৩। ১১৫৬

যে ব্যক্তি ধর্ম্ম ও অর্থ পরিত্যাগ করিয়া ইন্দ্রিয়ের অধীন হয়, সে শ্রী প্রাণ ধন দারা হইতে অবিলম্বে পরিচ্যুত হয়।

অর্থানামীশ্বরোঃ যঃ স্যাদিন্দ্রিয়াণামনীশ্বরঃ।
ইন্দ্রিয়াণামনৈশ্বর্য্যাদৈশ্বর্য্যাদ্ভ্রশ্যতে হি সঃ॥ ১৮

ঐ ১১৫৭

যিনি অর্থের অধীশ্বর, কিন্তু ইন্দ্রিয়ের অধীশ্বর নহেন, তিনি ঐশ্বর্য্য হইতে পরিচ্যুত হয়েন।

লোভঃ প্রজ্ঞানমাহন্তি প্রজ্ঞা হন্তি হতা হ্রিয়ং।
হ্রীর্হতা বাধতে ধর্ম্মং ধর্ম্মো হন্তি হতঃ শ্রিয়ং॥১৯

উদ্যোগ ৭১। ২৫৯

লোভ প্রজ্ঞাকে নষ্ট করে, প্রজ্ঞা বিনষ্ট হইলে লজ্জা অপগত হয়, লজ্জা অপগত হইলে ধর্ম্ম হত হয়, ধর্ম্ম হত হইলে মঙ্গল নাশ হয়, মঙ্গল নাশেই মনুষ্যের নাশ হয়।

বন্ধুরাত্মাত্মনস্তস্য যেনৈবাত্মাত্মনা জিতঃ।
স এব নিয়তো বন্ধুঃ স এব নিয়তো রিপুঃ॥২০

উদ্যোগ ৩৩। ১১৫৯

যে আত্মা আত্মারে বশীভূত করিয়াছে, সেই আত্মার বন্ধু। আপনি আপনার বন্ধু এবং আপনি আপনার রিপু।

---

# তৃতীয় অধ্যায়।

( সুখ—দুঃখ—সন্তোষ—সহিষ্ণুতা )

শোকস্থানসহস্রাণি ভয়স্থানশতানি চ।
দিবসে দিবসে মূঢ়মাবিশন্তি ন পণ্ডিতং॥ ১

বন ২। ১৬

শোকস্থান সহস্র সহস্র এবং ভয়স্থান শত শত; উহারা মূঢ় ব্যক্তিকেই প্রতিদিন আক্রমণ করে, পণ্ডিতদিগকে আক্রমণ করিতে পারে না।

ব্যাধেরনিষ্টসংস্পর্শাৎ শ্রমাদিষ্টবিসর্জ্জনাৎ।
দুঃখং চতুর্ভিঃ শারীরং কারণৈঃ সংপ্রবর্ত্ততে॥২

ঐ ২২

ব্যাধি, অনিষ্টাপাত, শ্রম ও ইষ্ট বিনাশ, এই চতুর্ব্বিধ কারণ হইতে শারীরিক দুঃখ উৎপন্ন হয়।

সদা তৎপ্রতিকারাচ্চ সততঞ্চাবিচিন্তনাৎ।
আধিব্যাধিপ্রশমনং ক্রিয়াযোগদ্বয়েন তু॥ ৩

ঐ ২৩

ঔষধাদি প্রয়োগ করা এবং চিন্তা না করা, এই দুই ক্রিয়ার যোগে আধি ও ব্যাধির শান্তি হয়।

মানসং শময়েত্তস্মাৎ জ্ঞানেনাগ্নিমিবাম্বুনা।
প্রশান্তে মানসে হ্যস্য শারীরমুপশাম্যতি ॥ ৪

বন ২। ২৬

যেমন জল দ্বারা অগ্নি নির্ব্বাণ করিতে হয়, সেই রূপ জ্ঞান দ্বারা মানসিক দুঃখ বিনাশ করিবে। চিত্ত প্রশমিত হইলে শারীরিক দুঃখও বিনষ্ট হইয়া যায়।

অসন্তোষপরা মূঢ়াঃ সন্তোষং যান্তি পণ্ডিতাঃ।
অন্তো নাস্তি পিপাসায়াঃ সন্তোষং পরমং সুখং॥৫

ঐ ৪৫

মূঢ় ব্যক্তিরাই অসন্তোষপরায়ণ হয়, পণ্ডিতগণ সতত তুষ্ট থাকেন; পিপাসার অন্ত নাই, সন্তোষই পরম সুখ।

যস্মাদভাবী ভাবী বা মনুষ্যঃ সুখদুঃখয়োঃ।
আগমে যদি বাপায়ে ন তত্র গ্লপয়েন্মনঃ ॥ ৬

বন ১৭৯। ২৬

মর্ত্তালোকে অবশ্যই সুখ দুঃখ ভোগ করিতে হয়, অতএব সুখ নাশে ও দুঃখাগমে একান্ত পরিতপ্ত হওয়া উচিত নহে।

সুখদুঃখে হি পুরুষঃ পর্য্যায়েণোপসেবতে।
নহ্যনন্তং সুখং কশ্চিৎ প্রাপ্নোতি [পুরুষর্ষভ] ৭

বন ২৫৮। ১৩

মনুষ্য পর্য্যায় ক্রমে সুখ দুঃখ ভোগ করিয়া থাকে, কেহ নিরবচ্ছিন্ন সুখ ভোগ করিতে পায় না।

সুখস্যানন্তরং দুঃখং দুঃখস্যানন্তরং সুখং।
পর্য্যায়েণোপসর্পন্তে নরং নেমিমরা ইব ॥ ৮

বন ২৬০। ৪৪

মনুষ্য চক্রের ন্যায় পর্য্যায় ক্রমে সুখের অবসানে দুঃখ ও দুঃখের অবসানে সুখ প্রাপ্ত হয়।

সুখমাপতিতং সেবেদ্দুঃখমাপতিতং সহেৎ।
কালপ্রাপ্তমুপাসীত শস্যানামিব কর্ষকঃ ॥ ৯

বন ২৫৮। ১৫

উপস্থিত সুখ দুঃখ সমভাবে বহন করিবে। কৃষক যেমন শস্যের সময় প্রতিপালন করিয়া থাকে, তেমনি সুখ দুঃখের অবসর প্রতিপালন করা কর্ত্তব্য।

সর্ব্বাঃ সম্পত্তয়স্তস্য সন্তুষ্টং যস্য মানসং।
উপাণৎগূঢ়পাদস্য নতু চর্ম্মাবৃতেব ভূঃ ॥ ১০

হিত ১৮৪

যাহার মন পরিতুষ্ট, সকলিই তাহার সম্পত্তিভূত হয়; যেমন যাহার পদ চর্ম্মপাদুকাবৃত, তাহার সর্ব্বস্থান চর্ম্মেতে আবৃতবৎ হয়, কিন্তু বাস্তবিক পৃথিবী চর্ম্মাবৃত নহে।

সন্তোষং পরমাস্থায় সুখার্থী সংযতো ভবেৎ।
সন্তোষমূলং হি সুখং দুঃখমূলং বিপর্য্যয়ঃ ॥ ১১

মনু ৪। ১২

সুখার্থী ব্যক্তি সন্তোষ অবলম্বন করিয়া সংযত হইবেন। সন্তোষই সুখের মূল; অসন্তোষ দুঃখের কারণ।

অচিন্তিতানি দুঃখানি যথৈবায়ান্তি দেহিনাং।
সুখান্যপি তথা মন্যে দৈবমত্রাতিরিচ্যতে ॥ ১২

হিত ২০৩

দুঃখ যেমন প্রাণীদিগের চিন্তিত না হইলেও আইসে, তেমনি সুখও চিন্তিত না হইলেও আইসে, ইহাতে দৈবই প্রবল হয়।

ন নিত্যং লভতে দুঃখং ন নিত্যং লভতে সুখং।
শরীরমেবায়তনং দুঃখস্য চ সুখস্য চ ॥ ১৩

শান্তি ১৭৪। ৬৪৭৭

চিরকাল দুঃখ থাকে না এবং চিরকাল সুখ লাভ হয় না ; শরীর সুখ ও দুঃখ উভয়েরই আয়তন।

সন্তাপাদ্ভ্রশ্যতে রূপং সন্তাপাদ্ভ্রশ্যতে বলং।
সন্তাপাদ্ভ্রশ্যতে জ্ঞানং সন্তাপাদ্ব্যাধিমৃচ্ছতি ॥ ১৪

উদ্যোগ ৩৫। ১৬০৩

সন্তাপেতে রূপ যায়, সন্তাপেতে বল যায়, সন্তাপেতে জ্ঞান যায়, সন্তাপেতে ব্যাধিকে প্রাপ্ত হয়।

সুখং বা যদি বা দুঃখং প্রিয়ং বা যদি বাপ্রিয়ং।
প্রাপ্তং প্রাপ্তমুপাসীত হৃদয়েনাপরাজিতা ॥ ১৫

শান্তি ১৭৪। ৬৪৯৬

সুখই হউক বা দুঃখই হউক, প্রিয় হউক বা অপ্রিয় হউক, যাহা ঘটিবে, অপরাজিত চিত্তে তাহার সেবা করিবে।

---

# চতুর্থ অধ্যায়।

( সাধুতা—মহত্ত্ব )

প্রাণা যথাত্মনোভীষ্টা ভূতানামপি তে তথা।
আত্মৌপম্যেন ভূতানাং দয়াং কুর্ব্বন্তি সাধবঃ॥১

হিত ৫১

যেমন আপনার প্রাণ প্রিয়, তেমনি সকল জীবেরই প্রাণ তাহাদের প্রিয়। অতএব সাধু লোকেরা আপনার উপমা ধরিয়া সকল জীবকে দয়া করেন।

ধনানি জীবিতঞ্চৈব পরার্থে প্রাজ্ঞ উৎসৃজেৎ।
সন্নিমিত্তে বরং ত্যাগো বিনাশে নিয়তে সতি॥২

হিত ৮৩

প্রাজ্ঞ ব্যক্তি পরের নিমিত্ত ধন ও প্রাণ উৎসর্গ করিবেন। ধনাদির বিনাশ অবশ্যই হয়; অতএব সৎকার্য্যে সে সকল প্রদান করাই শ্রেয়।

শরীরস্য গুণানাঞ্চ দূরমত্যন্তমন্তরং।
শরীরং ক্ষণবিধ্বংসি কল্পান্তস্থায়িনো গুণাঃ॥৩

হিত ৮৮

শরীর ও সদ্‌গুণ ইহাদের মধ্যে বিস্তর প্রভেদ; শরীর ক্ষণকালস্থায়ী, সাধু গুণ সকল কল্পান্ত পর্য্যন্ত স্থিতি করে।

অয়ং নিজঃ পরোবেতি গণনা লঘুচেতসাং।
উদারচরিতানান্তু বসুধৈব কুটুম্বকং॥৪

হিত ১১৩

ইনি আপনার, ইনি পর, ক্ষুদ্রান্তঃকরণ লেকেরাই এরূপ গণনা করে; উদার চিত্ত লোকদিগের পক্ষে পৃথিবীর সকল ব্যক্তিই আত্মীয়ের ন্যায় হয়।

সাধোঃ প্রকোপিতস্যাপি মনো নায়াতি বিক্রিয়াং
ন হি তাপয়িতুং শক্যং সাগরাম্ভস্তৃণোল্কয়া ॥ ৫

হিত ১২৮

সাধু লোক ক্রোধান্বিত হইলেও তাহার মন বিকার প্রাপ্ত হয় না, যেমন তৃণ সমূহের উল্কাতে সমুদ্রের জল তপ্ত করিতে পারে না।

আমরণন্তাঃ প্রণয়াঃ কোপাস্তৎক্ষণভঙ্গুরাঃ।
পরিত্যাগশ্চ নিঃসঙ্গা ভবন্তি হি মহাত্মনাং ॥ ৬

হিত ২৩০

মহাত্মা লোকদিগের প্রীতি মরণ পর্য্যন্ত থাকে, ক্রোধ অল্পকালেই নষ্ট হয়, এবং দান মমত্বরহিত হয়।

দানং প্রিয়বাক্ সহিতং
জ্ঞানমগর্ব্বং ক্ষমান্বিতং শৌর্য্যং।
• বিত্তং ত্যাগনিযুক্তং
দুর্লভমেতচ্চতুষ্টয়ং লোকে ॥ ৭

হিত ৪০০

প্রিয় বাক্য সহিত দান, অহঙ্কার রহিত জ্ঞান, ক্ষমা-যুক্ত শূরতা ও দান-নিয়োজিত ধন, সংসারে এই চারি দুর্লভ।

জয়েৎ কদর্য্যং দানেন সত্যেনানৃতবাদিনং।
ক্ষময়া ক্রূরকর্ম্মাণমসাধুং সাধুনা জয়েৎ ॥ ৮

বন ১৯৪। ৯

দান দ্বারা কদর্য্যতাকে, সত্য দ্বারা অসত্যবাদীকে, ক্ষমা দ্বারা ক্রূরকর্ম্মা ব্যক্তিকে ও সাধু ব্যবহার দ্বারা অসাধু ব্যক্তিকে জয় করিবে।

মনস্যন্যৎ বচস্যন্যৎ কার্য্যমন্যদ্দুরাত্মনঃ।
মনস্যেকং বচস্যেকং কর্ম্মণ্যেকং মহাত্মনাং ॥ ৯

হিত ১৪৩

দুরাত্মাদিগের মনে এক প্রকার, বাক্যে আর এক প্রকার, কর্ম্মে অন্য প্রকার হয়। মহাত্মাদিগের মনে যেরূপ, বাক্যে সেই রূপ, কার্য্যেতেও সেই রূপ হয়।

প্রতিশ্রুত্য করিষ্যেতি কর্ত্তব্যং তদকুর্ব্বতঃ।
মিথ্যাবচনদগ্ধস্য ইষ্টাপূর্ত্তং প্রণশ্যতি ॥ ১০

উদ্যোগ ১০৬। ৩৭৪৯

করিব বলিয়া প্রতিশ্রুত হইয়া যে সেই কর্ত্তব্য কর্ম্ম সম্পন্ন না করে, সেই মিথ্যাবাদির ইষ্টাপূর্ত্ত বিনষ্ট হয়।

ন কস্যচিৎ কশ্চিদিহ স্বভাবা-
দ্ভবত্যুদারোঽভিমতঃ খলো বা।
লোকে গুরুত্বং বিপরীততাং বা
স্বচেষ্টিতান্যেব নরং নয়ন্তি ॥ ১১

হিত ৪০৩

আপনা হইতে কেহ কাহারও অভিমত হয় না, খল

জ্ঞান ও হয় না; স্বীয় কার্য্যই মনুষ্যকে মহত্বে কিম্বা ক্ষুদ্রত্বে লইয়া যায়।

আরোপ্যতে শিলা শৈলে যত্নেন মহতা যথা।
নিপাত্যতে ক্ষণেনাধস্তথাত্মা গুণদোষয়োঃ॥ ১২

হিত ৩০৪

যেমন প্রস্তর পর্ব্বতের উপরে অনেক আয়াসে উত্থাপিত হয় এবং ক্ষণ মধ্যেই নীচে পাতিত হয়, সেইরূপ মনুষ্যের চরিত্র অনেক আয়াসে উন্নত হয় এবং অল্পতেই নীচত্ব প্রাপ্ত হয়।

যাত্যধোধো ব্রজত্যুচ্চৈর্নরঃ স্বৈরিব কর্ম্মভিঃ।
কূপস্য খনিতা যদ্বৎ প্রাকারস্যেব কারকঃ॥ ১৩

হিত ৩০৫

কূপের খনন কর্ত্তা যেরূপ ক্রমশ নিম্ন দেশে যায় এবং প্রাচীর কারক ক্রমশ উপরে উত্থান করে, সেইরূপ মনুষ্য আপনার আচরণ দ্বারাই উচ্চতা বা নীচতা প্রাপ্ত হয়।

ত্যজেৎ ক্ষুধার্ত্তো মহিলাং স্বপুত্রং
খাদেৎ ক্ষুধার্ত্তা ভুজগী স্বমণ্ডং।
বুভুক্ষিতঃ কিং ন করোতি পাপং
ক্ষীণা জনা নিষ্করুণা ভবন্তি॥ ১৪

হিত ৬৪৭

ক্ষুধাতুর লোক আপনার স্ত্রী পুত্রকেও ত্যাগ করে, বুভুক্ষিতা সর্পী নিজ অণ্ডকে ভক্ষণ করিয়া থাকে।

ক্ষুধার্ত্ত ব্যক্তি কোন্ পাপ না করে? ক্ষীণ লোক করুণা-শূন্য হয়।

সুখং হ্যবমতঃ শেতে সুখঞ্চ প্রতিবুধ্যতে।
সুখং চরতি লোকেঽস্মিন্নবমন্তা বিনশ্যতি॥ ১৫

মনু ২। ১৬৩

যদি কেহ কাহাকেও অপমান করে, তাহা হইলে সেই অপমানিত ব্যক্তি সুখে নিদ্রা যায়, সুখে জাগরিত হয় এবং সুখে বিচরণ করিয়া বেড়ায়; কিন্তু যিনি অপমান করেন, তিনি বিনষ্ট হন।

নারুন্তুদঃ স্যাদার্ত্তোঽপি ন পরদ্রোহকর্ম্মধীঃ।
যয়াস্যোদ্বিজতে বাচা নালোক্যাং তামুদীরয়েৎ॥১৬

ঐ ১৬১

একান্ত পীড়িত হইলেও কাহারো মর্ম্মপীড়াদায়ক কোন দোষ উল্লেখ করিবে না। কোন প্রকারে অন্যের দ্রোহাচরণে ইচ্ছাও করিবে না। যে কথা বলিলে অন্য ব্যক্তি মনে ব্যথা পায়, এমন মর্ম্মপীড়াকর কোন কথা বলিবে না।

অতিবাদাংস্তিতিক্ষেত নাবমন্যেত কঞ্চন।
ন চেমং দেহমাশ্রিত্য বৈরং কুর্ব্বীত কেনচিৎ॥১৭

পরের অত্যুক্তি সকল সহ্য করিবে; কাহারও অবমাননা করিবে না, এই মানব দেহ ধারণ করিয়া কাহারও সহিত শত্রুতা করিবে না।

ন পাণিপাদচপলো ন নেত্রচপলোঽনৃজুঃ।
ন স্যাদ্বাক্‌চপলশ্চৈব ন পরদ্রোহকর্ম্মধীঃ॥ ১৮

মনু ৪। ১৭৭

হস্তের চাঞ্চল্য, পদ চাঞ্চল্য, নেত্র চাঞ্চল্য, বাক্‌ চাপল্য, এ সমুদায় পরিত্যাগ করিবে, সরল-স্বভাব হইবে, কাহারো দ্রোহাচরণে ইচ্ছা করিবে না।

অতিবাদং ন প্রবদেন্নবাদয়েৎ
যো নাহতঃ প্রতিহন্যান্নঘাতয়েৎ।
হন্তুং চ যো নেচ্ছতি পাপকং বৈ
তস্মৈ দেবাঃ স্পৃহয়ন্ত্যাগতায়॥ ১৯

উদ্যোগ ৩৫। ১২৭০

কেহ কটূক্তি করিলে স্বয়ং বা অন্য দ্বারা তাহার কটূত্তর প্রদান করিবে না; আহত হইলে স্বয়ং বা অন্য দ্বারা আঘাত করিবে না। যিনি আপনার হিংসাকারী পাপাত্মার প্রতিহিংসা না করেন, দেবতারা তাঁহার আগমন প্রতীক্ষা করেন।

ক্রুধ্যন্তং ন প্রতিক্রুধ্যেদাক্রুষ্টঃ কুশলং বদেৎ।
সপ্তদ্বারাবকীর্ণাঞ্চ ন বাচ মনৃতাং বদেৎ॥ ২০

মনু ৬। ৪৮

কেহ তোমার প্রতি ক্রোধ করিলে তাহাতে তুমি প্রতিক্রোধ করিবে না; কেহ তোমার প্রতি আক্রোশ করিলে তুমি তাহার প্রতি কুশল কথা বলিবে। চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক, মন, বুদ্ধি, এই সপ্তদ্বার অবলম্বন

করিয়া যে সকল কথা কহিবে, তাহার কিছুই মিথ্যা কহিবে না।

সত্যং ব্রূয়াৎ প্রিয়ং ব্রূয়াৎ ন ব্রূয়াৎ সত্যমপ্রিয়ং।
প্রিয়ঞ্চ নানৃতং ব্রূয়াদেষ ধর্ম্মঃ সনাতনঃ ॥ ২১

মনু ৪। ১৩৮

যাহা সত্য এবং প্রিয় তাহাই বলিবে, অপ্রিয় সত্য বলিবে না, প্রিয় হইলেও মিথ্যা বলিবে না, এই সনাতন ধর্ম্ম।

কামাভিভূতঃ ক্রোধাদ্বা যো মিথ্যা প্রতিপদ্যতে।
স্বেষু চান্যেষু বা তস্য ন সহায়া ভবন্ত্যত ॥ ২২

উদ্যোগ ১২৮। ৪৩৪৪

যে ব্যক্তি কাম ক্রোধে অভিভূত হইয়া আত্মীয় স্বজন বা অন্য লোকের প্রতি কপটতাচরণ করে, তাহার কেহ সহায় হয় না।

অবিসম্বাদকো দক্ষঃ কৃতজ্ঞো মতিমানৃজুঃ।
অপি সংক্ষীণকোষোঽপি লভতে পরিবারণং ॥২৩

উদ্যোগ ৩৭। ১৫[illegible]

অবিবাদী, কার্য্যদক্ষ, কৃতজ্ঞ, বুদ্ধিমান ও সরলস্বভাব ব্যক্তি ধনহীন হইলেও সর্ব্বত্র মিত্রাদি পরিবার লাভ করিয়া থাকেন।

অভয়ং যস্য ভূতেভ্যঃ সর্ব্বেষামভয়ং যতঃ।
সবৈ পরিণতপ্রজ্ঞঃ প্রখ্যাতো মনুজোত্তমঃ ॥ ২৪

উদ্যোগ ৬২। ২৪৪৯

প্রাণীগণ হইতে যাহার ভয় নাই এবং প্রাণীগণেরও যাহা হইতে ভয়ের সম্ভাবনা নাই, তিনিই যথার্থ জ্ঞানবান ও মনুষ্যের মধ্যে উত্তম।

ন শরন্মেঘবৎ কার্য্যং বৃথৈব ঘনগর্জ্জিতং।
পরস্যার্থমনর্থং বা প্রকাশয়তি নো মহান্॥ ২৫

হিত ৬৮৫

শরৎকালীন মেঘের ন্যায় নিরর্থক গর্জ্জন করা উচিত নহে। উত্তম লোক পরের অর্থ বা অনর্থ প্রকাশ করেন না।

এতাবানেব পুরুষঃ কৃতং যস্মিন্ন নশ্যতি।
যাবচ্চ কুর্য্যাদন্যোঽস্য কুর্য্যাদ্বহুগুণং ততঃ॥ ২৬

আদি ১৬৩। ১৪

সেই ব্যক্তি পুরুষ যাহার উপকার করিলে, সে উপকার নষ্ট হয় না। যে পরিমাণে কেহ উপকার করে, তাহা অপেক্ষা অধিক পরিমাণে তাহার প্রত্যুপকার করা কর্ত্তব্য।

দ্রৌগ্ধব্যং ন চ মিত্রেষু ন বিশ্বস্তেষু কর্হিচিৎ।
যেষাঞ্চান্নানি ভুঞ্জীত যত্র চ স্যাৎ প্রতিশ্রয়ঃ॥২৭

বন ১৫৭। ১৯

মিত্র ও বিশ্বস্ত ব্যক্তির প্রতি কদাচ অনিষ্টাচরণ করিবে না; এবং যাহাদিগের অন্নভোজন ও আলয়ে অবস্থান করিতে হয়, তাহাদিগের অনিষ্ট করিবে না।

কুতঃ কৃতঘ্নস্য যশঃ কুতঃ স্থানং কুতঃ সুখং।
অশ্রদ্ধেয়ঃ কৃতঘ্নো হি কৃতঘ্নে নাস্তি নিষ্কৃতিঃ॥২৮

উদ্যোগ ১০৬। ৩৭৫০

কৃতঘ্নব্যক্তির যশ, স্থান বা সুখ কোথায়? কৃতঘ্ন ব্যক্তি সকলের অশ্রদ্ধেয়, তাহার নিষ্কৃতি নাই।

আর্য্যজুষ্ট মিদং বৃত্তমিতি বিজ্ঞায় শাশ্বতং।
সন্তঃ পরার্থং কুর্ব্বাণা নাবেক্ষন্তে প্রতিক্রিয়াং॥২৯

বন ২৯৬। ৪৮

সাধুগণ আর্য্যজনোচিত বলিয়াই চিরকাল পরোপকার করিয়া থাকেন; প্রত্যুপকার প্রত্যাশা করেন না।

ভক্তঞ্চ ভজমানঞ্চ তবাস্মীতি চ বাদিনং।
ত্রীনেতাঞ্ছরণংপ্রাপ্তান্ বিষমেপি ন সংত্যজেৎ॥ ৩০

উদ্যোগ ৩২। ১০৩৭

যে ব্যক্তি ভক্ত, যে সেবা করে, যে "আমি তোমার" এই বলিয়া আশ্রয় গ্রহণ করে, এই তিন প্রকার শরণাগত বক্তিকে বিষম শঙ্কটেও পরিত্যাগ করিবে না।

গতিরাত্মবতাং সন্তঃ সন্ত এব সতাং গতিঃ।
অসতাঞ্চ গতিঃ সন্তো ন চাসন্তঃ সতাং গতিঃ॥৩১

সাধু ব্যক্তিগণ সৎ ও অসৎ উভয় প্রকার লোকেরই গতি। অসাধুগণ সাধু লোকের গতি হইতে পারে না।

শীলং প্রধানং পুরুষে তদ্যস্যেহ প্রণশ্যতি।
ন তস্য জীবিতেনার্থো ন ধনেন ন বন্ধুভিঃ॥৩২

উদ্যোগ ৩৩। ১১৪২

চরিত্রই পুরুষের প্রধান গুণ। ইহ লোকে যে ব্যক্তির উহা নষ্ট হইয়াছে, তাহার জীবন, ধন বা বন্ধুতে কিছু লাভ নাই।

অকস্মাদেব কুপ্যন্তি প্রসীদন্ত্যনিমিত্ততঃ।
শীলমেতদসাধূনামভ্রপারিপ্লবং যথা ॥ ৩৩

মহাভারত।

অসাধুগণ মেঘের অস্থিরতার ন্যায়, অকস্মাৎ ক্রোধযুক্ত ও বিনা হেতুতে প্রসন্ন হইয়া পড়েন।

আগতস্য গৃহং ত্যাগ স্তথৈব শরণার্থিনঃ।
যাচমানস্য চ বধো নৃশংসোগর্হিতো বুধৈঃ ॥ ৩৪

আদি ১৬১। ৬২৩০

গৃহে আগত ও শরণাপন্ন ব্যক্তির পরিত্যাগ এবং যাচমান ব্যক্তির বধ, এ সমস্ত অতি নৃশংস ও গর্হিত।

ন চৈবোক্তা নবাহনুক্তা হীনতঃ পরুষা গিরঃ।
প্রতিজল্পন্তি বৈ ধীরাঃ সদাতূত্তম পূরুষাঃ ॥ ৩৫

সভা ৭০। ২৪২৩

হীন লোকেরা যদি কটূক্তি করিয়া থাকে, অথবা নাই করিয়া থাকে, ধীর উত্তম পুরুষেরা তাহা লইয়া আন্দোলন করেন না।

স্মরন্তি সুকৃতান্যেব ন বৈরাণি কৃতান্যপি।
সন্তঃ প্রতিবিজানন্তো লব্ধা প্রত্যয় মাত্মনঃ ॥৩৬

ঐ ২৪৪২

কেহ বৈরাচরণ করিলেও সৎ পুরুষেরা তাহা গ্রাহ্য করেন না, সেই ব্যক্তির সুকৃত সমস্তই স্মরণ করেন।

যস্তু শত্রোর্বশস্থস্য শক্তোঽপি কুরুতে দয়াং।
হস্তপ্রাপ্তস্য বীরস্য তঞ্চৈব পুরুষং বিদুঃ॥ ৩৭

শান্তি ২২৭। ৮২৩৫

শত্রু বশীভূত ও হস্তপ্রাপ্ত হইলে, তাহার প্রতি নিগ্রহ করিতে সমর্থ হইয়াও যে ব্যক্তি তাহার প্রতি দয়া প্রকাশ করেন, সেই পুরুষ।

শ্রদ্দধানঃ শুভাং বিদ্যা মাদদীতাবরাদপি।
অন্ত্যাদপি পরং ধর্ম্মং স্ত্রীরত্নং দুষ্কুলাদপি॥ ৩৮

মনু ২। ২৩৮

শ্রদ্ধাযুক্ত হইয়া অশ্রেষ্ঠ লোকদিগের নিকট হইতেও শুভ বিদ্যা গ্রহণ করিবে; নিকৃষ্ট লোকদিগের নিকটেও উৎকৃষ্ট ধর্ম্ম শিক্ষা করিবে; নিন্দিত কুল হইতেও উত্তমা স্ত্রীকে গ্রহণ করিবে।

কর্ম্মণান্তু প্রশস্তানামনুষ্ঠানং সুখাবহং।
তেষামেবাননুষ্ঠানং পশ্চাত্তাপকরং মতং॥ ৩৯

উদ্যোগ ৩৭। [illegible]০

প্রশস্ত কর্ম্ম সকলের অনুষ্ঠানে সুখ হয়; আর সেই রূপ কর্ম্মসকলের অনুষ্ঠান না করিলে পরে অনুতাপ করিতে হয়।

স্বীয়ং যশঃ পৌরুষঞ্চ গুপ্তয়ে কথিতঞ্চ যৎ।
কৃতং যদুপকারায় ধর্ম্মজ্ঞো ন প্রকাশয়েৎ॥ ৪০

মহানির্ব্বাণ ৮। ৫৬

আপনার যশ ও পৌরুষ, আর গোপন রাখিবার নিমিত্ত যাহা কথিত হয় এবং পরের উপকারের নিমিত্ত আপনার দ্বারা যাহা কৃত হয়, ধর্ম্মজ্ঞ ব্যক্তি তাহা প্রকাশ করিবেন না।

আত্মনঃ পৌরুষঞ্চৈব বলঞ্চ ন সমং পরৈঃ।
সর্ব্বথাঽনার্য্যকর্ম্মৈতৎ প্রশংসা স্বয়মাত্মনঃ ॥৪১

উদ্যোগপর্ব্ব।

আমার তুল্য পৌরুষ ও বল কাহারো নাই, এরূপে আত্মপ্রশংসা করা অতি অনার্য্য।

হীনাঙ্গানতিরিক্তাঙ্গান্ বিদ্যাহীনান্ বিগর্হিতান্।
রূপদ্রবিণহীনাংশ্চ সত্ত্বহীনাংশ্চ নাক্ষিপেৎ॥ ৪২

অনুশাসন ১০৪। ৪৯৮৯

হীনাঙ্গ, অতিরিক্তাঙ্গ, মূর্খ, নিন্দিত, শ্রীহীন, নিঃস্ব ও দুর্ব্বল ব্যক্তিদিগকে পরিহাস করিবে না।

অরুন্তুদং পরুষং রুক্ষবাচং
বাক্কণ্টকৈর্ব্বিতুদন্তং মনুষ্যান্।
বিদ্যাদলক্ষ্মীকতমং জনানাং
মুখে নিবদ্ধাং নির্ঋতিং বৈ বহন্তং॥ ৪৩

উদ্যোগ ৩৫। ১২৬৭

যে উগ্র ও পরুষ বাক্যরূপ কণ্টক দ্বারা অন্যের মর্ম্ম-ভেদ করে, সেই লক্ষ্মীহীন মানবের মুখে সকল লোকের অমঙ্গল ও মৃত্যু নিরন্তর বাস করিয়া থাকে।

মর্ম্মাণ্যস্থীনি হৃদয়ং তথাঽসূন্
রুক্ষা বাচো নির্দ্দহন্তীহ পুংসাং।
তস্মাদ্বাচমুষতীং রুক্ষরূপাং
ধর্ম্মারামো নিত্যশো বর্জ্জয়ীত ॥ ৪৪

উদ্যোগ ৩৫। ১২৬৬

রুক্ষবাক্য মনুষ্যের মর্ম্ম অস্থি হৃদয় ও প্রাণপর্য্যন্ত দহন করিতে থাকে। অতএব ধর্ম্মনিরত ব্যক্তি অন্তস্তাপ তীব্র কর্কশ বাক্য একবারে পরিত্যাগ করিবে।

রোহতে সায়কৈর্ব্বিদ্ধং বনং পরশুনা হতং।
বাচা দুরুক্তয়া বিদ্ধং ন সংরোহতি বাক্‌ক্ষতং ॥৪৫

অনুশাসন ১৬০। ৪৯৮৮

পরশু দ্বারা অরণ্য ছিন্ন হইলে পুনরায় অঙ্কুরিত হয়, কিন্তু দুর্ব্বাক্য দ্বারা অন্যকে বিদ্ধ করিলে তাহার ক্ষত আরোগ্য হয় না।

বিদ্যামদো ধনমদস্তৃতীয়োঽভিজনো মদঃ।
মদা এতেঽবলিপ্তানামেত এব সতাং দমাঃ ॥৪৬

উদ্যোগ ৩৩। ৭

বিদ্যা, ধন ও আভিজাত্য অসাধুগণের মদ ও সাধুগণের দম গুণের কারণ।

অথ ভদ্রাণি ভূতানি হীনশক্তিরহং পরং।
মুদং তথাপি কুর্ব্বীত হানির্দ্বেষফলং যতঃ ॥ ৪৭

বিষ্ণুপুরাণ ১ অংশ ১৭ অধ্যায় ৮১ শ্লোক।

অন্য লোকেরা বিদ্যাধনাদিতে সুসম্পন্ন, আমি সর্ব্ব

বিষয়ে অশক্ত, ইহা আলোচনা করিয়া কাহারো প্রতি বিদ্বেষাচরণ করিবে না, বরং সহৃদয় ব্যবহার করিবে, যেহেতু দ্বেষের ফল কেবল অনিষ্টই হয়।

য ঈর্ষুঃ পরবিত্তেষু রূপে বীর্য্যে কুলান্বয়ে।
সুখসৌভাগ্যসৎকারে তস্য ব্যাধিরনন্তকঃ॥ ৪৮

উদ্যোগ ৩৩। ১১৩৫

অন্যের রূপ, ধন, বীরত্ব, কুল, সুখ, সৌভাগ্য ও সৎকারে যে ব্যক্তির ঈর্ষা হয়, তাহার ব্যাধি অনন্ত।

যে পরেষাং শ্রিয়ং দৃষ্ট্বা ন তপন্তি বিমৎসরাঃ।
প্রহৃষ্টাশ্চাভিনন্দন্তি তে নরাঃ স্বর্গগামিনঃ॥৪৯

যে সকল ব্যক্তি পরের সম্পত্তি দর্শন করিয়া তাপিত হয়েন না, পরন্তু মৎসরশূন্য ও আনন্দিত হইয়া তাহাতে অভিনন্দন করেন, তাহারা স্বর্গগামী হয়েন।

হরণঞ্চ পরস্বানাং পরদারাভিমর্ষণং।
সুহৃদশ্চ পরিত্যাগস্ত্রয়ো দোষা ভয়প্রদাঃ॥ ৫০

উদ্যোগ ৩২। ১০৩৫

পরদ্রব্যাহরণ, পরদারাভিমর্ষণ এবং বন্ধু পরিত্যাগ, এই তিন দোষ ভয় উৎপাদন করে।

মিথ্যোপেতানি কর্ম্মাণি সিধ্যেয়ুর্যানি [ভারত]
অনুপায়প্রযুক্তানি মাস্ম তেষু মনঃ কৃথাঃ॥ ৫১

উদ্যোগ ৩৩। ১০৯৯

যে সকল কর্ম্ম অসত্যদোষযুক্ত, যাহা অসদুপায় দ্বারা সিদ্ধ হয়, তাহাতে মন করিবে না।

অরণ্যে বিজনে ন্যস্ত্যং পরস্বং দৃশ্যতে যদা।
মনসাঽপি ন হিংসন্তি তে নরাঃ স্বর্গগামিনঃ ॥৫২

অনুশাসন ১৪৪। ৬৬৫৪

যাহারা অরণ্যে বা নির্জ্জনে পর ধন দর্শন করিয়া উহা গ্রহণ করিতে ইচ্ছা না করেন, তাহারা স্বর্গে গমন করেন।

গ্রামে গৃহে বা যদ্দ্রব্যং পারক্যং বিজনে স্থিতং।
নাভিনন্দন্তি বৈ নিত্যং তে নরাঃ স্বর্গগামিনঃ ॥৫৩

ঐ ৬৬৫৫

যাহারা স্বগ্রামে বা গৃহে বা কোন নিভৃত স্থানে পরের কোন দ্রব্য দর্শন করিয়া, তাহা লইয়া প্রমোদিত না হয়েন, তাহারা স্বর্গগামী হয়েন।

তথৈব পরদারান্ যে কামবৃত্তান্ রহোগতান্।
মনসাঽপি ন হিংসন্তি তে নরাঃ স্বর্গগামিনঃ ॥৫৪

ঐ ৬৬৫৬

এই রূপ, যাহারা নির্জ্জনে কামুকী পরস্ত্রী দর্শন করিয়াও তাহার প্রতি মনেতেও অভিলাষ না করেন, তাহারা স্বর্গে গমন করেন।

শত্রুং মিত্রঞ্চ যে নিত্যং তুল্যেন মনসা নরাঃ।
ভজন্তি মৈত্রাঃ সঙ্গম্য তে নরা স্বর্গগামিনঃ ॥৫৫

ঐ ৬৬৫৭

যাহারা কি শত্রু কি মিত্র সকলকেই তুল্য রূপে দেখেন ও তাহাদের সহিত বন্ধুবৎ ব্যবহার করেন, তাহারা স্বর্গগামী হয়েন।

শ্রদ্ধাবন্তো দয়াবন্তশ্চোক্ষাশ্চোক্ষজনপ্রিয়াঃ।
ধর্ম্মাধর্ম্মবিদো নিত্যং তে নরাঃ স্বর্গগামিনঃ॥ ৫৬

অনুশাসন ১৪৪। ৬৬৬০

যাহারা শ্রদ্ধাবান্, দয়াবান্, পবিত্র, পবিত্র ব্যক্তিদিগের প্রিয় ও ধর্ম্মাধর্ম্মবেত্তা, তাহারা স্বর্গে গমন করেন।

যশ্চৈনমুৎপাদয়তে যশ্চৈনং ত্রায়তে ভয়াৎ।
যশ্চাস্য কুরুতে বৃত্তিঃ সর্ব্বে তে পিতরস্ত্রয়ঃ॥৫৭

অনুশাসন ৬৯। ৩৪৪৭

যিনি জন্ম দেন, যিনি ভয় হইতে পরিত্রাণ করেন, এবং যিনি জীবিকা প্রদান করেন, এ তিন জনই পিতা বলিয়া পরিগণিত হয়েন।

মাতৃবৎ পরদারেষু পরদ্রব্যেষু লোষ্ট্রবৎ।
আত্মবৎ সর্ব্বভূতেষু যঃ পশ্যতি স পশ্যতি॥৫৮

চাণক্য

যিনি পরস্ত্রীকে মাতৃবৎ, পরদ্রব্য লোষ্ট্রবৎ, এবং সকল প্রাণীকে আত্মবৎ দেখেন, তিনি সত্যই দেখেন।

ন কুলং বৃত্তহীনস্য প্রমাণমিতি মে মতিঃ।
অন্ত্যেষ্বপি হি জাতানাং বৃত্তমেব বিশিষ্যতে॥৫৯

উদ্যোগ ৩৩। ১১৩৪

আচারভ্রষ্টদিগের কুল কদাচ কোন কার্য্যে প্রমাণ বলিয়া পরিগণিত হইতে পারে না; এক মাত্র সদাচার অন্ত্যজ ব্যক্তিগণ কর্ত্তৃক অনুষ্ঠিত হইলেও প্রধান প্রমাণ বলিয়া গ্রাহ্য হইতে পারে।

অকার্য্যকরণাদ্ভীতঃ কার্য্যাণাঞ্চ বিবর্জ্জনাৎ।
অকালে মন্ত্রভেদাচ্চ যেন মাদ্যেন্নতৎ পিবেৎ॥৬০

উদ্যোগ ৩৩। ১১৩৬

যিনি অকর্ত্তব্য কর্ম্মের অনুষ্ঠান, কর্ত্তব্য কর্ম্ম পরিত্যাগ ও অকালে মন্ত্র ভেদ ঘটিবার ভয় করেন, তিনি মাদক দ্রব্য সেবন করিবেন না।

মদ্যপানং কলহং পূগবৈরং
ভার্য্যাপত্যোরন্তরং জ্ঞাতিভেদং।
রাজদ্বিষ্টং স্ত্রীপুংসয়োর্বিবাদং
বর্জ্জ্যান্যাহুর্যশ্চ পন্থাঃ প্রদুষ্টঃ॥ ৬১

উদ্যোগ ৩৪। ১২২৪

মদ্যপান, কলহ, বহুজনের সহিত শত্রুতা, পতি পত্নীর বিচ্ছেদ, স্ত্রীপুরুষের বিবাদ, জ্ঞাতি ভেদ ও রাজার দ্বেষাস্পদ বিষয় ও দোষাশ্রিত পথ, এই সমস্ত বর্জ্জনীয় বলিয়া উক্ত হইয়াছে।

অতীবগুণসম্পন্নো ন জাতু বিনয়ান্বিতঃ।
সুসূক্ষ্মমপি ভূতানামুপমর্দ্দমুপেক্ষতে॥ ৬২

উদ্যোগ ৩৮। ১৪৫৫

বহুগুণসম্পন্ন বিনয়ী ব্যক্তি প্রাণীগণের অতি অল্প মাত্র ক্লেশও উপেক্ষা করিতে পারেন না।

সুবৃত্তঃ শীলসম্পন্নঃ প্রসন্নাত্মাত্মবিদ্বুধঃ।
প্রাপ্যেহলোকে সম্মানং সুগতিং প্রেত্যগচ্ছতি৬

ঐ ৬২। ২৪৪৮

যিনি সদাচার, সচ্চরিত্র, প্রসন্নচিত্ত, আত্মজ্ঞ ও পণ্ডিত, তিনি ইহ কালে সম্মান লাভ করিয়া পরকালে সদ্গতি প্রাপ্ত হয়েন।

---

# পঞ্চম অধ্যায়।

(দান—অহিংসা)

যস্মিন্ জীবতি জীবন্তি বহবঃ সতু জীবতু।
কাকোঽপি কিং ন কুরুতে চঞ্চ্বা স্বোদরপূরণং॥১

হিত ২৯৪

যে জীবিত থাকিলে অনেকের জীবন থাকে, সেই জীবিত থাকুক। নতুবা কাকও কি চঞ্চু দ্বারা আপন উদর পূরণ করে না।

যস্য চাত্মার্থমেবার্থঃ স চ নার্থস্য কোবিদঃ।
রক্ষেত ভৃতকোঽরণ্যে যথা গাস্তাদৃগেব সঃ॥ ২

বন ৩৩। ২৪

যে ব্যক্তির অর্থ কেবল আত্মভোগেই পর্য্যবসিত হয়, সে অর্থোপার্জ্জনের আবশ্যকতা জানে না। যেমন রক্ষকগণ অরণ্যে গো রক্ষা করে, সেও সেইরূপ কেবল অর্থ রক্ষা করিয়া থাকে।

দরিদ্রান্ ভর [কৌন্তেয়] মা প্রয়চ্ছেশ্বরে ধনং।
ব্যাধিতস্যৌষধং পথ্যং নীরুজস্য কিমৌষধৈঃ॥৩

ভগবদ্গীতা।

দরিদ্র লোককে প্রতিপালন কর, ধনীকে ধন দান করিও না ; রোগীরই ঔষধ আবশ্যক হয়, অরোগীর ঔষধে প্রয়োজন কি ?

যৎকিঞ্চিদপি দাতব্যং যাচিতেনানসূয়য়া।
উৎপৎস্যতে হি তৎ পাত্রং যত্তারয়তি সর্ব্বতঃ॥ ৪

মনু ৪। ২২৮

কেহ কিছু প্রার্থনা করিলে উহার প্রতি দ্বেষ না করিয়া যথাশক্তি দান করিবে। ইহা হইলে দাতার নিকট কখন যথার্থ দানপাত্র উপস্থিত হইতে পারে, যাহাকে দান করিয়া দাতা উদ্ধার হইতে পারিবে।

অভিগম্য চ তত্তুষ্ট্যা দত্তমাহুরভিষ্টুতং।
যাচিতেন তু যদ্দত্তং তদাহুর্মধ্যমং বুধাঃ॥ ৫

শান্তি ১৯৫। ১০৭৮৭

কাহারো নিকটে গিয়া তাহার প্রীতির নিমিত্ত যে দান, তাহা শ্রেষ্ঠ দান কহা যায়। কেহ প্রার্থনা করিলে যে দান দেওয়া হয়, তাহাকে মধ্যম দান কহে।

অবজ্ঞয়া দীয়তে যত্তথৈবাঽশ্রদ্ধয়াঽপি বা।
তদাহুরধমং দানং মুনয়ঃ সত্যবাদিনঃ॥ ৬

শান্তি ১৯৫। ১০৭৮৮

অশ্রদ্ধা ও অবজ্ঞা সহকৃত যে দান, তাহাকে অধম দান বলে।

অবজ্ঞয়া ন দাতব্যং কস্যচিৎ লীলয়াঽপিবা।
অবজ্ঞয়াচ যদ্দত্তং দাতুস্তদ্দোষমাবহেৎ॥ ৭

রামায়ণ, বালকাণ্ড।

অবজ্ঞা অথবা কৌতুক পূর্ব্বক কাহাকেও দান করিবে না। অবজ্ঞা সহকারে দান করিলে, দাতা দোষ প্রাপ্ত হয়েন।

অন্যায়াৎ সমুপাত্তেন দানধর্ম্মো ধনেন যঃ।
ক্রিয়তে ন স কর্ত্তারং ত্রায়তে মহতো ভয়াৎ ॥৮

বন ২৫৮। ৩২

যে ব্যক্তি অন্যায় উপার্জ্জিত অর্থ দ্বারা দান ধর্ম্মানুষ্ঠান করে, তাহার সেই কর্ম্ম তাহাকে পাপজনিত মহদ্ভয় হইতে রক্ষা করিতে পারে না।

তড়াগং সুকৃতং দেশে ক্ষেত্রমেকং মহাশ্রয়ং।
চতুর্ব্বিধানাং ভূতানাং তড়াগমুপলক্ষয়েৎ।
তড়াগানি চ সর্ব্বাণি দিশন্তি শ্রিয়মুত্তমাং ॥৯

অনুশাসন ৫৮। ২৯১৫

জলাশয় একটি পুণ্য ক্ষেত্র স্বরূপ। চতুর্ব্বিধ প্রাণী জলাশয় হইতে জল পান করিয়া জীবন ধারণ করে। জলাশয় প্রতিষ্ঠাতার নিশ্চয়ই শ্রীবৃদ্ধি হইয়া থাকে।

স্থাবরাণাঞ্চ ভূতানাং জাতয়ঃ ষট্ প্রকীর্ত্তিতাঃ।
বৃক্ষগুল্মলতাবল্ল্যস্ত্বক্‌সারাস্তৃণজাতয়ঃ।
এতা জাত্যস্তু বৃক্ষাণাং তেষাং রোপে গুণাস্ত্বিমে
কীর্ত্তিশ্চ মানুষে লোকে প্রেত্যচৈব ফলং শুভম্
॥১০

ঐ ২৯৯২

উদ্ভিদ পদার্থ বৃক্ষ, গুল্ম, লতা, বল্লী, বংশ ও তৃণ এই ছয় জাতিতে বিভক্ত। এই সমুদায় রোপণ করিলে

ইহ লোকে কীর্ত্তি ও পরলোকে শুভফল লাভ হইয়া থাকে।

তস্মাত্তড়াগে তদ্বৃক্ষা রোপ্যাঃ শ্রেয়োঽর্থিনা সদা
পুত্রবৎ পরিপাল্যাশ্চ পুত্রাস্তে ধর্ম্মতঃ স্মৃতাঃ॥ ১১

অনুশাসন ৫৮। ৩০০০

অতএব জলাশয়তীরে বৃক্ষ সমুদায় রোপণ করিয়া পুত্রের ন্যায় তাহাদের প্রতিপালন করা শ্রেয়োর্থী ব্যক্তির কর্ত্তব্য। তাহারা ধর্ম্মানুসারে রোপণ কর্ত্তার পুত্র স্বরূপ।

অভয়ং সর্ব্বভূতেভ্যো ব্যসনে চাপ্যনুগ্রহঃ।
যচ্চাভিলষিতং দদ্যাত্তৃষিতাভিযাচতে।
দত্তং মন্যেত যদ্দত্বা তদ্দানং শ্রেষ্ঠমুচ্যতে॥ ১২

ঐ ৫৯। ৩০০৫

সরলান্তঃকরণে প্রাণীগণকে অভয় প্রদান এবং কাহারো বিপদ উপস্থিত হইলে তাহাকে সাহায্য দান ও প্রার্থনানুরূপ ধন দান করিবে। ঐরূপ দানই শ্রেষ্ঠ দান বলিয়া পরিগণিত হইয়া থাকে।

পানীয়ং পরমং দানং দানানাং মনুরব্রবীৎ।
তস্মাৎ কূপাংশ্চ বাপীশ্চ তড়াগানি চ খানয়েৎ।১৩

ঐ ৬৫। ৩২৯১

মনু কহিয়াছেন, সকল দান অপেক্ষা জলদানই উৎকৃষ্ট; অতএব মনুষ্য কূপ বাপী ও তড়াগাদি খনন করাইবে

অন্নং বৈ প্রথমং দ্রব্যমন্নং শ্রীশ্চ পরা মতা।
অন্নাৎ প্রাণঃ প্রভবতি তেজো বীর্য্যং বলং তথা॥
সদ্যো দদাতি যশ্চান্নং সদৈকাগ্রমনা নরঃ।
ন স দুর্গানবাপ্নোতীত্যেবমাহ পরাশরঃ॥ ১৪

অনু ৬৬। ৩৩৬৮

অন্ন অতি উৎকৃষ্ট পদার্থ ও লক্ষ্মী স্বরূপ। অন্নদ্বারা পরমায়ু, তেজ, বল ও বীর্য্য পরিবর্দ্ধিত হয়। পরাশর কহিয়াছেন, যে ব্যক্তি একাগ্র মনে অন্নদান করেন, তাহাকে বিপদে পতিত হইতে হয় না।

সর্ব্বহিংসানিবৃত্তা যে নরাঃ সর্ব্বসহাশ্চ যে।
সর্ব্বস্যাশ্রয়ভূতাশ্চ তে নরাঃ স্বর্গগামিনঃ॥ ১৫

হিত ১০৭

যাহারা সকল প্রকার হিংসা হইতে নিবৃত্ত হয়, যাহারা সকল সহ্য করে, আর যাহারা সকলের আশ্রয় হয়, সেই সকল লোক স্বর্গে গমন করে।

রূপমব্যঙ্গতামায়ুর্ব্বুদ্ধিং সত্ত্বং বলং স্মৃতিং।
প্রাপ্তুকামৈর্নরৈর্হিংসা বর্জ্জিতা বৈ মহাত্মভিঃ॥১৬

অনু ১১৫। ৫৬০১

যাহারা রূপবান্, অবিকলাঙ্গ, দীর্ঘায়ু, বলশালী ও স্মরণশক্তিসম্পন্ন হইতে বাসনা করেন, তাহাদিগের হিংসা পরিত্যাগ করা নিতান্তই আবশ্যক।

মর্ত্তব্যমিতি যদ্দুঃখং পুরুষস্যোপজায়তে।
শক্যতে নানুমানেন পরোঽপি পরিবর্ণিতুং॥ ১৭

হিত ১১০

মরিতে হইল, এই বলিয়া যে দুঃখ হয়, তাহা, যে ব্যক্তি এইরূপ অবস্থাপন্ন, সেই জানিতে পারে, অপরে অনুমান করিয়া তাহা জানিতে পারে না।

ন ভক্ষয়তি যো মাংসং ন চ হন্যান্নঘাতয়েৎ।
তন্মিত্রং সর্ব্বভূতানাং মনুঃ স্বায়ম্ভুবোঽব্রবীৎ॥১৮

অনু ১১৫। ৫৬০৫

স্বায়ম্ভুব মনু কহিয়াছেন, যে ব্যক্তি পশু হিংসা ও মাংস ভোজনে পরাঙ্মুখ হয়, তাহাকে সর্ব্বভূতের মিত্র বলিয়া নির্দ্দেশ করিতে পারাযায়।

প্রাণা যথাত্মনোঽভীষ্টা ভূতানামপি বৈ তথা।
আত্মৌপম্যেন মন্তব্যং বুদ্ধিমদ্ভিঃ কৃতাত্মভিঃ॥১৯

ঐ ১১৫। ৫৬১৫

আপনার প্রাণ যেরূপ প্রিয়, সকল প্রাণীর প্রাণ সেইরূপ। বুদ্ধিমান ব্যক্তি আপনার তুলনায় উহা যথাবৎ প্রতীতি করিবেন।

শরণ্যঃ সর্ব্বভূতানাং বিশ্বাস্যঃ সর্ব্বজন্তুষু।
অনুদ্বেগকরো লোকে ন চাপ্যুদ্বিজতে সদা॥২০

ঐ ৫৬২৩

অহিংসক ব্যক্তি সর্ব্বভূতের শরণ্য বিশ্বাসপাত্র ও শান্তিজনক হইয়া নিরুদ্বেগে কালহরণ করিতে সমর্থ হয়েন।

ধনেন ক্রয়িকো হন্তি খাদকশ্চোপভোগতঃ।
ঘাতকো বধবন্ধাভ্যামিত্যেষ ত্রিবিধো বধঃ॥ ২১

ঐ ৫৬৩৩

যে ব্যক্তি, কোন জন্তুকে সংহার করিবার নিমিত্ত ক্রয় ারে, যে ব্যক্তি উহাকে সংহার করে এবং যে ব্যক্তি উহার াংস ভোজন করে, উহাদের তিন জনেরই এক এক াকারে ঐ জন্তুকে বধ করা হয়।

াখাদন্ননুমোদংশ্চ ভাবদোষেণ মানবঃ। [ ॥২২
যাঽনুমোদতি হন্তব্যং সোপি দোষেণ লিপ্যতে

অনুশাসন ১১৫। ৫৬৩৪

যে মনুষ্য স্বয়ং মাংস ভোজনে বিরত হইয়াও কোন ন্তুর বধ কার্য্যে অনুমোদন করে, তাহাকেও ঐ পাপে াপ্ত হইতে হয়।

াধৃষ্যঃ সর্ব্বভূতানামায়ুষ্মান্নীরুজঃ সুখী।
বত্যভক্ষয়ন্মাংসং দয়াবান্ প্রাণিনামিহ ॥ ২৩

ঐ ৫৬৩৫

যিনি প্রাণিগণের প্রতি দয়াবান্, মাংস ভোজনে রাঙ্মুখ, তিনি দীর্ঘায়ু, রোগবিহীন ও সর্ব্বভূতের অধৃষ্য ইয়া পরম সুখ প্রাপ্ত হয়েন।

াহিংসা পরমো ধর্ম্মস্তথাহিংসা পরো দমঃ।
াহিংসা পরমং দানমহিংসা পরমং তপঃ ॥ ২৪

ঐ ১১৬। ৫৭১৭

অহিংসা পরম ধর্ম্ম, অহিংসা পরম দম, অহিংসা পরম ন এবং অহিংসাই পরম তপস্যা।

াহিংস্রস্য তপোঽক্ষয্যমহিংস্রো যজতে সদা।
াহিংস্রঃ সর্ব্বভূতানাং যথা মাতা যথা পিতা ॥২৫

ঐ ৫৭২১

অহিংসক ব্যক্তির অক্ষয় তপস্যা হয়, অহিংসক ব্যক্তির সর্ব্বদা যজ্ঞ করা হয়, অহিংসক ব্যক্তি সর্ব্বভূতের পিতা মাতা স্বরূপ।

LIBRARY COOCH BEHAR

---

## ষষ্ঠ অধ্যায়।

(গার্হস্থ্যধর্ম্ম—আতিথ্য)

যস্মাত্ত্রয়োঽপ্যাশ্রমিণো জ্ঞানেনান্নেন চান্বহং।
গৃহস্থেনৈব ধার্য্যন্তে তস্মাজ্জ্যেষ্ঠাশ্রমো গৃহী॥১

মনু ৩। ৭৮

যেহেতু ব্রহ্মচারী, বানপ্রস্থ ও ভিক্ষু এই তিন আশ্রমীরাই প্রতিদিন জ্ঞানদ্বারা ও অন্নদ্বারা গৃহস্থ কর্ত্তৃকই উপকৃত হয়েন, অতএব গৃহস্থ আশ্রমই সকল আশ্রম হইতে শ্রেষ্ঠ।

গৃহস্থঃ পালয়েদ্দারান্ বিদ্যামভ্যাসয়েৎ সুতান্।
গোপয়েৎ স্বজনান্ বন্ধূনেষ ধর্ম্মঃ সনাতনঃ॥ ২

মহানির্ব্বাণ ৮। ৩৫

গৃহস্থ স্বীয় পত্নীকে প্রতিপালন করিবে, পুত্রদিগকে বিদ্যাভ্যাস করাইবে এবং স্বজন ও বন্ধুবর্গকে রক্ষা করিবে, এই সনাতন ধর্ম্ম।

মাতরং পিতরঞ্চৈব সাক্ষাৎ প্রত্যক্ষদেবতাং।
মত্বা গৃহী নিষেবেত সদা সর্ব্বপ্রযত্নতঃ॥ ৩

মহানির্ব্বাণ ৮। ২৫

গৃহী ব্যক্তি পিতামাতাকে সাক্ষাত প্রত্যক্ষ দেবতা স্বরূপ জানিয়া সর্ব্ব প্রযত্নে সর্ব্বদা তাঁহাদের সেবা করিবে।

শ্রাবয়েন্মৃদুলাং বাণীং সর্ব্বদা প্রিয়মাচরেৎ।
পিত্রোরাজ্ঞানুসারী স্যাৎ সৎপুত্রঃ কুলপাবনঃ॥ ৪

মহানির্ব্বাণ ৮। ২৯

পিতা মাতাকে মৃদুবাক্য কহিবে, সর্ব্বদা তাঁহাদের প্রিয়কার্য্য করিবে এবং তাঁহাদের আজ্ঞাবহ থাকিবে; সৎপুত্র কুলের পাবন।

গুরূণামেব সর্ব্বেষাং মাতা পরমকো গুরুঃ।
মাতা গুরুতরা ভূমেঃ খাৎ পিতোচ্চতরস্তথা॥ ৫

ঐ

সকল গুরুর মধ্যে মাতা পরম গুরু হয়েন। মাতা পৃথিবী অপেক্ষা গুরু; পিতা আকাশ অপেক্ষাও উচ্চ।

মাতাপিত্রোঃ প্রজায়ন্তে পুত্রাঃ সাধারণাঃ কবে।
তেষাং পিতা যথা স্বামী তথা মাতা ন সংশয়ঃ॥৬

আদিপর্ব্ব ১০৫। ৩০

মাতা ও পিতা হইতে পুত্রেরা উৎপন্ন হয়; তাহারা পিতা মাতা উভয়েরই সাধারণ বস্তু; পুত্রেতে পিতার যেরূপ স্বামীত্ব, মাতারও সেরূপ স্বামীত্ব থাকে, ইহাতে সংশয় নাই।

যং মাতাপিতরৌ ক্লেশং সহেতে সম্ভবে নৃণাং।
ন তস্য নিষ্কৃতিঃ শক্যা কর্ত্তুং বর্ষশতৈরপি॥ ৭

মনু ২। ২২৭

সন্তান হইলে পিতা মাতা যেরূপ ক্লেশ স্বীকার করেন, পুত্র শতবৎসরেও তাহার পরিশোধ করিতে সমর্থ হয় না।

আশংসতে হি পুত্রেষু পিতা মাতা চ [ভারত]।
যশঃ কীর্ত্তিমথৈশ্বর্য্যং প্রজা ধর্ম্মং তথৈব চ।
তয়োরাশান্তু সফলাং যঃ করোতি স ধর্ম্মবিৎ ॥ ৮

বন ২০৪। ১৮

পিতা মাতা পুত্র হইতে যশ, কীর্ত্তি, ঐশ্বর্য্য, সন্তান ও ধর্ম্ম আশা করিয়া থাকেন; যে ব্যক্তি পিতা মাতার আশা পূর্ণ করে, সেই যথার্থ ধর্ম্মজ্ঞ।

মাতাপিতৃভ্যাং যামীভির্ভ্রাত্রা পুত্রেণ ভার্য্যয়া
দুহিত্রা দাসবর্গেণ বিবাদং ন সমাচরেৎ ॥ ৯

মনু ৪। ১৮০

মাতা, পিতা, ভ্রাতা, পুত্র, পত্নী, কন্যা, ভগিনী ও পুত্রবধূ এবং ভৃত্যবর্গ ইহাদিগের সহিত বিবাদ করিবে না।

ভ্রাতা জ্যেষ্ঠঃ সমঃ পিত্রা ভার্য্যা পুত্রঃ স্বকা তনুঃ।
ছায়া স্বোদাসবর্গশ্চ দুহিতা কৃপণং পরং।
তস্মাদেতৈরধিক্ষিপ্তঃ সহেতাসংজ্বরঃ সদা ॥ ১০

মনু ৪। ১৮৪—৫

জ্যেষ্ঠ ভ্রাতা পিতৃতুল্য, ভার্য্যা ও পুত্র স্বীয় শরীরের ন্যায়, দাসবর্গ আপনার ছায়া স্বরূপ, আর দুহিতা

অতি কৃপাপাত্রী, অতএব এসকলের দ্বারা উক্ত্যক্ত হইলেও অসন্তপ্ত মনে তাহা সহ্য করিবে।

জ্যেষ্ঠঃ কুলং বৰ্দ্ধয়তি বিনাশয়তি বা পুনঃ।
হন্তি সৰ্ব্বমপি জ্যেষ্ঠঃ কুলং যত্র চ জায়তে ॥ ১১

অনুশাসন ১০৫। ৫১১৮

জ্যেষ্ঠ হইতে কুল সমুজ্জল হয়, আবার জ্যেষ্ঠ হইতেই কুল বিনষ্ট হইয়া যায়।

অথ যো বিনিকুৰ্ব্বীত জ্যেষ্ঠো ভ্রাতা যবীয়সঃ।
অজ্যেষ্ঠঃ স্যাদভাগশ্চ নিয়ম্যো রাজভিশ্চ সঃ॥১২

ঐ ৫১১৯

যিনি জ্যেষ্ঠ হইয়া কনিষ্ঠদিগকে বঞ্চনা করেন, তিনি জ্যেষ্ঠপদ বাচ্য ও জ্যেষ্ঠাংশের অধিকারী নহেন। রাজ-দ্বারে তাহার দণ্ড হওয়া উচিত।

ন জ্যেষ্ঠো নাবমন্যেত দুষ্কৃতঃ প্রাকৃতোঽপি বা।
যদি স্ত্রী যদ্যবরজঃ শ্রেয়শ্চেত্তত্তদাচরেৎ।
ধৰ্ম্মং হি শ্রেয় ইত্যাহুরিতি ধৰ্ম্মবিদো জনাঃ ॥১৩

ঐ ৫১২৫—৬

জ্যেষ্ঠ ভ্রাতা পাপনিরত ও দুরাত্মা হইলেও তাঁহাকে যথোচিত সম্মান করা কনিষ্ঠের অবশ্য কর্ত্তব্য। স্ত্রী অথবা কনিষ্ঠ সহোদর দুশ্চরিত্র হইলে তাহাদিগের শ্রেয় লাভের নিমিত্ত যত্ন করা নিতান্ত আবশ্যক। ধৰ্ম্মবিৎ পণ্ডিতেরা শ্রেয় সাধনকেই ধৰ্ম্ম বলিয়া নির্দ্দেশ করিয়া থাকেন।

জ্যেষ্ঠো ভ্রাতা পিতৃসমো মৃতে পিতরি [ভারত]
স হ্যেষাং বৃত্তিদাতা স্যাৎ স চৈতান্ প্রতিপালয়েৎ

অনুশাসন ১০৫। ৫১২৯

পিতা পরলোকে গমন করিলে জ্যেষ্ঠ ভ্রাতাই পিতৃ-স্বরূপ হইয়া কনিষ্ঠদিগের বৃত্তিবিধান ও তাহাদিগকে প্রতিপালন করিবেন।

কনিষ্ঠাস্তং নমস্যেরন্ সর্ব্বে ছন্দানুবর্ত্তিনঃ।
তমেব চোপজীবেরন্ যথৈব পিতরং তথা॥ ১৫

ঐ ৫১৩০

কনিষ্ঠ পিতার ন্যায় জ্যেষ্ঠের আজ্ঞা পালন ও তাঁহার প্রতি ভক্তি প্রদর্শনাদি করিবে।

ভ্রাতুর্জ্যেষ্ঠস্য ভার্য্যা যা গুরুপত্ন্যনুজস্য সা।
যবীয়সস্তু যা ভার্য্যা স্নুষা জ্যেষ্ঠস্য সা স্মৃতা॥ ১৬

মনু ৯। ৫৭

জ্যেষ্ঠ ভ্রাতার ভার্য্যা কনিষ্ঠ ভ্রাতার গুরুপত্নী স্বরূপ। আর কনিষ্ঠ ভ্রাতার ভার্য্যা জ্যেষ্ঠ ভ্রাতার পুত্রবধূ স্বরূপ।

জ্যেষ্ঠা মাতৃসমা চাপি ভগিনী [ভরতর্ষভ]। [১৭
ভ্রাতুর্ভার্য্যাচ তদ্বৎস্যাৎ যস্যা বাল্যে স্তনংপিবেৎ

অনুশাসন ১০৫। ৫

জ্যেষ্ঠা ভগিনী, জ্যেষ্ঠ ভ্রাতার পত্নী এবং বাল্যকালে যাহার স্তনা পান করা হইয়াছে, ইহারা মাতার তুল্য।

শরীরমেতৌ সৃজতঃ পিতা মাতা চ [ভারত]।
আচার্য্যশাস্তা যা জাতিঃ সা সত্যা সাঽজরাঽমরা

ঐ ৫১৩১

পিতা মাতা কেবল শরীর উৎপত্তির হেতু হয়েন; আচার্য্যশাসনে যে জ্ঞান ও সদাচারাদি শিক্ষা হয়, তাহা সত্য, অজর ও অমর।

শুশ্রূষতে যঃ পিতরং নাবসূয়েৎ কদাচন।
মাতরং ভ্রাতরং বাপি গুরুমাচার্য্য মেব চ।
তস্য[রাজন্]ফলং বিদ্ধি স্বর্লোকে স্থানমর্চ্চিতং॥১৯

অনুশাসন ৭৫। ৩৬৬৩

যে ব্যক্তি পিতা, মাতা, ভ্রাতা, গুরু ও আচার্য্য, ইহাদের সেবা করেন, কদাচ ইহাদের দ্বেষ না করেন, তাঁহার স্বর্গলোকে উত্তম স্থান লাভ হয়।

যাবন্ন বিন্দতে জায়াং তাবদর্দ্ধো ভবেৎ পুমান্।
নার্দ্ধং প্রজায়তে পূর্ণঃ প্রজায়েতেত্যপিশ্রুতিঃ॥২০

ব্যাস। ৩ অধ্যায়।

পুরুষ যাবৎ স্ত্রী গ্রহণ না করেন, তাবৎ তিনি অর্দ্ধেক থাকেন। অর্দ্ধেকেতে কখন সন্তানোৎপাদন হয় না; পূর্ণ অবস্থাতেই সন্তানোৎপত্তি সম্ভব। এইরূপ শ্রুতি আছে।

প্রজনার্থং মহাভাগাঃ পূজার্হা গৃহদীপ্তয়ঃ।
স্ত্রিয়ঃ শ্রিয়শ্চ গেহেষু ন বিশেষোঽস্তি কশ্চন॥২১

মনু ৯। ২৬

সন্তান উৎপত্তির নিমিত্ত স্ত্রীসকল বহু কল্যাণপাত্রী এবং আদরণীয়া; ইহারা গৃহকে উজ্জ্বল করেন; স্ত্রীতে আর শ্রীতে কিছুই বিশেষ নাই।

উৎপাদনমপত্যস্য জাতস্য পরিপালনং।
প্রত্যহং লোকযাত্রায়াঃ প্রত্যক্ষং স্ত্রীনিবন্ধনং॥২২

মনু ৯। ২৭

অপত্যের উৎপাদন, জাত অপত্যের প্রতিপালন ও প্রাত্যহিক লোক যাত্রার কার্য্য সকল স্ত্রী ব্যতীত হয় না।

যত্র ন্যার্য্যস্তু পূজ্যন্তে রমন্তে তত্র দেবতাঃ।
যত্রৈতাস্তু ন পূজ্যন্তে সর্ব্বাস্তত্রাফলাঃক্রিয়াঃ॥২৩

মনু ৩। ৫৬

যে কুলে স্ত্রীলোকেরা আদৃতা হয়েন, সেখানে দেবতারা প্রসন্ন থাকেন; যে কুলে স্ত্রীদিগের অনাদর, সেখানে সকল সৎক্রিয়া নিষ্ফল হয়।

অবিপ্লুতব্রহ্মচর্য্যো লক্ষণ্যাং স্ত্রিয়মুদ্বহেৎ।
অনন্যপূর্ব্বিকাং কান্তামসপিণ্ডাং যবীয়সীং।
অরোগিণীং ভ্রাতৃমতীমসমানার্ষগোত্রজাং।
পঞ্চমাৎ সপ্তমাদূর্দ্ধং মাতৃতঃ পিতৃতস্তথা॥ ২৪

যাজ্ঞবল্ক্য ১। ৫২—৫৩

পাঠ সমাপনানন্তর অনন্যপূর্ব্বা, অসপিণ্ডা, অসমগোত্রপ্রবরা, মাতৃপক্ষীয় পঞ্চম পুরুষ ও পিতৃপক্ষীয় সপ্তম পুরুষ বহির্ভূতা, বয়ঃকনিষ্ঠা, অরোগিণী, ভ্রাতৃমতী, মনোরমা, সুলক্ষণা কন্যাকে বিবাহ করিবে।

সর্ব্বাবয়বসম্পূর্ণাং সুব্রতামুদ্বহেন্নরঃ।
ক্রয়ক্রীতা চ যা কন্যা পত্নী সা ন বিধীয়তে॥২৫

অত্রি। ৩৭৯

সর্ব্বাবয়বসম্পূর্ণা ও সুশীলা স্ত্রীর সহিত বিবাহ করিবে। যে কন্যা মূল্য দ্বারা ক্রীত হয় সে বিধিসম্মত পত্নী নহে।

ন হ্যেব ভার্য্যা ক্রেতব্যা ন বিক্রয্যা কথঞ্চন।
যে চ ক্রীণন্তি দাসীঞ্চ বিক্রীণন্তি তথৈব চ।
ভবেত্তেষাং তথা নিষ্ঠা লুব্ধানাং পাপচেতসাং॥২৬

অনুশাসন ৪৪। ২৪৫১

ভার্য্যা ক্রয় ও বিক্রয়ের বিষয় নহে। যাহারা দাসী ক্রয় ও বিক্রয় করে, ইহাও সেই লুব্ধ-স্বভাব পামরদিগের কার্য্য।

অনিন্দিতৈঃ স্ত্রীবিবাহৈরনিন্দ্যা ভবতি প্রজা।
নিন্দিতৈর্নিন্দিতা নৃণাং তস্মান্নিন্দ্যান্ বিবর্জ্জয়েৎ
॥ ২৭

মনু ৩। ৪২

অনিন্দিতা স্ত্রীবিবাহ করিলে অনিন্দ্য সন্তান হয়, নিন্দিত স্ত্রীতে নিন্দিত সন্তান জন্মে। অতএব নিন্দিত স্ত্রীবিবাহ করিবে না।

ইমং হি সর্ব্ববর্ণানাং পশ্যন্তো ধর্ম্মমুত্তমং।
যতন্তে রক্ষিতুং ভার্য্যাং ভর্ত্তারো দুর্ব্বলা অপি॥২৮

মনু ৯। ৬

সকল বর্ণেরই এই উৎকৃষ্ট ধর্ম্ম যে, ভর্ত্তা দুর্ব্বল হইলেও আপন স্ত্রীকে রক্ষা করিতে যত্নবান হইবে।

স্বাং প্রসূতিং চরিত্রঞ্চ কুলমাত্মানমেবচ।
স্বঞ্চ ধর্ম্মং প্রযত্নেন জায়াং রক্ষন্ হি রক্ষতি ॥ ২৯

মনু ৯।৭

পত্নী সুরক্ষিত হইলে সন্তান, চরিত্র, কুল, আপনি ও আত্মধর্ম্ম রক্ষিত হয়।

অন্যোন্যস্যাব্যভিচারো ভবেদামরণান্তিকঃ।
এষ ধর্ম্মঃ সমাসেন জ্ঞেয়ঃ স্ত্রীপুংসয়োঃ পরঃ ॥ ৩০

মনু ৯।১০১

স্ত্রীপুরুষে মরণান্ত পর্য্যন্ত পরস্পর কাহারো প্রতি কেহ ব্যভিচার করিবে না, সংক্ষেপে তাহাদের এই ধর্ম্ম জানিবে।

কোঽর্থঃ পুত্রেণ জাতেন যো ন বিদ্বান্ ন ধার্ম্মিকঃ
কাণেন চক্ষুষা কিম্বা চক্ষুঃপীড়ৈব কেবলং ॥ ৩১

হিত ১২

পুত্র যদি ধার্ম্মিক ও পণ্ডিত না হয়, তাহা হইলে সে পুত্রে কোন ফল হয় না, বরং তজ্জন্য ক্লেশ বৃদ্ধি হয়; যেমন কাণ চক্ষু কেবল পীড়ারই কারণ হয়।

চতুর্ব্বর্ষাবধি সুতান্ লালয়েৎ পালয়েৎ পিতা।
ততঃ ষোড়শপর্য্যন্তং গুণান্ বিদ্যাঞ্চ শিক্ষয়েৎ॥ ৩২

মহানির্ব্বাণ ৮।৪৫

চারি বৎসর পর্য্যন্ত পুত্রের কেবল লালন পালন করিবে। তৎপরে ষোড়শ বর্ষ পর্য্যন্ত তাহাকে বিবিধ বিদ্যা ও গুণনৈপুণ্য শিক্ষা করাইবে।

বিংশত্যব্দাধিকান্ পুত্রান্ প্রেরয়েদ্গৃহকর্ম্মসু।
ততস্তান্ তুল্যভাবেন মত্বা স্নেহং প্রদর্শয়েৎ ॥৩৩

মহানির্ব্বাণ ৮। ৪৬

বিংশতি বর্ষের অধিক হইলে সন্তানকে গৃহকার্য্যে নিয়োগ করিবে এবং তদবধি তাহার প্রতি তুল্যভাবে ব্যবহার ও স্নেহ প্রদর্শন করিবে।

কন্যাপ্যেবং পালনীয়া শিক্ষণীয়াতিযত্নতঃ।
দেয়া বরায় বিদুষে ধনরত্নসমন্বিতা ॥ ৩৪

মহানির্ব্বাণ ৮। ৪৭

কন্যাকেও ঐরূপ পালন করিবে ও অতি যত্নের সহিত শিক্ষা দিবে এবং ধন রত্নের সহিত সুপণ্ডিত পাত্রে সম্প্রদান করিবে।

যাদৃগ্গুণেন ভর্ত্রা স্ত্রী সংযুজ্যেত যথাবিধি।
তাদৃগ্গুণা সা ভবতি সমুদ্রেণেব নিম্নগা ॥ ৩৫

মনু ৯। ২২

যে স্ত্রী যাদৃক্ গুণবিশিষ্ট ভর্ত্তার সহিত বিধিপূর্ব্বক সংযুক্ত হয়, সে স্ত্রী তাদৃক গুণই প্রাপ্ত হয়। যেমন নদীর জল স্বাদু হইয়াও সমুদ্রের সহিত লবণাক্ত হয়।

ন কন্যায়াঃ পিতা বিদ্বান্ গৃহ্ণীয়াচ্ছুল্কমণ্বপি।
গৃহ্ণন্ শুল্কং হি লোভেন স্যান্নরোঽপত্যবিক্রয়ী ॥৩৬

মনু ৩। ৫১

বিদ্বান্ পিতা কন্যাদান নিমিত্ত কিছুমাত্র পণ গ্রহণ

করিবেন না। লোভবশতঃ পণ গ্রহণ করিলে তাহাকে কন্যাবিক্রয়ী বলা যায়।

উত্তমৈরুত্তমৈর্নিত্যং সম্বন্ধানাচরেৎ সহ।
নিনীষুঃ কুলমুৎকর্ষমধমানধমাংস্ত্যজেৎ॥ ৩৭

মনু ৪।২৪৪

আপনার কুলের উৎকর্ষ সাধন জন্য বিদ্যা আচারাদি সম্পন্ন উৎকৃষ্ট কুলের সহিত সর্ব্বদা কন্যা দানাদি সম্বন্ধ নিবদ্ধ করিবে, অধম অধম কুল পরিত্যাগ করিবে।

কালেঽদাতা পিতা বাচ্যো ব্যাচ্যশ্চানুপয়ন্ পতিঃ।
মৃতে ভর্ত্তরি পুত্রস্তু বাচ্যো মাতুররক্ষিতা॥ ৩৮

মনু ৯।৪

যথাকালে কন্যা সম্প্রদান না করিলে পিতা দোষভাগী হয়, তাহার পরিরক্ষণ না করিলে স্বামী দোষভাগী হয়; স্বামীর মৃত্যু হইলে যদি পুত্র সেই মাতার রক্ষণাবেক্ষণ না করে, তাহা হইলে তাহাকে দোষভাগী হইতে হয়।

ধূমায়ন্তি ব্যপেতানি জ্বলন্তি সহিতানি চ।
[ধৃতরাষ্ট্রো] ল্মুকানীব জ্ঞাতয়ো [ভরতর্ষভ] ৩৯

উদ্যোগ ৩৫ ১৩১৯

যেমন দগ্ধকাষ্ঠ সকল পৃথক্ পৃথক্ হইলে ধূমায়িত হয় ও একত্র মিলিত হইলে প্রজ্বলিত হইয়া উঠে, জ্ঞাতিবর্গও তদ্রূপ।

মহানপ্যেকজো বৃক্ষো বলবান্ সুপ্রতিষ্ঠিতঃ।
প্রসহ্য এব বাতেন সস্কন্ধো মর্দ্দিতুং ক্ষণাৎ।
অথ যে সহিতা বৃক্ষাঃ সংঘশঃ সুপ্রতিষ্ঠিতাঃ।
তেহি শীঘ্রতমান্ বাতান্ সহন্তেঽন্যোন্যসংশ্রয়াৎ

উদ্যোগ ৩৫। ১৩২১—২

একাকীসঞ্জাত কোন সুবৃহৎ বৃক্ষ বলশালী ও দৃঢ়বদ্ধ হইলেও, বায়ু বলপূর্ব্বক ক্ষণকালের মধ্যেই তাহাকে স্কন্ধের সহিত বিমর্দ্দিত করিতে পারে। কিন্তু যে সমস্ত বৃক্ষ অনেকে একত্র সুপ্রতিষ্ঠিত থাকে, তাহারা পরস্পরের আশ্রয়ে প্রবল বায়ুবেগও সহ্য করিয়া থাকে।

এবং মনুষ্যমপ্যেকং গুণৈরপি সমন্বিতং।
শক্যং দ্বিষন্তো মন্যন্তে বায়ুর্দ্রুমমিবৈকজং॥ ৪১

ঐ ১৩২৩

এইরূপে বায়ু যেমন একাকী জাত বৃক্ষকে নষ্ট করিতে পারে, সেইরূপ গুণসমন্বিত মনুষ্যও যদি একাকী থাকেন, তবে শত্রুগণ তাহাকে পরাভব করা অনায়াসসাধ্য বিবেচনা করে।

তন্তবোঽপ্যায়িতা নিত্যং তনবো বহুলাঃ সমাঃ।
বহূন্ বহুত্বাদায়াসান্ সহন্তীত্যুপমা সতাং॥ ৪২

ঐ ১৩১৮

সমপরিমাণ, বহুসংখ্যক, সূক্ষ্ম সূক্ষ্ম আয়ত তন্তু সকলও বহুত্ব প্রযুক্ত তন্তুবায়ের বেমাঘাতাদি বহু ক্লেশ সহ্য করিয়া থাকে; ইহাই সাধু জ্ঞাতিদের উপমা।

যদাতু কশ্চিজ্জ্ঞাতীনাং বাহ্যঃ প্রার্থয়তে কুলং।
ন মর্ষয়ন্তি তৎসন্তো বাহ্যেনাভিপ্রধর্ষণং ॥ ৪৩

বন ২৪২। ৩

যদি অপর কোন ব্যক্তি কুলের অনিষ্ট চেষ্টায় প্রবৃত্ত হয়, তাহা হইলে সেই কুলজাত সৎপুরুষদিগের কর্ত্তব্য যে তাঁহারা এক মতাবলম্বী হইয়া পরকৃত দৌরাত্ম্যের প্রতিকার করেন।

সর্ব্বানর্থঃ কুলে যত্র জায়তে পাপপূরুষঃ।
অকীর্ত্তিং জনয়ত্যেব কীর্ত্তিমন্তর্দ্দধাতি চ ॥ ৪৪

অনুশাসন ১০৫। ৫১২১

যে কুলে কোন অনর্থকারী পাপাত্মা পুরুষ জন্মগ্রহণ করে, সেই কুলের কীর্ত্তি বিলুপ্ত ও অকীর্ত্তি চতুর্দ্দিকে সঞ্চারিত হয়।

বিভাগং বহবো মোহাৎ কর্ত্তুমিচ্ছতি নিত্যশঃ।
ততোবিভক্তাস্ত্বন্যোন্যং বিরুধ্যন্তেঽর্থমোহিতাঃ৪৫

আদি ২৯। ১৯

অনেকেই মুগ্ধ হইয়া পৈতৃক ধন বিভাগ করিতে ইচ্ছা করে এবং এইরূপে তাহারা বিভক্ত হইয়া ধনমায়ায় মোহিত হইয়া পরস্পর বিরোধে প্রবৃত্ত হয়।

ততঃ স্বার্থপরান্ মূঢ়ান্ পৃথগ্ভূতান্ স্বকৈর্ধনৈঃ।
বিদিত্বা ভেদয়ন্ত্যেতানমিত্রা মিত্ররূপিণঃ ॥ ৪৬

আদি ঐ ২০

পরে সেই স্বার্থপর ও মূঢ় সহোদরগণ নিজ নিজ

অংশ লইয়া পৃথক্ হইলেই অমিত্রগণ মিত্ররূপী হইয়া তাহাদের পরস্পর দ্বেষ জন্মাইয়া দিতে থাকে।

বিদিত্বা চাপরে ভিন্নানন্তরেষু পতন্ত্যথ।
ভিন্নানামতুলো নাশঃ ক্ষিপ্রমেব প্রবর্ত্ততে ॥ ৪৭

আদি ২৯। ২১

পরে যখন তাহারা পরস্পর বদ্ধবৈর হয়, তখন শত্রুগণ ছিদ্রান্বেষণ করিতে থাকে। শীঘ্র মধ্যেই সেই ভ্রাতৃগণের বিনাশ উপস্থিত হয়।

তস্মাদ্বিভাগং ভ্রাতৄণাং ন প্রশংসন্তি সাধবঃ।
গুরুশাস্ত্রেঽনিবদ্ধানামন্যোন্যেনাভিশঙ্কিনাং ॥ ৪৮

ঐ ২২

এই নিমিত্তই সাধুরা গুরু ও শাস্ত্রে অনাবদ্ধ পরস্পরা-ভিশঙ্কি ভ্রাতৃগণের পৃথক্ ভাবের প্রশংসা করেন না।

মাতরং পিতরং পুত্রং দারানতিথিসোদরান্।
হিত্বা গৃহী ন ভুঞ্জীয়াৎ প্রাণৈঃ কণ্ঠাগতৈরপি ॥ ৪৯

মহানির্ব্বাণ ৮। ৩৩

কণ্ঠাগতপ্রাণ হইলেও গৃহস্থব্যক্তি মাতা পিতা স্ত্রী পুত্র ও সহোদরগণকে পরিত্যাগ করিয়া আপনি ভোজন করিবে না।

বঞ্চয়িত্বা গুরূন্ বন্ধূন্ যো ভুংক্তে স্বোদরম্ভরঃ।
ইহৈব লোকে গর্হ্যোঽসৌ পরত্র নারকীভবেৎ ॥ ৫০

মহানির্ব্বাণ ৮। ৩৮

যে স্বোদরপরায়ণ ব্যক্তি গুরু ও বন্ধু সকলকে পরিত্যাগ করিয়া আপনি ভোজন করে, সে ইহলোকে নিন্দনীয় ও পরলোকে নরকগামী হয়।

এবং ক্রমেণ ভ্রাতৄংশ্চ স্বস্ৃভ্রাতৃসুতানপি।
জ্ঞাতীন্মিত্রাণি ভৃত্যাংশ্চ পালয়েত্তোষয়েদ্‌গৃহী৫১

মহানির্ব্বাণ ৮। ৪৮

এইরূপে গৃহী ব্যক্তি ভ্রাতা, ভগিনী, ভ্রাতুষ্পুত্র, জ্ঞাতি, মিত্র ও ভৃত্যাদিগকে পালন করিবে ও তাহাদিগকে সন্তুষ্ট রাখিবে।

ততঃ স্বধর্ম্মনিরতানেকগ্রামনিবাসিনঃ।
অভ্যাগতানুদাসীনান্ গৃহস্থঃ পরিপালয়েৎ ॥৫২

ঐ ৪৯

পরে, একগ্রাম নিবাসী স্বধর্ম্মনিরত ব্যক্তিগণকে ও অতিথি ও উদাসীন লোক সকলকে গৃহস্থ ব্যক্তি পালন করিবে।

তৃণানি ভূমিরুদকং বাক্ চতুর্থী চ সূনৃতা।
সতামেতানি গেহেষু নোচ্ছিদ্যন্তে কদাচন ॥ ৫৩

বন ২। ৫৩

সাধুগণের গৃহে তৃণ ভূমি জল ও সুনৃতবাক্য, এই চারি দ্রব্যের কোন কালেই অপ্রতুল থাকে না।

দেয়মার্ত্তস্য শয়নং স্থিতশ্রান্তস্য চাসনং।
তৃষিতস্য চ পানীয়ং ক্ষুধিতস্য চ ভোজনং ॥ ৫৪

বন ২। ৫৪

গৃহস্থ ব্যক্তি পীড়িত ব্যক্তিকে শয্যা, শ্রান্তকে আসন, তৃষিত ব্যক্তিকে জল ও ক্ষুধিত ব্যক্তিকে ভোজন প্রদান করিবে।

অতো মৃষ্টতরং নান্যৎ পূতং কিঞ্চি [চ্ছতক্রতো]
দত্ত্বা যস্ত্বতিথিভ্যোঽন্নং ভুংক্তে তেনৈব নিত্যশঃ॥৫৫

বন ১৯৩। ৩২

অতিথিদিগকে ভোজন করাইয়া তদবশিষ্ট অন্ন যে ভোজন হয়, তদপেক্ষা পবিত্র ও উপাদেয় অন্ন আর নাই।

যো দদ্যাদপরিক্লিষ্টমন্নমধ্বনি বর্ত্ততে।
শ্রান্তায়াদৃষ্টপূর্ব্বায় তস্য পুণ্যফলং মহৎ॥৫৬

বন ২। ৬১

যে বক্তি অদৃষ্টপূর্ব্ব শ্রান্ত পথিককে অক্লিষ্ট হইয়া অন্ন দান করেন, তিনি মহৎপুণ্য লাভ করেন।

অরাবপ্যুচিতং কার্য্যমাতিথ্যং গৃহমাগতে।
ছেত্তুঃ পার্শ্বগতাং ছায়াং নোপসংহরতে দ্রুমঃ॥৫৭

হিত ১০০

শত্রুও যদি গৃহে আসিয়া অতিথি হয়, তাহার সৎকার করা কর্ত্তব্য। বৃক্ষ তাহার ছেদন কর্ত্তারও উপরিগত ছায়াকে হরণ করে না।

অপ্রণোদ্যোঽতিথিঃ সায়ং সূর্য্যোঢ়ো গৃহমেধিনা।
কালে প্রাপ্তস্ত্বকালে বা নাস্যানশ্নন্ গৃহে বসেৎ৫৮

মনু ৩। ১০৫

সূর্য্য অস্তমিত হইলে গৃহস্থ ব্যক্তি গৃহাগত অতিথিকে প্রত্যাখ্যান করিবে না; অতিথি কালেতে আসুন বা অকালেই আসুন, তিনি গৃহস্থ ভবনে অনশনে থাকিবেন না।

নবৈ স্বয়ং তদশ্নীয়াদতিথিং যন্ন ভোজয়েৎ।
ধন্যং যশস্যমায়ুষ্যং স্বর্গ্যঞ্চাতিথিপূজনং॥ ৫৯

মনু ৩। ১০৬

কোন উৎকৃষ্ট দ্রব্য অতিথিকে না দিয়া আপনি ভোজন করিবে না। অতিথি সেবা দ্বারা বিপুল অর্থ যশ আয়ু ও স্বর্গ লাভ হয়।

অতিথীনাঞ্চ সর্ব্বেষাং প্রেষ্যাণাং স্বজনস্য চ।
সামান্যং ভোজনং ভৃত্যৈঃ পুরুষস্য প্রশস্যতে॥৬০

শান্তি। ১৯৩। ৭০৪০

অতিথি, প্রেষ্যগণ স্বজন ও ভৃত্য, ইহাদিগের সহিত সমোপচারে ভোজন করা পুরুষের প্রশংসনীয়।

---

# সপ্তম অধ্যায়।

( দম্পতীধর্ম্ম—নারীধর্ম্ম )

সম্যগ্ধর্ম্মার্থকামেষু দম্পতীভ্যামহর্নিশং।
একচিত্ততয়া ভাব্যং সমানব্রতবৃত্তিতঃ॥ ১

ব্যাসসংহিতা ৩ অধ্যায়।

ধর্ম্ম অর্থ ও কাম এই ত্রিবিধ কার্য্যে পতি

ও পত্নী সমানব্রতে বর্ত্তমান থাকিয়া সর্ব্বদা একচিত্ত হইবে।

অর্দ্ধং ভার্য্যা মনুষ্যস্য ভার্য্যা শ্রেষ্ঠতমঃ সখা।
ভার্য্যা মূলং ত্রিবর্গস্য ভার্য্যা মূলং তরিষ্যতঃ॥ ২

আদিপর্ব্ব ৭৪। ৪০

মনুষ্যের ভার্য্যা অর্দ্ধাঙ্গ, ভার্য্যা শ্রেষ্ঠতম সখা, ভার্য্যা ধর্ম্ম অর্থ ও কাম এই ত্রিবর্গের মূল এবং ভার্য্যা এই সংসার উত্তরণের নিদান।

ভার্য্যাবন্তঃ ক্রিয়াবন্তঃ সভার্য্যা গৃহমেধিনঃ।
ভার্য্যাবন্তঃ প্রমোদন্তে ভার্য্যাবন্তঃ শ্রিয়ান্বিতাঃ॥৩

ঐ ৪১

যাহার ভার্য্যা আছে তাহার ক্রিয়া কলাপ হইয়া থাকে, যাহার ভার্য্যা আছে সেই গৃহী, যাহার ভার্য্যা আছে সেই প্রমোদিত থাকে, যাহার ভার্য্যা আছে সেই শ্রীমান্।

কান্তারেষ্বপি বিশ্রামো জনস্যাধ্বনিকস্য বৈ।
যঃ সদারঃ স বিশ্বাস্যস্তস্মাদ্দারাঃ পরা গতিঃ॥ ৪

ঐ ৪৩

ক্বান্তার মধ্যে পত্নী পথিক ব্যক্তির বিশ্রাম স্থান হয়েন; যাহার ভার্য্যা আছে, তাহাকে সকলে বিশ্বাস করে; এই নিমিত্ত মনুষ্যের ভার্য্যা পরম গতি হয়েন।

ন চ ভার্য্যাসমং কিঞ্চিদ্বিদ্যতে ভিষজাং মতং।
ঔষধং সর্ব্বদুঃখেষু সত্যমেতদ্ব্রবীমি তে॥ ৫

বনপর্ব্ব ৬১। ২৯

ভার্য্যার সমান আর ঔষধ নাই ; ভার্য্যা মনুষ্যের সকল দুঃখের ঔষধ স্বরূপ।

ধনেন বাসসা প্রেম্না শ্রদ্ধয়ামৃতভাষণৈঃ।
সততং তোষয়েদ্দারান্ নাপ্রিয়ং কচিদাচরেৎ ॥৬

মহানির্ব্বাণ ৮। ৪২

ধন, বস্ত্র, প্রেম, শ্রদ্ধা ও মিষ্টবাক্য, এতদ্দ্বারা সর্ব্বদা পত্নীর সন্তোষসাধন করিবে, তাহার অপ্রিয়াচরণ করিবে না।

শাশ্বতোঽয়ং ধর্ম্মপথঃ সদ্ভিরাচরিতঃ সদা।
যদ্ভার্য্যাং পরিরক্ষন্তি ভর্ত্তারোঽল্পবলা অপি ॥ ৭

বন ১২। ৭০

সাধু লোকেরা চিরদিন এই ধর্ম্ম পালন করিয়া আসিতেছেন যে, ভর্ত্তা অল্পবল হইলেও স্ত্রীকে রক্ষা করিবে।

সূক্ষ্মেভ্যোঽপি প্রসঙ্গেভ্যঃ স্ত্রিয়োরক্ষ্যা বিশেষতঃ।
দ্বয়োর্হি কুলয়োঃ শোকমাবহেয়ুররক্ষিতাঃ ॥ ৮

মনু ৯। ৫

অতি সূক্ষ্ম দুঃসঙ্গ হইতেও স্ত্রীকে রক্ষা করিবে। স্ত্রী অরক্ষিত হইলে ভর্তৃকুল ও পিতৃকুল উভয় কুলের শোকের কারণ হয়।

উৎসবে লোকযাত্রায়াং তীর্থেষ্বন্যনিকেতনে।
ন পত্নীং প্রেষয়েৎ প্রাজ্ঞঃ পুত্রামাত্যবিবর্জ্জিতাং॥৯

মহানির্ব্বাণ ৮। ৪৩

প্রাজ্ঞব্যক্তি পুত্র বা অমাত্য প্রভৃতিকে সঙ্গে না দিয়া পত্নীকে উৎসবে, বহুলোকসমারোহ স্থলে, তীর্থে বা অপর লোকের আলয়ে প্রেরণ করিবেন না।

তথা নিত্যং যতেয়াতাং স্ত্রীপুংসৌ তু কৃতক্রিয়ৌ।
যথা নাভিচরেতাং তৌ বিযুক্তাবিতরেতরং ॥ ১০

মনু ৯। ১০২

স্বামী ও ভার্য্যা পরস্পর বিযুক্ত হইয়া যাহাতে কেহ কাহারো প্রতি ব্যভিচার না করেন, তাহারা সর্ব্বদা এরূপ যত্ন করিবেন।

উপচারক্রিয়া কেলিঃ স্পর্শো ভূষণবাসসাং।
সহখট্বাসনঞ্চৈব সর্ব্বং সংগ্রহণং স্মৃতং ॥ ১১

মনু ৮। ৩৫৭

মাল্য সুগন্ধাদি দ্রব্য উপহার প্রেরণ, কৌতুক, পরিহাস, অলঙ্কারবস্ত্রাদি ধারণ, এক খট্টায় উপবেশন, পরস্ত্রীর সহিত এসকল ব্যবহার স্ত্রীসংগ্রহণ রূপে গণ্য হয়।

শ্রুত্বা দম্পতিধর্ম্মং বৈ সহ ধর্ম্মকৃতং শুভং।
যা ভবেদ্ধর্ম্মপরমা নারী ভর্ত্তৃসমব্রতা।
দেববৎ সততং সাধ্বী ভর্ত্তারমনুপশ্যতি।
শুশ্রূষাং পরিচর্য্যাঞ্চ দেবতুল্যং প্রকুর্ব্বতী।
বশ্যা ভাবেন সুমনাঃ সুব্রতা সুখদর্শনা।
অনন্যচিত্তা সুমুখী সা নারী ধর্ম্মচারিণী ॥ ১২

অনুশাসন ১৪৬। ৬৭৮৫

দাম্পত্যধর্ম্ম শ্রবণপূর্ব্বক যে স্ত্রী ধর্ম্মানুরাগিণী ও স্বামীর তুল্য ব্রতচারিণী হয়েন এবং স্বামীকে দেবতুল্য সম্মান ও তাহার শুশ্রূষা ও পরিচর্য্যা করেন—যে স্ত্রী একনিষ্ঠচিত্তে, স্বামীর বশ্যাভাবে, সুপ্রসন্নমুখে সদনুষ্ঠানে নিরত থাকিয়া সুখদর্শনা হয়েন, তিনিই ধর্ম্মচারিণী ।

পতিপ্রিয়হিতে স্থিত্বা স্বাচারা সংযতেন্দ্রিয়া ।
ইহ কীর্ত্তিমবাপ্নোতি প্রেত্য চানুপমং সুখং ॥ ১৩

যাজ্ঞবল্ক্য ১ । ৮৭

যে ভার্য্যা পতির প্রিয় ও হিতকার্য্যে নিযুক্ত থাকেন, এবং সদাচারা ও সংযতেন্দ্রিয়া হয়েন, তিনি ইহলোকে কীর্ত্তি ও পরলোকে অনুপম সুখপ্রাপ্ত হয়েন ।

সা ভার্য্যা যা গৃহে দক্ষা সা ভার্য্যা যা প্রজাবতী ।
মনোবাক্‌কর্ম্মভিঃ শুদ্ধা পতিদেশানুবর্ত্তিনী ॥ ১৪

আদিপর্ব্ব এবং ব্যাস সংহিতা

সেই ভার্য্যা যে গৃহকার্য্যে নিপুণা, সেই ভার্য্যা যে সন্তানবতী, সেই ভার্য্যা যাহার মন বাক্য ও কর্ম্ম শুদ্ধ এবং যিনি পতির আজ্ঞানুসারিণী হয়েন ।

ছায়েবানুগতা স্বচ্ছা সখীব হিতকর্ম্মসু ।
দাসীবাদিষ্টকার্য্যেষু ভার্য্যা ভর্ত্তুঃ সদাভবেৎ ॥ ১৫

ব্যাস সংহিতা

স্ত্রী ছায়ার ন্যায় স্বামীর অনুগতা হইবে ; হিতকর্ম্মে

তাহার সখীর ন্যায় হইবে; এবং দাসীর ন্যায় তাহার আদিষ্ট কার্য্যগুলি সম্পন্ন করিবে।

পরুষাণ্যপি যা প্রোক্তা দৃষ্টা ক্রুদ্ধেণ চক্ষুষা।
সুপ্রসন্নমুখী ভর্ত্তুঃ সা নারী ধর্ম্মভাগিনী॥ ১৬

অনুশাসন ১৪৬। ৬৭৮৬

স্বামী যদি স্ত্রীকে নিষ্ঠুর বাক্য বলেন ও ক্রোধচক্ষুতে দেখেন, তাহা হইলেও যে স্ত্রী সুপ্রসন্নমুখে থাকেন, সেই স্ত্রী ধর্ম্মভাগিনী।

নেক্ষেৎ পতিং ক্রূরদৃষ্ট্যা শ্রাবয়েন্নৈব দুর্ব্বচঃ।
নাপ্রিয়ং মনসা বাপি চরেৎপত্যুঃ পতিব্রতা॥১৭

মহানির্ব্বাণ ৮। ১০৩

পতিব্রতা স্ত্রী স্বামীর প্রতি ক্রূরদৃষ্টিতে দেখিবে না, তাঁহাকে দুর্ব্বাক্য শুনাইবে না, মনেতেও তাঁহার অপ্রিয় চিন্তা করিবে না।

নোচ্চৈর্বদেন্ন পরুষং ন বহূন্ পত্যুরপ্রিয়ং।
ন কেনচিৎ বিবদেদপ্রলাপবিলাপিনী।
ন চাতিব্যয়শীলা স্যাৎ ন ধর্ম্মার্থবিরোধিনী॥১৮

ব্যাস সংহিতা ৩ অধ্যায়।

উচ্চৈঃস্বরে বাক্য রূঢ় বাক্য, বহুবাক্য ও স্বামীর অপ্রিয়বাক্য বলিবে না। কাহারো সহিত বিবাদ করিবে না, অনর্থক প্রলাপ বাক্য সকল বলিবে না; অধিক ব্যয়শীলা হইবে না; ধর্ম্মার্থের বিরোধিনী হইবে না।

বৈষম্যমপি সংপ্রাপ্তা গোপয়ন্তি কুলস্ত্রিয়ঃ।
আত্মানমাত্মনা সত্যো জিতস্বর্গা ন সংশয়ঃ॥ ১৯

বন ৭০।৮

কুলকামিনীগণ বিষম দশা প্রাপ্ত হইলেও স্বয়ং আপনাকে রক্ষা করেন। এই নিমিত্ত ঐ সকল সতীরা নিঃসন্দেহ স্বর্গলাভ করিয়া থাকেন।

জলোদরসমাযুক্তাঃ শ্বিত্রিণঃ পলিতাস্তথা।
অপুমাংসঃ কৃতাঃ স্ত্রীভির্জড়ান্ধবধিরাস্তথা।
পাপানুগাস্তু পাপাস্তাঃ পতীনুপস্থজন্ত্যুত।
ন জাতু বিপ্রিয়ং ভর্ত্তুঃ স্ত্রিয়া কার্য্যং কথঞ্চন॥২০

বন ২৩২।১৫—১৬

অনেক পাপপরায়ণা কামিনী স্বামীকে বশীভূত করিবার নিমিত্ত তাহাকে ঔষধ ভক্ষণ করায়। তাহাতে কেহ জলোদরগ্রস্ত, কেহবা কুষ্ঠী, কেহ বা পলিত, কেহ বা পুরুষত্বরহিত, কেহ বা জড় কেহ বা অন্ধ কেহ বা বধির হইয়া গিয়াছে। স্ত্রীগণের কদাপি স্বামীর বিপ্রিয়াচরণ করা কর্ত্তব্য নহে।

প্রমাদোন্মাদরোষের্ষ্যা বঞ্চনঞ্চাভিমানিতাং"
পৈশুন্যহিংসাবিদ্বেষমোহাহঙ্কারধূর্ত্ততাঃ।
নাস্তিক্যসাহসস্তেয়দম্ভান্ সাধ্বী বিবর্জ্জয়েৎ॥২১

ব্যাসসংহিতা। ২ অধ্যায়।

প্রমাদ, উন্মত্ততা, ক্রোধ, ঈর্ষ্যা, বঞ্চনা, অভিমান, খলতা হিংসা, বিদ্বেষ, মোহ, অহঙ্কার, ধূর্ত্ততা, নাস্তিকতা,

সাহস, চৌর্য্য এবং দম্ভ, সাধ্বী স্ত্রীরা এই সকল ত্যাগ করিবেন।

তিষ্ঠেৎ পিত্রোর্বশে বাল্যে ভর্ত্তুঃ সংপ্রাপ্তযৌবনে।
বার্দ্ধক্যে পতিবন্ধূনাং ন স্বতন্ত্রা ভবেৎক্বচিৎ ॥২২

মহানির্ব্বাণ ৮। ১০৬

স্ত্রী বাল্য কালে পিতার, যৌবনে স্বামীর এবং বৃদ্ধাবস্থায় পতিবন্ধুদিগের বশে থাকিবে, কখন স্বতন্ত্রা হইবে না।

পিত্রা ভর্ত্রা সুতৈর্ব্বাপি নেচ্ছেদ্বিরহমাত্মনঃ।
এষাং হি বিরহেণ স্ত্রী গর্হ্যে কুর্য্যাদুভে কুলে ॥২৩

মনু ৫। ১৪৯

পিতা, স্বামী, পুত্র, ইহাদিগের হইতে স্ত্রী কখন বিচ্ছিন্ন হইয়া থাকিতে ইচ্ছা করিবে না; যেহেতু স্ত্রী ইহাদিগের সহিত বিযুক্তা হইলে তাহার পিতৃকুল ও ভর্তৃকুল উভয় কুল নিন্দিত হয়।

পিতৃমাতৃসুতভ্রাতৃশ্বশ্রূশ্বশুরমাতুলৈঃ।
হীনা ন স্যাদ্বিনা ভর্ত্রা গর্হণীয়াঽন্যথাভবেৎ ॥২৪

ব্যাস সংহিতা ৩ অধ্যায়।

ভর্তৃহীনা স্ত্রী, পিতা মাতা পুত্র ভ্রাতা শ্বশুর শ্বশ্রূ ও মাতুল, ইহাদিগের হইতে দূরে থাকিবে না; কারণ তাহা হইলে স্ত্রী গর্হণীয়া হয়।

অরক্ষিতা গৃহে রুদ্ধাঃ পুরুষৈরাপ্তকারিভিঃ।
আত্মানমাত্মনা যাস্তু রক্ষেয়ুস্তাঃ সুরক্ষিতাঃ ॥ ২৫

মনু ৯। ১২

বিশ্বস্ত ব্যক্তিগণ কর্ত্তৃক গৃহমধ্যে রুদ্ধা থাকিলেও স্ত্রীরা অরক্ষিতা; যাহারা আপনাকে আপনি রক্ষা করে, তাহারাই সুরক্ষিতা হয়।

পানং দুর্জ্জনসংসর্গঃ পত্যাচ বিরহোঽটনং।
স্বপ্নোঽন্যগেহবাসশ্চ নারীসংদূষণানি ষট্ ॥ ২৬

হিত ১৩৮

মদ্যপান, অসৎপুরুষের সহিত সংসর্গ, ভর্ত্তৃবিরহ, ইতস্ততঃ ভ্রমণ, অকালে শয়ন ও পরগৃহে বাস, এই ছয়টী স্ত্রীলোকদিগের দোষের কারণ হয়।

সদাপ্রহৃষ্টয়া ভাব্যং গৃহকার্য্যেষু দক্ষয়া।
সুসংস্কৃতোপস্করয়া ব্যয়ে চামুক্তহস্তয়া ॥ ২৭

মনু ৫। ১৫০

স্ত্রী সর্ব্বদা প্রহৃষ্ট থাকিবে, গৃহকর্ম্মে দক্ষ হইবে, গৃহসামগ্রী সকল পরিষ্কৃত ও পরিচ্ছন্ন রাখিবে এবং ব্যয় বিষয়ে অমুক্তহস্ত হইবে।

শুশ্রূষাং পরিচর্য্যাঞ্চ করোত্যবিমনাঃ সদা।
সুপ্রীতাচ বিনীতাচ সা নারী ধর্ম্মভাগিনী ॥ ২৮

অনুশাসন ১৪৬। ৩৭৩০

যে স্ত্রী প্রীত ও বিনীত হৃদয়ে, একান্তচিত্তে, শুশ্রূষা ও পরিচর্য্যা করিয়া থাকেন, তিনি ধর্ম্ম লাভ করেন।

প্রিয়াংশ্চ রক্তাংশ্চ হিতাংশ্চ ভর্ত্তু
স্তান্ ভোজয়েথা বিবিধৈরুপায়ৈঃ।

দ্বৈষ্যৈরপক্ষ্যৈরহিতৈশ্চ তস্য
ভিদ্যস্ব নিত্যং কুহকোদ্যতৈশ্চ ॥ ২৯

বন ২৩৩। ৯

যে সমস্ত ব্যক্তি স্বামীর প্রণয়-পাত্র, সতত অনুরক্ত ও হিত সাধনে নিযুক্ত, তাহাদিগকে প্রযত্নসহকারে ভোজন করাইবে ; স্বামীকে দ্বেষ্য, বিপক্ষ, অহিতাচারী ও কুহকী-দিগের সহবাস পরিত্যাগ করাইবে।

শেষান্নমুপভুঞ্জানা যথান্যায়ং যথাবিধি।
তুষ্টপুষ্টজনা নিত্যং নারী ধর্ম্মেণ যুজ্যতে ॥৩০

অনুশাসন ১৪৬। ৬৭৯৪

যে নারী সকলকে ভোজন করাইয়া শেষান্ন আপনি ভোজন করেন ; যাহার পরিজনবর্গ তুষ্ট ও পুষ্টশরীর, সেই নারী ধর্ম্মলাভ করেন।

ন কামেষু ন ভোগেষু নৈশ্বর্য্যে ন সুখে তথা।
স্পৃহা যস্যা যথা পত্যৌ সা নারী ধর্ম্মভাগিনী॥৩১

ঐ ৬৭৯১

যে নারী কাম, ভোগ, ঐশ্বর্য্য ও সুখের অধিকতর অভিলাষিণী না হইয়া কেবল স্বামীকেই চায়, সেই নারী ধর্ম্মলাভ করে।

বিধায় বৃত্তিং ভার্য্যায়াঃ প্রবসেৎ কার্য্যবান্নরঃ।
অবৃত্তিকর্ষিতা হি স্ত্রী প্রদুষ্যেৎ স্থিতিমত্যপি॥৩২

মনু ৯। ৭৪

যদি পুরুষের দেশান্তর গমনের আবশ্যকতা হয়,

তবে নিজ পত্নীর ভক্তাচ্ছাদনোপযুক্ত বৃত্তি করিয়া দিয়া দেশান্তর যাইবে। তাহা না হইলে অদুষ্টা স্ত্রীকে ভক্তাচ্ছাদনের নিমিত্ত পরপুরুষ ভজনা করিতে হয়।

বিধায় প্রোষিতে বৃত্তিং জীবেন্নিয়মমাস্থিতা।
প্রোষিতে ত্ববিধায়ৈব জীবেচ্ছিল্পৈরগর্হিতৈঃ॥ ৩৩

মনু ৯। ৭৫

পত্নীর ভক্তাচ্ছাদনাদি দিয়া পতি প্রবাসগত হইলে, স্ত্রী নিয়মাবলম্বন পূর্ব্বক প্রাণধারণ করিবে; আর যদি বৃত্তি বিধান না করিয়া পুরুষ দেশান্তর গমন করে, তবে অনিন্দিত শিল্প কার্য্য দ্বারা জীবিকা নির্ব্বাহ করিবে।

পাণিগ্রাহস্য সাধ্বী স্ত্রী জীবতো বা মৃতস্য বা।
পতিলোকমভীপ্সন্তী নাচরেৎ কিঞ্চিদপ্রিয়ং॥৩৪

মনু ৫। ১৫৬

যে স্ত্রী পতির সহিত স্বর্গ ইচ্ছা করেন, সে সাধ্বী স্ত্রী স্বামীর জীবদ্দশায় বা তাহার মৃত্যুর পর তাহার কোন অপ্রিয় আচরণ করিবেন না।

নগরস্থো বনস্থো বা পাপো বা যদি বা শুচিঃ।
যাসাংস্ত্রীণাং প্রিয়ো ভর্ত্তা তাসাং লোকা মা..দয়া
॥ ৩৫

হিতোপদেশ ৪৬১

নগরস্থই হউক বা বনস্থই হউক, পবিত্র হউক বা অপবিত্র হউক, স্বামী যে স্ত্রীলোকদিগের প্রিয় হয়, তাহাদের উত্তম স্বর্গলাভ হয়।

বিশীলঃ কামবৃত্তো বা গুণৈর্ব্বা পরিবর্জ্জিতঃ।
উপচর্য্যঃ স্ত্রিয়া সাধ্ব্যা সততং দেববৎ পতিঃ॥৩৬

মনু ৫। ১৫৪

সদাচারবিহীন, অন্য স্ত্রীতে আসক্ত, বা গুণবিহীন হইলেও সাধ্বী স্ত্রী সর্ব্বদা দেবতার ন্যায় স্বামীর সেবা করিবে।

ভর্ত্তা হি পরমং নার্য্যা ভূষণং ভূষণৈর্ব্বিনা।
এষা বিরহিতা তেন শোভনাঽপি ন শোভনা॥৩৭

হিত ৪৬২

নারীজনের অলঙ্কার ব্যতিরেকেও স্বামী তাহার উত্তম অলঙ্কার স্বরূপ হয়। যে স্ত্রী ভর্তৃবিরহিতা, সে শোভিতা হইলেও শোভিতা নয়।

অনেন নারীবৃত্তেন মনোবাগ্‌দেহসংযতা।
ইহাগ্র্যাং কীর্ত্তিমাপ্নোতি পতিলোকং পরত্রচ ৩৮

মনু ৫। ১৬৬

যে স্ত্রী কায়মনোবাক্যে সংযত হইয়া এইরূপ নারীধর্ম্মে কালযাপন করেন, তিনি ইহলোকে শ্রেষ্ঠতম প্রতিষ্ঠা লাভ করিয়া পরকালে পতিলোকে গমন করেন।

সন্তুষ্টো ভার্য্যয়া ভর্ত্তা ভর্ত্রা ভার্য্যা তথৈবচ।
যস্মিন্নেব কুলে নিত্যং কল্যাণং তত্র বৈ ধ্রুবং॥৩৯

মনু ৩। ৬০

যে পরিবারে স্বামী ভার্য্যার প্রতি এবং ভার্য্যা স্বামীর প্রতি নিত্যই সন্তুষ্ট, সেই পরিবারের নিশ্চত কল্যাণ।

# অষ্টম অধ্যায়।

(জীবিকা—অর্থব্যবহার)

যেঽর্থা ধর্ম্মেণ তে সত্যা যেঽধর্ম্মেণ ধিগস্তু তান্।
ধর্ম্মং বৈ শাশ্বতং লোকে ন জহ্যাদ্ধনকাংক্ষয়া॥ ১

শান্তি ২৯৪। ১০৭৬৫

ধর্ম্মোপায়ে যে ধন লাভ হয়, তাহাকেই যথার্থ ধন লাভ বলে। অধর্ম্ম দ্বারা যে ধন উপার্জ্জন হয়, তাহাকে ধিক্কার। ধর্ম্ম নিত্য ধন, ধনের আকাঙ্ক্ষায় ধর্ম্ম নষ্ট করিবে না।

বিদ্যা শিল্পং ভৃতিঃ সেবা গোরক্ষ্যং বিপণিঃ কৃষিঃ।
ধৃতি র্ভৈক্ষ্যং কুসীদঞ্চ দশ জীবনহেতবঃ॥ ২

মনু ১০। ১১৬

বিদ্যা, শিল্প, বেতন গ্রহণ পূর্ব্বক কর্ম্ম, অপরের সেবা, পশুপালন, বাণিজ্য, কৃষি, সন্তোষ, ভিক্ষা, সুদের জন্য ধন প্রয়োগ, এই দশ উপায়ে জীবন যাত্রা নির্ব্বাহ হয়।

তিলে তৈলং গবি ক্ষীরং কাষ্ঠে পাবকমন্ততঃ।
ধিয়া ধীরো বিজানীয়াদুপায়ঞ্চাস্য সিদ্ধয়ে॥ ৩

বন ৩২। ২৭

পণ্ডিত ব্যক্তি বুদ্ধি দ্বারা তিল হইতে তৈল, গাভী হইতে দুগ্ধ, কাষ্ঠ হইতে পাবক প্রস্তুত করিবার উপায় স্থির করিয়া কার্য্য সিদ্ধির নিমিত্ত যত্ন করিবে।

মণিমুক্তাপ্রবালানাং লোহানাং তান্তবস্য চ।
গন্ধানাঞ্চ রসানাঞ্চ বিদ্যাদর্ঘবলাবলং॥ ৪

মনু ৯। ৩২৯

মণি মুক্তা প্রবাল সুবর্ণাদি রত্ন, বস্ত্র, কর্পূরাদি গন্ধদ্রব্য, লবণাদি রস, এই সকল বস্তুর উত্তমাধমমধ্যম ভেদে মূল্যের উৎকর্ষ অপকর্ষ অবগত হইবে।

বীজানামুপ্তিবিচ্চ স্যাৎ ক্ষেত্রদোষগুণস্য চ।
মানযোগঞ্চ জানীয়াত্তুলাযোগাংশ্চ সর্ব্বশঃ॥৫

মনু ৯। ৩৩০

বীজের বপন বিধি, ক্ষেত্রের গুণ দোষ, দ্রোণ পরিমাণ ও তুলামান জ্ঞাত হইবে।

সারাসারঞ্চ ভাণ্ডানাং দেশানাঞ্চ গুণাগুণান্।
লাভালাভঞ্চ পণ্যানাং পশূনাং পরিবর্দ্ধনং॥ ৬

ঐ ৩৩১

দ্রব্যের সারাসার, দেশভেদে তাহার গুণাগুণ, পণ্যের লাভালাভ এবং পশুদিগের পরিবর্দ্ধন তত্ত্ব অবগত হইবে।

ভৃত্যানাঞ্চ ভৃতিং বিদ্যাদ্ভাষাশ্চ বিবিধা নৃণাং।
দ্রব্যাণাং স্থানযোগাংশ্চ ক্রয়বিক্রয়মেবচ॥ ৭

ঐ ৩৩২

লোকের দেশ কাল ও কর্ম্মের উপযোগী বেতন, বিবিধ দেশের ভাষা, দ্রব্যের সংরক্ষণ উপায় এবং ক্রয় বিক্রয়ের ব্যবস্থাদি অবগত হইবে।

রঙ্গাবতরণঞ্চৈব তথা রূপোপজীবনং।
মদ্যমাংসোপজীব্যঞ্চ বিক্রয়ং লোহচর্ম্মণোঃ।
অপূর্ব্বিণা ন কর্ত্তব্যং কর্ম্ম লোকে বিগর্হিতং।
কৃতপূর্ব্বিস্তু ত্যজতো মহান্ ধর্ম্ম ইতি শ্রুতিঃ ॥৮

শান্তি ২৯৬। ১০৭৯৬

নাট্যাভিনয় ও বহুরূপী সজ্জা দ্বারা এবং মদ্য মাংস ও লৌহচর্ম্ম বিক্রয় দ্বারা জীবিকা নির্ব্বাহ করা নিন্দনীয়। যাহারা এসকল কার্য্য কখন করেন নাই, তাহারা করিবেন না; যাহারা পূর্ব্বে করিয়াছেন, তাহারা যদি এখন ত্যাগ করেন, তাহা হইলে পরমধর্ম্ম লাভ হয়।

লব্ধানামপি বিত্তানাং বোদ্ধব্যৌ দ্বাবতিক্রমৌ।
অপাত্রে প্রতিপত্তিশ্চ পাত্রে চাপ্রতিপাদনং ॥ ৯

শান্তি ২৬। ৭৯৮

অনুপযুক্ত বিষয়ে নিয়োগ এবং উপযুক্ত বিষয়ে নিয়োগ না করা, এই দুই প্রকারে লব্ধ ধনের অসদ্ব্যবহার হয়।

যঃ কাকিনীমপ্যপথপ্রপন্নাং
সমুদ্ধরেন্নিষ্কসহস্রতুল্যাং।
কালেষু কোটিষ্বপি মুক্তহস্ত
স্তং রাজসিংহং ন জহাতি লক্ষ্মীঃ ॥ ১০

হিত ৫৬৩

যে ব্যক্তি অস্থানস্থিত কাকিনীকেও সহস্র নিষ্কতুল্য জ্ঞান করিয়া তাহা সংগ্রহ করে, আর সময় বিশেষে কোটি

ধন ব্যয়ে মুক্তহস্ত হয়, সেই রাজসিংহকে লক্ষ্মী ত্যাগ করেন না।

তস্য চাপি ভবেৎ কার্য্যং বিবৃদ্ধৌ রক্ষণে তথা।
ভক্ষ্যমাণো হ্যনাদানাৎ ক্ষীয়েত হিমবানপি॥১১

বন ৩২। ১০

অর্থের রক্ষণাবেক্ষণ ও বৃদ্ধি করণের আবশ্যকতা আছে। কেবল ব্যয় করিলে হিমাচলও ক্ষয় হইয়া যায়।

ক্ষিপ্রমায়মনালোচ্য ব্যয়মানঃ স্ববাঞ্ছয়া।
পরিক্ষীয়ত এবাসৌ ধনী বৈশ্রবণোপমঃ॥ ১২

হিত ৩৪৯

আয় না দেখিয়া আপন ইচ্ছাতে ব্যয় করিলে কুবেরের তুল্য ধনবানও দরিদ্র হয়।

অকর্ম্মণাং বৈ ভূতানাং বৃত্তিঃ স্যান্ন হি কাচন।
তদেবাভিপ্রপদ্যেত ন বিহন্যাৎ কদাচন॥ ১৩

বন ৩২। ৮

কর্ম্মপরাঙ্মুখ ব্যক্তিরা কখনই জীবিকা নির্ব্বাহ করিতে পারে না। তন্নিমিত্ত সকলেরই কর্ম্মানুষ্ঠানে ব্যাপৃত থাকা কর্ত্তব্য।

সর্ব্বং কর্ম্মেদমায়ত্তং বিধানে দৈবমানুষে।
তয়োর্দৈবমচিন্ত্যন্তু মানুষে বিদ্যতে ক্রিয়া॥১৪

মনু ৭। ২০৫

তাবৎ কর্ম্ম দৈব ও মানুষ ব্যাপারাধীন। তন্মধ্যে

দৈববিষয়ে মনুষ্যের হস্ত নাই, যাহা পৌরুষসাধ্য তাহা মনুষ্যের সম্পন্ন করা উচিত।

ষড়্ দোষাঃ পুরুষেণেহ হাতব্যা ভূতিমিচ্ছতা।
নিদ্রা তন্দ্রা ভয়ং ক্রোধমালস্যং দীর্ঘসূত্রতা ॥ ১৫

হিত ৭৪

ঐশ্বর্য্যেচ্ছু পুরুষ, নিদ্রা তন্দ্রা ভয় ক্রোধ আলস্য ও দীর্ঘসূত্রতা, এই ছয় দোষ ত্যাগ করিবে।

---

# নবম অধ্যায়।

(স্বাস্থ্য)

ধর্ম্মার্থকামমোক্ষাণামারোগ্যং মূলমুত্তমং।
রোগাস্তস্যাপহর্ত্তারঃ শ্রেয়সো জীবিতস্যচ ॥ ১

চরক সংহিতা, দীর্ঘজীবিতাধ্যায়। ১৩—১৪ শ্লোক।

ধর্ম্ম অর্থ কামনা ও মোক্ষের পক্ষে স্বাস্থ্যই মূল। রোগ মনুষ্যের সেই স্বাস্থ্য মঙ্গল ও জীবন হরণ করে।

অনারোগ্যমনায়ুষ্যমস্বর্গ্যঞ্চাতিভোজনং।
অপুণ্যং লোকবিদ্বিষ্টং তস্মাত্তৎ পরিবর্জ্জয়েৎ ॥ ২

মনু ২। ৫৭

অতিশয় ভোজন করিলে শরীর রোগেতে আক্রান্ত হয়, পরমায়ু হ্রাস হয় এবং তাহা অপুণ্য ও লোকবিদ্বিষ্ট কার্য্য; অতএব অতিভোজন পরিত্যাগ করিবে।

সায়ম্প্রাতর্ম্মনুষ্যাণামশনং দেবনির্ম্মিতং।
নান্তরা ভোজনং দৃষ্টমুপবাসী তথা ভবেৎ॥ ৩

শান্তি ১৯৩। ৭০৪১

সায়ংকাল ও প্রাতঃকাল এই দুই কালই মনুষ্যদিগের ভোজনের প্রকৃত সময় বলিয়া নিরূপিত হইয়াছে; এই নির্দ্দিষ্ট সময়ে ভোজন করিলে উপবাসের ফল লাভ হয়।

আহারনিয়মঞ্চৈব দেশে কালে চ সাত্ত্বিকং।
তৎপরীক্ষ্যানুবর্ত্তেত তৎপ্রবৃত্ত্যনুপূর্ব্বকং॥ ৪

ঐ ২১৫। ৭৮১৬

দেশ কাল বিবেচনা পূর্ব্বক সাত্ত্বিক আহারের নিয়ম পালন করা কর্ত্তব্য।

যচ্ছক্যং গ্রসিতুঃ গ্রস্যং গ্রস্তং পরিণমেচ্চ যৎ।
হিতঞ্চ পরিণামে যত্তদাদ্যং ভূতিমিচ্ছতা॥ ৫

উদ্যোগ ৩৩। ১১০৭

যাহা ভোজন করিবার উপযুক্ত, যাহা ভোজন করিলে পরিপাক হইতে পারে এবং যাহা পরিপাকাবস্থায় হিতকর হয়, তাহাই ভোজন করিবে।

দ্বিবিধো জায়তে ব্যাধিঃ শারীরো মানসস্তথা।
পরস্পরং তয়োর্জন্ম নির্দ্বন্দ্বং নোপলভ্যতে॥ ৬

শান্তি ১৬। ৪৮৯

ব্যাধি দ্বিবিধ; শারীরিক ও মানসিক। ঐ উভয়বিধ ব্যাধি পরস্পরের সাহায্যে সমুৎপন্ন হয়।

শারীরাজ্জায়তে ব্যাধির্মানসোনাত্র সংশয়ঃ।
মানসাজ্জায়তে চাপি শারীর ইতি নিশ্চয়ঃ॥ ৭

শান্তি ১৬। ৪৯০

শরীর অসুস্থ হইলে মন অসুস্থ ও মন অসুস্থ হইলে শরীর অসুস্থ হয়, ইহা নিশ্চয়।

শীতোষ্ণে চৈব বায়ুশ্চ ত্রয়ঃ শারীরজা গুণাঃ।
তেষাং গুণানাং সাম্যং যত্তদাহুঃ স্বস্থলক্ষণং॥ ৮

ঐ ৪৯২

কফ, পিত্ত ও বায়ু এই তিনটী শারীরিক গুণ। যাহাদিগের এই তিন গুণ সমভাবে থাকে, তাহাদিগেকে সুস্থ বলা যায়।

তেষামন্যতমোদ্রেকে বিধানমুপদিশ্যতে।
উষ্ণেণ বাধ্যতে শীতং শীতেনোষ্ণংপ্রবাধ্যতে॥৯

ঐ ৪৯৩

যখন এই তিনের অন্যতর গুণ প্রবল হয়, তখন তাহার প্রতিবিধান করিবার ব্যবস্থা আছে। উষ্ণ দ্রব্য দ্বারা কফের ও শীতল দ্রব্য দ্বারা পিত্তের নিবারণ হয়।

সত্ত্বং রজস্তম ইতি মানসাঃ স্যুস্ত্রয়ো গুণাঃ।
তেষাং গুণানাং সাম্যং যৎ তদাহুঃস্বস্থলক্ষণং॥১০

ঐ ৪৯৪

মনের ও তিন গুণ; সত্ত্ব, রজ, তম। যাহাদিগের ঐ তিন গুণ সমভাবে থাকে, তাহারাই সুস্থ।

তেষামন্যতমোদ্রেকে বিধানমুপদিশ্যতে।
হর্ষেণ বাধ্যতে শোকো হর্ষঃ শোকেন বাধ্যতে॥ ১১

ঐ ৪৯৫

ঐ গুণত্রয়ের মধ্যে কোন গুণের প্রাবল্য হইলে তাহার প্রতিবিধানের ব্যবস্থা আছে। শোক দ্বারা হর্ষবেগ ও হর্ষ দ্বারা শোকবেগ অবরুদ্ধ হইয়া থাকে।

রোগমাদৌপরীক্ষেত ততোহনন্তরমৌষধং।
ততঃ কর্ম্মভিষক্ পশ্চাৎ জ্ঞানপূর্ব্বং সমাচরেৎ॥ ১২

চক্রদত্তাদি গ্রন্থ ধৃত বচন।

অগ্রে রোগ পরীক্ষা করিয়া পরে ঔষধ প্রদান করিবে। পশ্চাৎ বিবেচনা করিয়া পথ্যাদি প্রদান করিবে।

তদেব যুক্তং ভৈষজ্যং যদারোগ্যায় কল্পতে।
সচৈব ভিষজাং শ্রেষ্ঠো রোগেভ্যো যঃ প্রমোচয়েৎ

চরক ১ অধ্যায়।

যাহাতে রোগ নিবারণ হয়, তাহাই যথার্থ ঔষধ; যিনি রোগ হইতে মুক্ত করিতে পারেন, তিনিই যথার্থ চিকিৎসক।

---

# দশম অধ্যায়।

(তেজ—ক্ষমা)

পুরং বিষহতে যস্মান্ তস্মাৎ পুরুষ উচ্যতে।
তমাহুর্ব্বর্থ্যনামানং স্ত্রীবৎ য ইহ জীবতি॥ ১

উদ্যোগ ১৩২। ৪৫২৯

পরপরাক্রম প্রভৃতি গুরুতর ভার ধারণে শক্ত হয় বলিয়াই লোক পুরুষ শব্দে বাচ্য হয়। যে ব্যক্তি স্ত্রীলোকের ন্যায় নিরীহভাবে জীবন অতিবাহিত করে; তাহার পুরুষ নাম ব্যর্থ।

উদ্যচ্ছেদেব ন নমেদুদ্যমো হ্যেব পৌরুষং।
অপ্যপর্ব্বণি ভজ্যেত ন নমেদিহ কর্হিচিৎ ॥ ২

উদ্যোগ ১২৬। ৪২৫১

নিয়তই উদ্যত থাকিবে; কোন ক্রমে অবনত হইবে না; উদ্যমই পৌরুষ; বরঞ্চ অপর্ব্ব স্থানে ভগ্ন হইবে, তথাপি কোন কালে নত হইবে না।

বলশৌর্য্যাদভাবশ্চ পুরুষাণাং গুণৈর্বিনা।
লংঘনীয়ঃ সমস্তস্য বলশৌর্য্যবিবর্জ্জিতঃ ॥ ৩

বিষ্ণু পুরাণ ১ অংশ ৯। ৩০

অন্তঃসার না থাকিলেই বল শৌর্য্যাদির অভাব হয়; বল শৌর্য্যাদির অভাব হইলে সকলে সেই ব্যক্তিকে পরাভব ও অগ্রাহ্য করে।

পরবীর্য্যং সমাশ্রিত্য যঃ সমাহ্বয়তে পরান্।
অশক্তঃ স্বয়মাদাতুমেতদেব নপুংসকং ॥ ৪।

উদ্যো·

যে স্বয়ং অশক্ত হইয়া পরবল আশ্রয়ে শত্রুর সহিত যুদ্ধে প্রবৃত্ত হয়, সে নপুংসক স্বরূপ।

স্ববীর্য্যং যঃ সমাশ্রিত্য সমাহ্বয়তি বৈ পরান্।
অভীতো যুধ্যতে শত্রূন্ স বৈ পুরুষ উচ্যতে ॥৫

উদ্যোগ

যে ব্যক্তি আপনার বলেই শত্রুজয় করিতে উদ্যত হয় এবং অভীত হইয়া শত্রুর সহিত যুদ্ধ করে, সেই পুরুষ।

ন শ্রেয়ঃ সততং তেজো ন নিত্যং শ্রেয়সী ক্ষমা
ইতি [ তাত ] বিজানীহি দ্বয়মেতদসংশয়ং ॥ ৬

বন ২৮। ৬

কেবলই তেজ আশ্রয় করিলে শ্রেয়োলাভ হয় না, কেবলই ক্ষমা অবলম্বন করিলেও শ্রেয়ঃ সাধন হয় না; এই দুই অসংশয়।

তথৈব যঃ ক্ষমাকালে ক্ষত্রিয়ো নোপশাম্যতি।
অপ্রিয়ঃ সর্ব্বভূতানাং সোঽমুত্রেহ চ নশ্যতি ॥ ৭

বন ২৭। ৩৯

যে ব্যক্তি ক্ষমাকালে ক্ষমা অবলম্বন না করে সে সকলের অপ্রিয় ও ইহকালে ও পরকালে বিনাশ প্রাপ্ত হয়।

ক্রোধো হন্তা মনুষ্যাণাং ক্রোধো ভাবয়িতা পুনঃ।
ইতি বিদ্ধি [মহাপ্রাজ্ঞে] ক্রোধমূলৌ ভবাভবৌ ॥ ৮

বন ২৯। ১

ক্রোধ মনুষ্যকে সংহার করে ও ক্রোধই মঙ্গলের কারণ হয়; সুতরাং শুভাশুভ ঘটনা ক্রোধ হইতেই সমুদ্ভূত হইয়া থাকে।

তেজস্বীতি যমাহুর্বৈ পণ্ডিতা দীর্ঘদর্শিনঃ।
ন ক্রোধোঽভ্যন্তরস্তস্য ভবতীতি বিনিশ্চিতম্॥৯

বন ২৯। ১৬

দীর্ঘদর্শী পণ্ডিতগণ যাহাকে তেজস্বী বলিয়া বলেন, তাঁহার অন্তরে কখনই ক্রোধ থাকে না, ইহা নিশ্চিত।

যস্তু ক্রোধং সমুৎপন্নং প্রজ্ঞয়া প্রতিবাধতে।
তেজস্বিনং তং বিদ্বাংসো মন্যন্তে তত্ত্বদর্শিনঃ॥১০

বন ২৯। ১৭

যিনি সমুৎপন্ন ক্রোধকে প্রজ্ঞাবলে বশীভূত করিতে পারেন, তত্ত্বদর্শী পণ্ডিতগণ তাঁহাকেই তেজস্বী বলিয়া জ্ঞান করেন।

যদি ন স্যুর্ম্মানুষেষু ক্ষমিণঃ পৃথিবীসমাঃ।
ন স্যাৎ সন্ধির্মনুষ্যাণাং ক্রোধমূলো হি বিগ্রহঃ॥১১

বন ২৯। ২৫

যদি মনুষ্যের মধ্যে পৃথিবীর ন্যায় ক্ষমাশীল ব্যক্তি সকল না জন্মিত, তাহা হইলে মনুষ্যদিগের মধ্যে সন্ধি স্থাপন হইত না। ক্রোধই যুদ্ধাদির মূল।

অভিষক্তো হ্যভিষজেদাহন্যাদ্গুরুণা হতঃ।
এবং বিনাশো ভূতানামধর্ম্মঃ প্রথিতো ভবেৎ॥১২

ঐ ২৬

তাপিত হইলেই তাপ প্রদান করিবে, গুরু কর্তৃক আহত হইলেও তাহাকে আঘাত করিবে, এইরূপ হইলে সমুদায় জগৎ বিনষ্ট হয় এবং অধর্ম্ম পরিবর্দ্ধিত হয়।

কালে মৃদু র্যো ভবতি কালে ভবতি দারুণঃ।
স বৈ সুখমবাপ্নোতি লোকেঽমুষ্মিন্নিহৈব চ॥১৩

বন ২৮। ২৫

যে ব্যক্তি যথাকালে ক্ষমাযুক্ত এবং যথাকালে তেজঃ-পূর্ণ হয়, সেই ব্যক্তি ইহকালে ও পরকালে সুখ সম্ভোগ করে।

মৃদুনা দারুণং হন্তি মৃদুনা হন্ত্যদারুণং।
নাসাধ্যং মৃদুনা কিঞ্চিত্তস্মাত্তীব্রতরং মৃদু ॥ ১৪

বন ২৮। ৩২

শমতা দ্বারা কি উগ্রস্বভাব কি মৃদুস্বভাব সকলকেই বশ করা যায়; শমতার অসাধ্য কিছুই নাই; অতএব শমতাই বলীয়ান্ উপায়।

অবুদ্ধিমাশ্রিতানান্তু ক্ষন্তব্যমপরাধিনাং।
ন হি সর্ব্বত্র পাণ্ডিত্যং সুলভং পুরুষেণ বৈ ॥ ১৫

ঐ ২৮

যে ব্যক্তি অজ্ঞান বশতঃ অন্যের নিকট অপরাধী হয়, তাহার অপরাধ ক্ষমা করা কর্ত্তব্য। কারণ সকলে শ্রেয়স্করী বুদ্ধি লাভ করিতে পারে না।

পূর্ব্বোপকারী যস্তে স্যাদপরাধে গরীয়সি।
উপকারেণ তত্তস্য ক্ষন্তব্যমপরাধিনঃ ॥ ১৬

ঐ ২৭

যে ব্যক্তি পূর্ব্বে তোমার উপকার করিয়াছিল, সে যদি এখন কোন গুরুতর অপরাধেও অপরাধী হয়, সেই অপরাধের প্রতিশোধে তাহার উপকার করা কর্ত্তব্য।

ক্ষমাবশীকৃতি র্লোকে ক্ষময়া কিং ন সাধ্যতে।
ক্ষমা গুণোহ্যশক্তানাং শক্তানাং ভূষণং ক্ষমা ॥ ১৭

ঐ ২৯। ৪২

ক্ষমা দ্বারা সকলেই বশ হয়, ক্ষমা দ্বারা কোন্ কার্য্য সাধিত না হয়? ক্ষমা শক্তিহীন ব্যক্তির গুণ; শক্তিসম্পন্ন ব্যক্তিরও ক্ষমাই ভূষণ।

ক্ষমাবতাময়ং লোকঃ পরশ্চৈব ক্ষমাবতাং।
ইহ সম্মানমর্হন্তি পরত্র চ শুভাং গতিং॥ ১৮

বন ২৯। ৪৩

ক্ষমাপর ব্যক্তিদিগের উভয় লোক হস্তগত; তাহারা ইহলোকে সম্মান ও পরলোকে শ্রেয়সী গতি প্রাপ্ত হয়।

---

# একাদশ অধ্যায়।

( উদ্যম—অধ্যবসায় )

আরভেতৈব কর্ম্মাণি শ্রান্তঃ শ্রান্তঃ পুনঃ পুনঃ।
কর্ম্মাণ্যারভমাণং হি পুরুষং শ্রীর্নিষেবতে॥ ১

মনু ৯। ৩০০

কর্ম্ম করিয়া পুনঃ পুনঃ শ্রান্ত হইলেও তথাপি কর্ম্ম আরম্ভ করিবে। যে পুরুষ নিত্য কর্ম্মারম্ভশালী তাহাকে শ্রী সেবা করে।

নাত্মানমবমন্যেত পূর্ব্বাভিরসমৃদ্ধিভিঃ।
আমৃত্যোঃ শ্রিয়মন্বিচ্ছেন্নৈনাং মন্যেত দুর্লভাং॥ ২

মনু ৪। ১৩৭

প্রথমে ধনসম্পত্তির নিমিত্ত উদ্যুক্ত হইয়া তাহাতে

কৃতকার্য্য হইতে না পারিলে আপনাকে অবজ্ঞা করিবে না, মৃত্যুকাল পর্য্যন্ত আপনার শ্রীবৃদ্ধির নিমিত্ত চেষ্টা করিবে, উহা অপ্রাপ্য মনে করিবে না।

তচ্চেদফলমস্মাকমপরাধো ন মে ক্বচিৎ।
ইতি ধীরোঽন্ববেক্ষ্যৈব নাত্মানং তত্র গর্হয়েৎ ॥ ৩

বন ৭২। ৪৯

ধীর ব্যক্তি কর্ম্ম করিয়া 'যাহা কর্ত্তব্য তাহা করিয়াছি, তাহা যদি সফল না হইল, তাহাতে আমার কোন অপরাধ নাই' এই বিবেচনা করিয়া আত্মনিন্দা করিবে না।

যং বিষাদোঽভিভবতি বিক্রমে সমুপস্থিতে।
তেজসা তস্য হীনস্য পুরুষার্থো ন বিদ্যতে ॥ ৪

বন ২১৫। ২৩

বিক্রম প্রকাশের সময়ে যাহাকে বিষাদ অভিভূত করে, সেই তেজোবিহীন পুরুষের পুরুষার্থ থাকে না।

ন ত্বেবাত্মাবমন্তব্যঃ পুরুষেণ কদাচন।
ন হ্যাত্মপরিভূতস্য ভূতির্ভবতি শোভনা॥ ৫

বন ৭২। ৫৮

পুরুষ কদাপি অশক্ত বলিয়া আপনার অবমাননা করিবে না; আত্মাবমানী ব্যক্তি কখন উৎকৃষ্ট ঐশ্বর্য্যলাভ করিতে পারে না।

অবশ্যং ক্রিয়মাণস্য কর্ম্মণো দৃশ্যতে ফলং।
ন হি নির্ব্বেদমাগম্য কিঞ্চিৎ প্রাপ্নোতি শোভনম্॥৬

বন ২১৫। ২৪

কর্ম্ম করিলে অবশ্যই তাহার ফল প্রাপ্ত হওয়া যায়; নির্ব্বেদাপন্ন হইলে তাহার কিছুই ভাল ফল হয় না।

যথাশক্তি চিকীর্ষন্তি যথাশক্তি চ কুর্ব্বতে।
ন কিঞ্চিদবমন্যন্তে নরাঃ পণ্ডিতবুদ্ধয়ঃ॥ ৭

উদ্যোগ ৩২। ৯৯১

যিনি স্বীয় শক্তি অনুসারে কার্য্য সাধনের ইচ্ছা ও তাহা সম্পাদন করিয়া থাকেন এবং কোন বিষয়ে অবজ্ঞা প্রদর্শন করেন না, তিনিই পণ্ডিত।

উত্থাতব্যং জাগৃতব্যং যোক্তব্যং ভূতিকর্ম্মসু।
ভবিষ্যতীত্যেব মনঃ কৃত্বা সততমব্যথৈঃ॥ ৮

ঐ ১৩৪। ৪৬১০

উত্থিত হইবে; জাগরূক থাকিবে; কার্য্য সিদ্ধ হইবেই হইবে, এইরূপ স্থির করিয়া অব্যথচিত্তে মাঙ্গল্য কর্ম্মের অনুষ্ঠানে তৎপর হইবে।

আবদ্ধা মানুষাঃ সর্ব্বে নিবদ্ধাঃ কর্ম্মণোর্দ্বয়োঃ।
দৈবে পুরুষকারে চ পরং তাভ্যাং ন বিদ্যতে॥৯

সৌপ্তিক পর্ব্ব ২। ৭১

মনুষ্যেরা দৈব ও পুরুষাকার সাধ্য কর্ম্মে আবদ্ধ হইয়া আছে। দৈব ও পুরুষাকার অপেক্ষা আর কিছুই বলবান নাই।

ন হি দৈবেন সিধ্যন্তি কার্য্যাণ্যেকেন [ সত্তম ]।
ন চাপি কর্ম্মণৈকেন দ্বাভ্যাং সিদ্ধিস্তু যোগতঃ॥ ১০

ঐ ৩

একমাত্র দৈব বা একমাত্র পুরুষাকার প্রভাবে কোন কার্য্যই সিদ্ধ হয় না। এ উভয়ের একত্র সমাবেশ হইলেই সিদ্ধিলাভ হয়।

সুখং দুঃখান্তমালস্যং দুঃখং দাক্ষ্যং সুখোদয়ং।
ভূতিস্ত্বেবং শ্রিয়া সার্দ্ধং দক্ষে বসতি নালসে ॥১১

শান্তি ১৭৪। ৬৪৯৬

সুখের পরিণামেই দুঃখ উপস্থিত হয়। আলস্যই দুঃখের প্রধান কারণ। দক্ষতা দ্বারাই সুখোৎপত্তি হইয়া থাকে। মঙ্গল ও বিদ্যা দক্ষ ব্যক্তিকেই আশ্রয় করে।

অলক্ষ্মীরাবিশত্যেনং শয়ানমলসং নরং।
নিঃসংশয়ং ফলং লব্ধা দক্ষো ভূতিমবাপ্নুতে ॥১২

বন ৩২। ৪২

সর্ব্বদা আলস্য হেতু শয়ান ব্যক্তিতে অলক্ষ্মীর আবেশ হয়। দক্ষ ব্যক্তি আপনার কার্য্যের সুনিশ্চিত ফল লাভ করিয়া ঐশ্বর্য্য সম্ভোগ করেন।

শ্বঃ কার্য্যমদ্য কুর্ব্বীত পূর্ব্বাহ্নে চাপরাহ্নিকং।
ন হি প্রতীক্ষতে মৃত্যুঃ কৃতমস্য ন বা কৃতং॥ ১৩

শান্তি ১৭৫। ৬৫৩৬

আপনার শুভকর অপরাহ্নের কার্য্য অদ্যই পূর্ব্বাহ্নে সম্পাদন কর। কার্য্য সম্পন্ন হইয়াছে কি না, মৃত্যু তাহার অপেক্ষা করে না।

সিদ্ধির্ব্বাপ্যথবাসিদ্ধিরপ্রবৃত্তিরতোঽন্যথা।
বহূনাং সমবায়ে হি ভাবানাং কর্ম্মসিদ্ধয়ঃ॥ ১৪

বন ৩২। ৫১

কর্ম্ম সিদ্ধি হউক বা না হউক, কর্ম্ম করিতে উপেক্ষা করা নিতান্ত অকর্ত্তব্য। সমুদায় কারণ একত্র হইলে অবশ্যই কর্ম্ম সিদ্ধ হয়।

গুণাভাবে ফলং ন্যূনং ভবত্যফলমেব চ।
অনারম্ভে তু ন ফলং ন গুণো দৃশ্যতে ক্বচিৎ॥১৫

বন ৩২। ৫২

প্রধান অঙ্গের অভাব থাকিলে কর্ম্মের সম্পূর্ণ ফল হয় না, হয়ত একবারেই কর্ম্ম নিষ্ফল হইয়া যায়। কিন্তু কর্ম্ম আরম্ভ না করিলে ফল বা শৌর্য্যাদিগুণ কিছুই দৃষ্ট হয় না।

নিশ্চিত্য যঃ প্রক্রমতে নান্তর্বসতি কর্ম্মণঃ।
অবন্ধ্যকালো বশ্যাত্মা সবৈ পণ্ডিত উচ্যতে॥ ১৬

উদ্যোগ ৩২। ১১৪

যিনি অগ্রে নিশ্চয় করিয়া কার্য্যানুষ্ঠানে প্রবৃত্ত হয়েন, কার্য্য সম্পূর্ণ না করিয়া ক্ষান্ত হয়েন না, মুহূর্ত্ত কাল যাঁহার বৃথায় যায় না, তিনিই পণ্ডিত।

আলস্যং মদমোহৌ চ চাপল্যং গোষ্ঠিরেব চ।
স্তব্ধতা চাভিমানিত্বং তথাঽত্যাগিত্বমেবচ।
এতে বৈ সপ্ত দোষাঃ স্যুঃ সদা বিদ্যার্থিনাং মতাঃ॥

উদ্যোগ ৩৯। ১৫৩৬

আলস্য, মত্ততা, মোহ, চপলতা, বহু জনের সহিত একত্র বাস, ঔদ্ধত্য, অভিমান ও লুব্ধতা, এই সাতটী বিদ্যার্থীদিগের দোষ।

যত্র ধীমানবেক্ষেত শ্রেয়াংসং বহুভির্গুণৈঃ।
সান্নৈবার্থং ততো লিপ্সেৎ কর্ম্ম চাস্মৈ প্রযোজয়েৎ ॥ ১৮

বন ৩২। ৫৫

বুদ্ধিমান লোক যাহাতে বহুগুণ সংযুক্ত মঙ্গল চিহ্ন দেখেন, তাহা হইতে অর্থ লাভের আশা করেন।

অথাপ্যুপায়ং পশ্যেত দুঃখস্য পরিমোক্ষণে।
অশোচন্নারভেতৈব মুক্তশ্চাব্যসনী ভবেৎ ॥ ১৯

বন ২১৫। ২৫

দুঃখ নিবারণের উপায় উদ্ভাবন করা কর্ত্তব্য। শোক রহিত হইয়া কার্য্য করিলে দুঃখ বা বিপদ উপস্থিত হয় না।

স্বভাবাদ্‌যত্নমাতিষ্ঠেদ্‌যত্নবান্নাবসীদতি।
জরামরণরোগেভ্যঃ প্রিয়মাত্মানমুদ্ধরেৎ ॥ ২০

শান্তি ৩৩৩। ১২৫১৩

আপনা হইতে যত্ন করিবে। যত্নবান্ লোক কখন অবসন্ন হয়েন না। জরা মরণ রোগাদি হইতে আপনাকে উদ্ধার করিবে।

ভীতবৎ সম্বিধাতব্যং যাবদ্ভয়মনাগতং।
আগতন্তু ভয়ং দৃষ্ট্বা প্রহর্ত্তব্যমভীতবৎ ॥ ২১

আদি ১৪১। ৭৭

যাবৎকাল ভয় উপস্থিত না হইবে, তাবৎ ভীত ব্যক্তির ন্যায় প্রতীকার চিন্তা করিবে। কিন্তু ভয় উপস্থিত হইলে নির্ভয়ের ন্যায় হইয়া তাহার সংহার করিবে।

ব্যসনং চাস্যকাংক্ষেত বিবাসং বা [যুধিষ্ঠির]।
অপি সিন্ধোর্গিরের্বাপি কিং পুনর্মর্ত্ত্যধর্ম্মিণঃ ॥ ২২

বন ৩২। ৫৬

মনুষ্যের কথা দূরে থাকুক, যদি সমুদ্র বা পর্ব্বতও অপকারক হয়, তাহাদিগেরও ব্যসন বা বিবাসনের চেষ্টা করিবে।

যস্য কৃত্যং ন বিঘ্নন্তি শীতমুষ্ণং ভয়ং রতিঃ।
সমৃদ্ধিরসমৃদ্ধি র্বা স বৈ পণ্ডিত উচ্যতে ॥ ২৩

উদ্যোগ ৩২। ২২৪

শীত, গ্রীষ্ম, ভয়, আসক্তি, সমৃদ্ধি বা অসমৃদ্ধি হেতু যাহার কর্ম্মের বিঘ্ন হয় না, তিনিই পণ্ডিত।

---

# দ্বাদশ অধ্যায়।

(বিজ্ঞতা)

ন তেন বৃদ্ধো ভবতি যেনাস্য পলিতং শিরঃ।
যো বৈ যুবাপ্যধীয়ানস্তং দেবাঃ স্থবিরং বিদুঃ ॥ ১

মনু ২। ১৫৬

মস্তকের কেশ পক্ক হইলেই যে বৃদ্ধ হয় এমন নহে।

যুবা হইয়াও যদি বিদ্বান্ হয়, তাহাকেই দেবতারা বৃদ্ধ বলেন।

ধর্ম্মমর্থঞ্চ কামঞ্চ ত্রীনেতান্ যোঽনুপশ্যতি।
অর্থমর্থানুবন্ধঞ্চ ধর্ম্মন্ধর্ম্মানুবন্ধনং।
কামং কামানুবন্ধঞ্চ বিপরীতান্ পৃথক্ পৃথক্।
যো বিচিন্ত্য ধিয়া ধীরো ব্যবস্যতি স বুদ্ধিমান্॥২

আদি ১০৫। ২১

যিনি ধর্ম্ম অর্থ ও কাম এই তিন বিষয়ের পর্য্যালোচনা করেন; এবং অর্থ ও তাহার সহিত ভাবি অর্থের যোগ, ধর্ম্ম ও তাহার সহিত ভাবি ধর্ম্মের যোগ, কাম ও তাহার সহিত ভাবি কামের যোগ, ও সেই সকলের ব্যাঘাতজনকতা সম্বন্ধ, এইসমস্ত পৃথক্ পৃথক্ রূপে চিন্তা ও বিবেচনা করিয়া যিনি কার্য্য করেন, তিনিই বুদ্ধিমান।

অনুবন্ধানপেক্ষেত সানুবন্ধেষু কর্ম্মসু।
সম্প্রধার্য্য চ কুর্ব্বীত ন বেগেন সমাচরেৎ॥৩

উদ্যোগ ৩৩। ১১০১

সকল কর্ম্মের অনুবন্ধ আছে, তাহা অগ্রে পর্য্যালোচনা করিয়া দেখিবে; সম্যক্‌রূপে অবধারণ করিয়াই কার্য্য আরম্ভ করিবে; ব্যস্ততা সহকারে কিছুই করিবে না।

অনুবন্ধঞ্চ সংপ্রেক্ষ্য বিপাকঞ্চৈব কর্ম্মণাং।
উত্থানমাত্মনশ্চৈব ধীরঃ কুর্ব্বীত বা ন বা॥ ৪

ঐ ১১০২

কর্ম্মের অনুবন্ধ ও পরিমাণ এবং আপনার উদ্যম

পর্য্যালোচনা করিয়া ধীরব্যক্তি হয় তাহাতে প্রবৃত্ত হইবেন, না হয় তাহাহইতে বিরত থাকিবেন।

কিং নু মে স্যাদিদং কৃত্বা কিং নু মে স্যাদকুর্ব্বতঃ।
ইতি কর্ম্মাণি সংচিন্ত্য কুর্য্যাদ্বা পুরুষো ন বা॥ ৫

উদ্যোগ ৩৩। ১১১২

ইহার অনুষ্ঠান করিলে কি হয়, না করিলেই বা কি হইতে পারে, এইরূপ বিবেচনা করিয়া কর্ম্ম করিবে, অথবা তাহা হইতে বিরত থাকিবে।

তত্ত্বজ্ঞঃ সর্ব্বভূতানাং যোগজ্ঞঃ সর্ব্বকর্ম্মণাং।
উপায়জ্ঞো মনুষ্যাণাং নরঃ পণ্ডিত উচ্যতে॥ ৬

উদ্যোগ পর্ব্ব

যিনি সকল জীব জন্তুর তত্ত্ব জানেন, সর্ব্ব কার্য্যের যোগ জানেন ও মনুষ্যের জীবন উপায় সমস্ত জানেন, তিনিই পণ্ডিত।

অবস্থানুগতাশ্চেষ্টাঃ সময়ানুগতাঃ ক্রিয়াঃ।
তস্মাদবস্থাং সময়ং বীক্ষ্য কর্ম্ম সমাচরেৎ॥ ৭

মহানির্ব্বাণ ৮। ৫৯

অবস্থানুযায়ী চেষ্টা এবং সময়ানুযায়ী কর্ম্ম করিতে হয়। অতএব অবস্থা ও সময় বিবেচনা করিয়া কার্য্য করিবে।

প্রস্তাবসদৃশং বাক্যং সদ্ভাবসদৃশং প্রিয়ং।
আত্মশক্তিসমং কোপং যো জানাতি স পণ্ডিতঃ॥৮

হিত ৩০৮

প্রস্তাবের যোগ্য বাক্য, সদ্ভাব অনুসার প্রিয়ত্ব এবং আত্ম শক্তির অনুরূপ ক্রোধ, ইহা যিনি জানেন, তিনিই পণ্ডিত।

অকালজ্ঞঃ সুদুর্ম্মেধাঃ কার্য্যাণামবিশেষবিৎ।
বৃথাচারসমারম্ভঃ প্রেত্য চেহ বিনশ্যতি ॥ ৯

বন ১৬২। ৭

যে ব্যক্তি অকালজ্ঞ, মন্দবুদ্ধি, বিশেষানভিজ্ঞ, বৃথাচার ও বৃথারম্ভ; সেব্যক্তি ইহকালে ও পরকালে বিনাশ প্রাপ্ত হয়।

দেশকালৌ তু সংপ্রেক্ষ্য বলাবলমথাত্মনঃ।
নাদেশকালে কিঞ্চিৎ স্যাৎ দেশকালৌ প্রতীক্ষতাং

বন ২৮। ৩৩

দেশকাল ও স্বীয় বলাবল বিবেচনা করিবে। দেশ কাল ব্যতীত কিছুই হয় না। অতএব দেশ কালের প্রতীক্ষা করিবে।

অর্থং মহান্তমাসাদ্য বিদ্যামৈশ্বর্য্যমেব বা।
বিচরত্যসমুন্নদ্ধো যঃ স পণ্ডিত উচ্যতে ॥ ১১

উদ্যোগ ৩২। ১০১০

বিপুল অর্থ, বিদ্যা ও ঐশ্বর্য্য লাভ পূর্ব্বক যেব্যক্তি অনুন্নত চিত্তে বিচরণ করেন, তিনিই পণ্ডিত।

অণুভ্যশ্চ মহদ্ভ্যশ্চ শাস্ত্রেভ্যঃ কুশলী নরঃ।
সর্ব্বতঃ সারমাদদ্যাৎ পুষ্পেভ্য ইবষট্‌পদাঃ ॥১২

শ্রীমদ্ভাগবত ১১। ৮। ১০

ভ্রমর যেরূপ সকল পুষ্প হইতে সার গ্রহণ করে, তদ্রূপ ধীর ব্যক্তি ক্ষুদ্র ও বৃহৎ সকল শাস্ত্র হইতে সার গ্রহণ করিবেন।

যুক্তিশাস্ত্রঞ্চ তে জ্ঞেয়ং শব্দশাস্ত্রঞ্চ [ ভারত ]।
গান্ধর্ব্বশাস্ত্রঞ্চ কলাঃ পরিজ্ঞেয়া [নরাধিপ] ॥ ১৩

অনুশাসন ১০৪। ৫১০৩

যুক্তিশাস্ত্র, শব্দশাস্ত্র, গন্ধর্ব্বশাস্ত্র ও বিবিধ ক্রীড়া, এসকলই জানিতে হইবে।

পুরাণমিতিহাসাশ্চ তথাখ্যানানি যানি চ।
মহাত্মনাঞ্চ চরিতং শ্রোতব্যং নিত্যমেবচ ॥ ১৪

ঐ ৫১০৪

পুরাণ, ইতিহাস, বিবিধ আখ্যান ও মহাত্মা ব্যক্তিদিগের জীবনচরিত, এসকল শ্রবণ করিতে হইবে।

ভারং স বহতে তস্য গ্রন্থস্যার্থং ন বেত্তি যঃ।
যস্তু গ্রন্থার্থতত্ত্বজ্ঞো নাস্য গ্রন্থাগমো বৃথা ॥ ১৫

শান্তি ৩০৭। ১১৩৪২

যে ব্যক্তি গ্রন্থের যথার্থ অর্থ গ্রহণ করিতে না পারে, সে কেবল গ্রন্থের ভারই বহন করিয়া থাকে। যে ব্যক্তি গ্রন্থের মূল মর্ম্মার্থ অবগত হয়, তাহার গ্রন্থাধ্যয়ন সার্থক।

যস্য নাস্তি স্বয়ং প্রজ্ঞা শাস্ত্রং তস্য করোতি কিং।
লোচনাভ্যাং বিহীনস্য দর্পণঃ কিং করিষ্যতি ॥ ১৬

হিত ২০৩

যাহার প্রজ্ঞা নাই, তাহার শাস্ত্রপাঠে কোন ফল হয় না। যে চক্ষুহীন, দর্পণ তাহার কি কার্য্যে আসিবে?

উদীরিতোঽর্থঃ পশুনাপি গৃহ্যতে
হয়াশ্চ নাগাশ্চ বহন্তি দেশিতাঃ।

অনুক্তমপ্যূহতি পণ্ডিতো জনঃ
পরেঙ্গিতজ্ঞানফলা হি বুদ্ধয়ঃ ॥ ১৭

হিত ৩০৬

বুঝাইয়া দিলে পশুরাও বুঝে; আদেশিত হইলে অশ্ব ও হস্তীগণও তদনুরূপ কার্য্য করে। কিন্তু ইঙ্গিত দ্বারা অন্যের মনের ভাব বুঝিতে পারাই বুদ্ধির ফল।

ক্ষিপ্রং বিজানাতি চিরং শৃণোতি
বিজ্ঞায় চার্থং ভজতে ন কামাৎ।
নাসম্পৃষ্টোহ্যপযুংক্তে পরার্থে
তৎপ্রজ্ঞানং প্রথমং পণ্ডিতস্য ॥ ১৮

উদ্যোগ ৩২। ৯৯২

যিনি শীঘ্র বুঝিতে পারেন অথচ অধিক ক্ষণ শ্রবণ করেন, উত্তমরূপে না বুঝিয়া কেবল প্রবৃত্তির আবেগ বশতঃ কোন কার্য্য করেন না এবং যথাবৎ জিজ্ঞাসিত না হইয়া পরার্থ বাক্য ব্যয় করেন না, তিনিই পণ্ডিত।

প্রবৃত্তবাক্ চিত্রকথ ঊহবান্ প্রতিভানবান্।
আশুগ্রন্থার্থবক্তা চ যঃ স পণ্ডিত উচ্যতে ॥ ১৯

ঐ ৯৯৮

যিনি অকুণ্ঠিত চিত্তে বাক্য প্রয়োগ করেন, লোকবার্ত্তা পরিজ্ঞাত থাকেন, তর্কে বিশেষ প্রতিভা লাভ করেন ও আশু গ্রন্থের অর্থ ব্যাখ্যা করিতে পারেন, তিনিই পণ্ডিত।

অপ্যুন্মত্তাৎ প্রলপতো বালাচ্চ পরিজল্পতঃ।
সর্ব্বতঃ সারমাদদ্যাদশ্মভ্য ইব কাঞ্চনং ॥ ২০

উদ্যোগ ৩৩। ১১২৫

যেমন প্রস্তর হইতে কাঞ্চন সঙ্কলিত হয়, সেইরূপ উন্মত্তদিগের প্রলাপ ও বালকদিগের জল্পনা হইতে ও সারগ্রহণ করিবে।

বিষাদপ্যমৃতং গ্রাহ্যং বালাদপি সুভাষিতং।
অমিত্রাদপি সদ্বৃত্তমমেধ্যাদপি কাঞ্চনং ॥ ২১

মনু ২। ২৩৯

অমৃত বিষযুক্ত হইলে বিষের অপসারণ করিয়া অমৃত গ্রহণ করিবে; বালকের নিকট হইতেও হিতবচন শ্রবণ করিবে; শত্রু হইতেও সদনুষ্ঠান শিক্ষা করিবে এবং অপবিত্র স্থান হইতেও সুবর্ণাদি বহুমূল্য দ্রব্য গ্রহণ করিবে।

প্রভবন্ পৃচ্ছতে যো হি সম্মানয়তি বা পুনঃ।
নূনং মন্যে স ধর্ম্মাত্মা পণ্ডিতাখ্যাং স গচ্ছতি॥২২

অনুশাসন ১৪৬। ৬৭৭৪

যে ব্যক্তি স্বয়ং অভিজ্ঞ হইয়াও অন্যকে কোন বি[illegible] জিজ্ঞাসা করিয়া তাহার সম্মাননা করেন; তিনি [illegible]র্থ পণ্ডিত বলিয়া পরিগণিত হয়েন।

জ্ঞানবিজ্ঞানসম্পন্নানূহাপোহ বিশারদান্।
প্রবক্তৄন্পৃচ্ছতে যোঽন্যান্ স বৈ নাপদমৃচ্ছতি॥২৩

ঐ ৬৭৭৫

যে ব্যক্তি তর্কবিতর্ক-পারদর্শী জ্ঞান-বিজ্ঞান-সম্পন্ন বক্তার নিকট উপস্থিত বিষয় জিজ্ঞাসা করেন, তাহাকে কখন বিপদ্‌গ্রস্ত হইতে হয় না।

অন্যথা বহুবুদ্ধ্যাঢ্যো বাক্যং বদতি সংসদি।
অন্যথৈব হ্যহংবাদী দুর্ব্বলং বদতে বচঃ॥ ২৪

অনুশাসন ১৪৬। ৬৭৭৬

যে আত্মাভিমান নিবন্ধন অন্যকে তুচ্ছ করিয়া সভায় বক্তৃতা করে, সে বুদ্ধিমান হইলেও তাহার বাক্য দুর্ব্বল বলিয়া প্রতীয়মান হয়।

অনাগতং হি বুধ্যেত যচ্চ কার্য্যং পুরঃ স্থিতং।
নতু বুদ্ধিক্ষয়াৎ কিঞ্চিদতিক্রামেৎ প্রয়োজনম্॥২৫

আদি ১৪১। ৭৯

অনাগত বিষয়কে উপস্থিত বিষয় বিবেচনা করিয়া প্রয়োজন সমস্ত অনুষ্ঠান করিবে। নতুবা হঠাৎ উপস্থিত কার্য্য সময়ে বুদ্ধিনাশ হইয়া কোন প্রয়োজনীয় বিষয় অতিক্রম হইতে পারে।

নাপ্রাপ্যমভিবাঞ্ছন্তি নষ্টং নেচ্ছন্তি শোচিতুং।
আপৎস্থ চ ন মুহ্যন্তি নরাঃ পণ্ডিতবুদ্ধয়ঃ॥ ২৬

উদ্যোগ ৩২। ৯৯৩

যিনি অপ্রাপ্য বিষয়ে অভিলাষী হন না, বিনষ্ট বস্তুর নিমিত্ত শোক করেন না এবং আপৎকালেও মুহ্যমান হয়েন না, তিনিই পণ্ডিত।

রাগে দর্পেচ মানেচ দ্রোহে পাপেচ, কর্ম্মণি।
অপ্রিয়ে চৈব কর্ত্তব্যে চিরকারী প্রশস্যতে ॥ ২৭

শান্তি ২৬৭। ৯৫৫০

ক্রোধ, দর্প, অভিমান, অপর লোকের অনিষ্ট চিন্তা ও অপ্রিয়ানুষ্ঠান এবং পাপাচরণ বিষয়ে কাল বিলম্ব করাই বিধেয়।

বন্ধূনাং সুহৃদাঞ্চৈব ভৃত্যানাং স্ত্রীজনস্য চ।
অব্যক্তেম্বপরাধেষু চিরকারী প্রশস্যতে ॥ ২৮

ঐ ৯৫৫১

ভৃত্য ও স্ত্রীলোকদিগের অপরাধ অস্পষ্টরূপে অবগত হইলে, বহুবিবেচনার পর তাহাদের দণ্ডবিধান করা উচিত।

সুখে বা যদি বা দুঃখে বর্ত্তমানো বিচক্ষণঃ।
যশ্চিনোতি শুভান্যেব স তন্ত্রাণীহ পশ্যতি ।।২৯

শান্তি ২৯৫। ১০৭০৬

যিনি সুখ দুঃখ উভয় অবস্থাতেই আপনার শুভ বুঝিয়া কার্য্য করিতে পারেন, তিনিই শাস্ত্রদর্শী।

নিরর্থকলহং প্রাজ্ঞো বর্জ্জয়েন্মূঢ়সেবিতং।
কীর্ত্তিঞ্চ লভতে লোকে ন চানর্থেন যুজ্যতে ।।৩০

উদ্যোগ ৩৭। ১৪২৯

প্রাজ্ঞব্যক্তি মূঢ়সেবিত অনর্থক কলহ করিবেন না, তাহা হইলে তিনি কীর্ত্তিলাভ করিবেন এবং তাহার সম্বন্ধে অনর্থ উপস্থিত হইবে না।

অপ্রিয়স্য চ পথ্যস্য পরিণামঃ সুখাবহঃ।
বক্তা শ্রোতা চ যত্রাস্তি রমন্তে তত্র সম্পদঃ ॥৩১

হিত ৩৮৭

অপ্রিয় অথচ হিতকর, এরূপ বাক্য পরিণামে সুখ-দায়ক হয়। এরূপ বাক্যের বক্তা ও শ্রোতা যেখানে থাকেন, সেখানে সম্পদ স্থায়ী হয়।

শ্রোতব্যং হিতকামানাং সুহৃদাং হিতমিচ্ছতা।
অকর্ত্তব্যো হি নির্ব্বন্ধো নির্ব্বন্ধো হি ক্ষয়োদয়ঃ॥৩২

উদ্যোগ ১২২। ৪১১৭

হিতেচ্ছু ব্যক্তির বাক্য শ্রবণ করা কর্ত্তব্য। নির্ব্বন্ধপরবশ হওয়া কোন মতে উচিত নহে। নির্ব্বন্ধ দ্বারা দুঃখোৎপত্তিরই সম্ভাবনা।

সুহৃদাং হিতকামানাং যঃ শৃণোতি ন ভাষিতং।
বিপৎ সন্নিহিতা তস্য স নরঃ শক্রনন্দনঃ ॥ ৩৩

হিত ১১৭

যে ব্যক্তি হিতাভিলাষী মিত্রদিগের কথা না শুনে, তাহার বিপদ অতি নিকট, সে শক্রর আনন্দ বর্দ্ধক হয়।

যোঽসৎসেবী বৃথাচারো ন শ্রোতা সুহৃদাং সতাং
পরান্ বৃণীতে স্বান্ দ্বেষ্টি তং গৌস্ত্যজতি [ভারত]৩৪

উদ্যোগ ১২৩। ৪১৪৯

যেব্যক্তি অসাধুগণের সেবা করে ও অনর্থক কার্য্যের অনুষ্ঠান করে, যে স্বজনের প্রতি দ্বেষ ও অপরকে আত্মীয় বলিয়া আদর করে, তাহাকে পৃথিবী ত্যাগ করেন।

দুর্জ্জনঃ পরিহর্ত্তব্যো বিদ্যয়ালঙ্কৃতোঽপি সন্।
মণিনা ভূষিতঃ সর্পঃ কিমসৌ ন ভয়ঙ্করঃ॥ ৩৫

হিত ১৩১

দুষ্ট লোক বিদ্যাতে ভূষিত হইলেও তাহাকে ত্যাগ করিবে। মণি দ্বারা ভূষিত যে সর্প সে কি ভয়ঙ্কর নহে?

মন্ত্রয়েৎ সহ বিদ্বদ্ভিঃ শক্তৈঃ কর্ম্মাণি কারয়েৎ।
স্নিগ্ধৈশ্চ নীতিবিন্যাসান্ মূর্খান্ সর্ব্বত্র বর্জ্জয়েৎ৩৬

বন ১৫০।৩৫

বিদ্বান্ ব্যক্তির সহিত মন্ত্রণা করিবে; সমর্থ ব্যক্তির দ্বারা কর্ম্ম সাধন করিবে; হিতেচ্ছু ব্যক্তির সহিত কর্ত্তব্যাকর্ত্তব্যের আলোচনা করিবে; মূর্খগণকে এসকল বিষয়ে সর্ব্বদা ত্যাগ করিবে।

প্রজ্ঞাবৃদ্ধং ধর্ম্মবৃদ্ধং স্ববন্ধুং
বিদ্যাবৃদ্ধং বয়সা চাপি বৃদ্ধং।
কার্য্যাকার্য্যে পূজয়িত্বা প্রসাদ্য
যঃ সংপৃচ্ছেন্ন স মুহ্যেৎ কদাচিৎ॥ ৩৭

জ্ঞান বিষয়ে বৃদ্ধ, ধর্ম্ম বিষয়ে বৃদ্ধ, বিদ্যা বিষয়ে বৃদ্ধ, বয়সেতে বৃদ্ধ, এমন সকল আত্মীয় লোকের সম্মাননা করিয়া কর্ত্তব্যাকর্ত্তব্য স্থলে যিনি তাহাদের সহিত পরামর্শ করেন, তাহাকে আপদে মুহ্যমান হইতে হয় না।

পরিচ্ছেদো হি পাণ্ডিত্যং যদাপন্না বিপত্তয়ঃ।
অপরিচ্ছেদকর্ত্তৄণাং বিপদঃ স্যুঃ পদে পদে ॥ ৩৮

হিত ১৯০

বিপদ্দশাতেও যে সদসদ্বিবেচনা, সেই পাণ্ডিত্য; সদসদ্বিবেচনারহিত ব্যক্তির পদে পদে বিপদ।

সহ সর্ব্বাঃ সমুৎপন্নাঃ প্রসমীক্ষ্যাপদো ভৃশং।
সংযুক্তাংশ্চ বিযুক্তাংশ্চ সর্ব্বোপায়ান্ সৃজেদ্বুধঃ৩৯

মনু ৭।২১৪

সমুদায় আপদ এককালে উপস্থিত হইলে, সংযুক্ত বিযুক্তাদি সমস্ত উপায় উদ্ভাবন করিবে।

যস্য যস্য হি যো ভাবস্তেন তেন হি তং নরং।
অনুপ্রবিশ্য মেধাবী ক্ষিপ্রমাত্মবশং নয়েৎ ॥ ১০

হিত ৩০৯

যাহার যেরূপ ভাব সেইরূপ ভাবে সেই মনুষ্যের অন্তরে প্রবিষ্ট হইয়া বুদ্ধিমান ব্যক্তি তাহাকে স্ববশে আনয়ন করিবে।

চলত্যেকেন পাদেন তিষ্ঠত্যেকেন বুদ্ধিমান্।
মাসমীক্ষ্য পরং স্থানং পূর্ব্বমায়তনং ত্যজেৎ ॥৪১

ঐ ১৪৪

বুদ্ধিমান ব্যক্তি এক পদ অগ্রে নিঃক্ষেপ করিবে, একপদ স্থির রাখিবে; অপর স্থান না দেখিয়া পূর্ব্বস্থান ত্যাগ করিবে না।

যো ধ্রুবাণি পরিত্যজ্য অধ্রুবাণি নিষেবতে।
ধ্রুবাণি তস্য নশ্যন্তি অধ্রুবং নষ্টমেবহি॥ ৪২

ঐ ২৫৪

যে ব্যক্তি নিশ্চত বিষয়কে পরিত্যাগ করিয়া অনিশ্চিত বিষয়ের চেষ্টা করে, তাহার নিশ্চত বিষয় নষ্ট হয়, অনিশ্চিত বিষয়ও নষ্ট হইয়া থাকে।

অনাগতবিধাতা চ প্রত্যুৎপন্নমতিস্তথা।
দ্বাবেতৌ সুখমেধেতে যদ্ভবিষ্যো বিনশ্যতি॥ ৪৩

ঐ ৫৯৪

অনাগত বিষয়ের পূর্ব্বাবধি বিধান কর্ত্তা, আর প্রত্যুৎ-পন্নমতি, এই দুইজন সুখী হয়। যাহার কেবল ভবিষ্যৎ প্রতিকারের প্রতি আশা, সে বিনষ্ট হয়।

সুমন্ত্রিতে সুবিক্রান্তে সুকৃতে সুবিচারিতে।
সিধ্যন্ত্যর্থা [মহাবাহো] দৈবঞ্চাত্র প্রদক্ষিণং॥ ৪৪

বন ৩৬।৭

উত্তম মন্ত্রণাপূর্ব্বক পূর্ব্বাপর পর্য্যালোচনা করিয়া কর্ম্মের অনুষ্ঠান করিলে অনায়াসেই কর্ম্ম সিদ্ধ হয় এবং দৈবও তাহাতে অনুকূল হয়।

অল্পানামপিবস্তূনাং সংহতিঃ কার্য্যসাধিকা।
তৃণৈর্গুণত্বমাপন্নৈর্বধ্যন্তে মত্তদন্তিনঃ॥ ৪৫

হিত ৭৫

অল্প অল্প বস্তুর একত্রীকরণে কার্য্যসাধন হয়, যেমন কতকগুলি তৃণ একত্র করিয়া রজ্জু প্রস্তুত করিলে তদ্দ্বারা মত্ত হস্তীও বদ্ধ হয়।

সেবিতব্যো মহাবৃক্ষঃ ফলচ্ছায়াসমন্বিতঃ।
যদি দৈবাৎ ফলং নাস্তি ছায়া কেন নিবার্য্যতে॥৪৬
হিত ৪৪৯

ফল ও ছায়া সমন্বিত মহৎবৃক্ষের সেবা করিবে। যদি দৈবাৎ তাহার ফলও না পাওয়া যায়, ছায়া কেহ নিবারণ করিতে পারিবে না।

কুলজে বৃত্তসম্পন্নে ধর্ম্মজ্ঞে সত্যবাদিনি।
মহাপক্ষে ধনিন্যার্য্যে নিক্ষেপং নিক্ষিপেদ্বুধঃ॥৪৭
মনু ৮। ১৭৯

সৎকুলজাত, সচ্চরিত্র, ধর্ম্মজ্ঞ, সত্যবাদী, বহুপরিবার, ধনবান্, এবং মহৎ-স্বভাব, এমন সকল ব্যক্তির নিকট ধনাদি গচ্ছিত রাখিবে।

সুজীর্ণমন্নং সুবিচক্ষণঃ সুতঃ
সুশাসিতা স্ত্রী নৃপতিঃ সুসেবিতঃ।
সুচিন্ত্য চোক্তং সুবিচার্য্য যৎ কৃতং
সুদীর্ঘকালেঽপি ন যাতি বিক্রিয়াং॥ ৪৮
হিত ৬২

পুরাতন অন্ন, পণ্ডিত পুত্র, বশীভূতা স্ত্রী, সুসেবিত রাজা, উত্তম চিন্তা করিয়া যাহা কহা যায়, এবং উত্তম বিচার পূর্ব্বক যাহা করা যায়, এসকল বহুকালেও বিকার প্রাপ্ত হয় না।

করিষ্যন্ন প্রভাষেত কৃতান্যেবতু দর্শয়েৎ।
ধর্ম্মকামার্থকার্য্যাণি তথা মন্ত্রো ন ভিদ্যতে॥ ৪৯
উদ্যোগ ৩৭। ১৪১৪

ধর্ম্ম অর্থ ও কাম উদ্দেশে যে সমস্ত কর্ম্ম করিতে হইবে, তৎসমুদায় অগ্রে প্রকাশ করিবে না; অনুষ্ঠিত হইলে প্রকাশ করিবে; এরূপ হইলে মন্ত্রণা নষ্ট হয় না।

যস্য কৃত্যং ন জানন্তি মন্ত্রং বা মন্ত্রিতং পরে।
কৃতমেবাস্য জানন্তি স বৈ পণ্ডিত উচ্যতে ॥৫০

উদ্যোগ ৩২। ৯৯৩

যাহার কার্য্য বা মন্ত্রণা সফল না হওয়া পর্য্যন্ত উহা লোকে জানিতে পায় না, সেই ব্যক্তি পণ্ডিত।

পরং ক্ষিপতি দোষেণ বর্ত্তমানঃ স্বয়ং তথা।
যশ্চ ক্রুধ্যত্যনীশানঃ স চ মূঢ়তমো নরঃ ॥ ৫১

ঐ ১০০৭

যে ব্যক্তি পরের দোষোদ্ঘোষণ করে কিন্তু স্বয়ং সেই দোষে লিপ্ত, এবং নিজের কিছু ক্ষমতা নাই অথচ অন্যের উপর ক্রোধপরায়ণ হয়, সে মূঢ়।

বনস্পতেরপক্কানি ফলানি প্রচিনোতি যঃ।
স নাপ্নোতি রসং তেভ্যো বীজং চাস্য বিনশ্যতি
যস্তু পক্কমুপাদত্তে কালে পরিণতং ফলং।
ফলাদ্রসং স লভতে বীজাচ্চৈব ফলং পুনঃ॥ ৫২

ঐ ৩৩। ১১০৯

যিনি বনস্পতির অপরিপক্ক ফল চয়ন করেন, তিনি তাহাহইতে রস প্রাপ্ত হন না; তাহার বীজ পর্য্যন্ত নষ্ট হইয়া যায়। পরন্তু যিনি যথাকালে পরিণত ফল গ্রহণ করেন, তিনি সেই ফল হইতে রস লাভ করেন এবং তাহার বীজ হইতেও পুনরায় ঐ রূপ ফল প্রাপ্ত হয়েন।

ঋণশেষোঽগ্নিশেষশ্চ ব্যাধিশেষস্তথৈবচ।
পুনশ্চ বর্দ্ধতে যস্মাৎ তস্মাৎ শেষঞ্চ কারয়েৎ ॥৫৩

চাণক্য

ঋণ, অগ্নি ও ব্যাধি একবারে নিঃশেষ করিবে। উহাদের কিছু শেষ রাখিলে তাহা পুনরায় বৃদ্ধি হইয়া থাকে।

কাংশ্চিদর্থান্ নরঃ প্রাজ্ঞো লঘুমূলান্ মহাফলান্
ক্ষিপ্রমারভতে কর্ত্তুং ন বিঘ্নয়তি তাদৃশান্ ॥৫৪

উদ্যোগ ৩৩। ১১১৫

প্রাজ্ঞ ব্যক্তি অল্লায়াসসাধ্য অথচ প্রচুর ফলপ্রদ,এরূপ কর্ম্মের শীঘ্রই অনুষ্ঠানে প্রবৃত্ত হয়েন; তাদৃশ ফলোপধায়ী বিষয়ের বিঘ্ন ঘটিতে দেন না।

কিমপ্যস্তি স্বভাবেন সুন্দরং বাপ্যসুন্দরং।
যদেব রোচতে যস্মৈ ভবেত্তত্তস্য সুন্দরং ॥ ৫৫

হিত ৩:০

স্বভাবতঃ সুন্দর বা কুৎসিত কি আছে? যাহাতে যাহার রুচি হয়, সেই তাহার পক্ষে সুন্দর।

ন বৃদ্ধির্বহুমন্তব্যা যা বৃদ্ধিঃ ক্ষয়মাবহেৎ।
ক্ষয়োঽপি বহুমন্তব্যো যঃ ক্ষয়ো বৃদ্ধিমাবহেৎ॥৫৬

উদ্যোগ ৩৮। ১৪৫১

যে বৃদ্ধি দ্বারা পরে ক্ষয় প্রাপ্ত হইতে হয়, তাহাকে বৃদ্ধি বলা যায় না; যে ক্ষয় দ্বারা পরে বৃদ্ধি প্রাপ্তি হয়, সেই ক্ষয়কেও বহুমান করা কর্ত্তব্য।

---

# ত্রয়োদশ অধ্যায়।

( আত্মমর্য্যাদা—প্রভু—ভৃত্য )

অধোধঃ পশ্যতঃ কস্য মহিমা নোপচীয়তে।
উপর্য্যুপরি পশ্যন্তঃ সর্ব্ব এব দরিদ্রতি ॥ ১

হিত ২৫৭

আপনার অপেক্ষা ক্ষুদ্র লোককে দেখিলে কাহার না মান অধিক বোধ হয়? আর আপন অপেক্ষা বড় লোককে দেখিলে সকল লোকেই দরিদ্র হয়।

মণির্লুণ্ঠতি পাদেষু কাচঃ শিরসি ধার্য্যতে।
যথৈবাস্তে তথৈবাস্তাং কাচঃ কাচো মণির্ম্মণিঃ ॥২

ঐ ৩২৫

যদি মণি পদে থাকে ও কাচ মস্তকে ধৃত হয়; যে যে প্রকারে আছে, সে সেই প্রকারে থাকুক, মণি যে সে মণি, কাচ যে সে কাচ।

সেবয়া ধনমিচ্ছদ্ভিঃ সেবকৈঃ পশ্য যৎ কৃতং।
স্বাতন্ত্র্যং যচ্ছরীরস্য মূঢ়ৈস্তদপি হারিতং ॥ ৩

ঐ ২৭৭

ভৃত্যেরা সেবাদ্বারা ধনেচ্ছা করিয়া যাহা করে, তাহা দেখ; শরীরের যে স্বাতন্ত্র্য, তাহাও সেই মূর্খেরা হারায়।

অবুধৈরর্থলাভায় পণ্যস্ত্রীভিরিব স্বয়ং।
আত্মা সংস্কৃত্য সংস্কৃত্য পরোপকরিণীকৃতঃ ॥ ৪

ঐ ২৮১

বেশ্যা যেমন ধন পাইবার নিমিত্ত বেশবিন্যাস করিয়া আপনার শরীরকে পরের উপভোগ্য করিয়া তুলে, তেমনি মূঢ় লোক ধনলাভের নিমিত্ত নানাপ্রকারে আপনাকে প্রস্তত করিয়া পরের উপভোগার্থ নিয়োজিত করে।

প্রণমত্যুন্নতিহেতোর্জীবিতহেতোর্বিমুঞ্চতি প্রাণান্
দুঃখীয়তি সুখহেতোঃ কো মূঢ়ঃ সেবকাদন্যঃ ॥ ৫

ঐ ২৮৪

বড় হইবার নিমিত্ত নত হয়, জীবনের নিমিত্ত প্রাণ প্রদান করে, সুখের নিমিত্ত দুঃখী হয়, সেবক ভিন্ন এমন মূঢ় আর কে আছে?

এতাবজ্জন্মসাফল্যং যদনায়ত্তবৃত্তিতা।
যে পরাধীনতাং যাতাস্তে বৈ জীবন্তি কে মৃতাঃ ॥৬

ঐ ২৭৯

পরের অনধীন হইয়া জীবিকা নির্ব্বাহ করা, ইহাই এই জন্মের সফলতা; যে পরাধীন সে যদি জীবিত, তাহা হইলে মৃত কে?

অর্জ্জিতং স্বেন বীর্য্যেণ নাপ্যপাশ্রিত্য কঞ্চন।
ফলং শাকমপি শ্রেয়ো ভোক্তুংহ্যকৃপণং গৃহে ॥ ৭

বন ১৯৩। ২৮

অন্যের আশ্রয় না লইয়া আপন গৃহে স্বীয় ক্ষমতায় অর্জ্জিত ফলশাক দ্বারা যে জীবিকা নির্ব্বাহ করা তাহাও শ্রেয়ঃ।

পরস্যতু গৃহে ভোক্তুঃ পরিভূতস্য নিত্যশঃ।
সুমৃষ্টমপি ন শ্রেয়ো বিকল্পোঽয়মতঃ সতাং ॥৮

ঐ ২৯

পরগৃহে প্রত্যহ তিরস্কৃত হইয়া যদি নানাবিধ মিষ্টান্ন ভোজন করা যায়, তাহাও শ্রেয় নহে।

শ্ববৎকীলালপো যস্তু পরান্নং ভোক্তুমিচ্ছতি।
ধিগস্তু তস্যতদ্ভুক্তং কৃপণস্য দুরাত্মনঃ ॥ ৯

ঐ ৩০

যে কুক্কুরের ন্যায় পরান্নে প্রতিপালিত হইতে ইচ্ছা করে, তাহার সেই পান ভোজনে ধিক্।

অভিপ্রায়ং যো বিদিত্বা তু ভর্ত্তুঃ
সর্ব্বাণি কার্য্যাণি করোত্যতন্দ্রীঃ।
বক্তা হিতানামনুরক্ত আর্য্যঃ
শক্তিজ্ঞ আত্মেব হি সোঽনুকম্প্যঃ ॥ ১০

উদ্যোগ ৩৬। ১৩৫৮

যে ভর্ত্তার অভিপ্রায় জানিয়া নিরলস হইয়া কার্য্যকরে, এবং হিতবক্তা, অনুরক্ত, আর্য্য ও শক্তিজ্ঞ হয়, তাহাকে আত্মার ন্যায় অনুকম্পা করা কর্ত্তব্য।

য [ স্তাত ] ন ক্রুধ্যতি সর্ব্বকালং
ভৃত্যস্য ভক্তস্য হিতেরতস্য।
তস্মিন্ ভৃত্যা ভর্ত্তরি বিশ্বসন্তি
ন চৈনমাপৎসু পরিত্যজন্তি ॥ ১১

ঐ ১৩৫৫

যিনি হিতকার্য্যনিরত প্রভুভক্ত ভৃত্যের প্রতি সর্ব্বদা কোপ প্রকাশ না করেন, ভৃত্যেরা তাদৃশ ভর্ত্তার প্রতি বিশ্বাস করিয়া থাকে এবং আপৎকালেও তাহাকে পরিত্যাগ করে না।

সর্ব্বং পরবশং দুঃখং সর্ব্বমাত্মবশং সুখং।
এতদ্বিদ্যাৎ সমাসেন লক্ষণং সুখদুঃখয়োঃ ॥১২

মনু ৪। ১৬০

পরবশ সকলই দুঃখের কারণ, আত্মবশ সকলই সুখের কারণ। সংক্ষেপে সুখদুঃখের এই লক্ষণ জানিবে।

---

# চতুর্দ্দশ অধ্যায়।

( বন্ধুতা—সংসর্গ )

পরোঽপি হিতবান্ বন্ধুর্ব্বন্ধুরপ্যহিতঃ পরঃ।
অহিতো দেহজো ব্যাধির্হিতমারণ্যমৌষধং ॥ ১

হিত ৫৩৯

পরও হিতকারী বন্ধু হয় এবং আত্মীয় ব্যক্তিও পর হয়। যেমন, শরীরজাত রোগ অহিত হয়, বন্য ঔষধ হিতসাধন করে।

ঔরসং কৃতসম্বন্ধং তথা বংশক্রমাগতং।
রক্ষিতং ব্যসনেভ্যশ্চ মিত্রং জ্ঞেয়ং চতুর্ব্বিধং ॥২

ঐ ২৩৩

ঔরস, কৃতসম্বন্ধ, পুরুষানুক্রমে মিত্র ও ব্যসন হইতে রক্ষিত, এই চারি প্রকার মিত্র।

স্বাভাবিকস্তু যন্মিত্রং ভাগ্যে নৈবাভিজায়তে।
তদকৃত্রিমসৌহার্দ্দমাপৎস্বপি ন মুঞ্চতি ॥ ৩

ঐ ২৪৮

স্বভাবের সম্মিলন বশতঃ যে মিত্র হয়, তাদৃশ মিত্র ভাগ্যতেই মিলে, যেহেতুক সেই অকৃত্রিম মিত্রতা আপৎ কালেও যায় না।

ন মাতরি ন দারেষু ন সৌদর্য্যে ন চাত্মনি।
বিশ্বাসস্তাদৃশঃ পুংসাং যাবন্মিত্রে স্বভাবজে ॥ ৪

ঐ ২৪৯

স্বাভাবিক মিত্রেতে লোকের যত প্রত্যয় হয়, তত প্রত্যয় মাতাতে হয় না, স্ত্রীতে হয় না, সহোদরে হয় না এবং আপনাতেও হয় না।

শুচিত্বং ত্যাগিতা শৌর্য্যং সমানং সুখদুঃখয়োঃ।
দাক্ষিণ্যং চানুরক্তিশ্চ সত্যতা চ সুহৃদ্গুণাঃ ॥ ৫

ঐ ১৩৮,

শুচিতা, ত্যাগশীলতা, শূরত্ব, সুখদুঃখে সমানুভব, দাক্ষিণ্যতা, অনুরক্তি ও সত্যপ্রিয়তা, এই সুহৃদের গুণ।

রহস্যভেদো যাচ্ঞা চ নৈষ্ঠুর্য্যং চলচিত্ততা।
ক্রোধো নিঃসত্যতা দ্যূতমেতন্মিত্রস্য দূষণং ॥ ৬

ঐ ১৪০

গোপনীয় কথা প্রকাশ, যাচ্ঞা, নিষ্ঠুরতা, চিত্তের অস্থিরতা, ক্রোধ, মিথ্যাচরণ, দ্যূতক্রীড়া, এই সকল মিত্রের দোষ।

যয়োরেব সমং বিত্তং যয়োরেব সমং শ্রুতং।
তয়োর্ব্বিবাহঃ সখ্যঞ্চ ন তু পুষ্টবিপুষ্টয়োঃ ॥ ৭

আদিপর্ব্ব ১৩২। ১০

যাহাদের সমান বিত্ত, সমান জ্ঞান, তাহাদেরই মধ্যে বিবাহ ও সখ্য বন্ধন হইতে পারে; সম্পন্ন ও অসম্পন্ন ব্যক্তিদিগের মধ্যে তাহা হইতে পারে না।

যয়োশ্চিত্তেন বা চিত্তং নৈভৃ্তং নিভৃ্তেন বা।
সমেতি প্রজ্ঞয়া প্রজ্ঞা তয়োর্ম্মৈত্রী ন জীর্য্যতি ॥৮

উদ্যোগ ১৩৮। ১৪৯৩

যে দুইজনের চিত্ত বৃত্তি, গূঢ়াচার ও প্রজ্ঞা সমান তাহাদের উভয়ের মৈত্রী কদাচ জীর্ণ হয় না।

মত্যা পরীক্ষ্য মেধাবী বুদ্ধ্যা সংপাদ্য চাসকৃৎ।
শ্রুত্বা দৃষ্ট্বাথ বিজ্ঞায় প্রাজ্ঞৈর্ম্মৈত্রীং সমাচরেৎ॥৯

ঐ ১৪৮৭

মেধাবী ব্যক্তি যুক্তি দ্বারা পরীক্ষা করিয়া, বুদ্ধিদ্বারা বারংবার যোগ্যতা নিশ্চয় করিয়া, দেখিয়া, শুনিয়া, ও বিশেষ রূপে জানিয়া, যে ব্যক্তি প্রাজ্ঞ তাহারই সহিত মিত্রতা করিবে।

দুর্ব্বুদ্ধিমকৃতপ্রজ্ঞং চ্ছন্নং কূপং তৃণৈরিব।
বিবর্জ্জয়ীত মেধাবী তস্মিন্ মৈত্রী প্রণশ্যতি ॥১০

ঐ ১৪৯৪

মেধাবী ব্যক্তি দুর্ব্বুদ্ধি ও অকৃতজ্ঞ ব্যক্তিকে তৃণাচ্ছন্ন কূপের ন্যায় পরিত্যাগ করিবে। সেরূপ লোকের সহিত বন্ধুতা স্থায়ী হয় না।

পরোক্ষে কার্য্যহন্তারং প্রত্যক্ষে প্রিয়বাদিনং।
বর্জ্জয়েত্তাদৃশং মিত্রং বিষকুম্ভং পয়োমুখং ॥১১

হিত ১২০

অসাক্ষাতে কার্য্য হন্তা ও সাক্ষাতে প্রিয়বাদী, এমন মিত্রকে ত্যাগ করিবে। সে ব্যক্তি মুখেতে কিঞ্চিৎ দুগ্ধ বিশিষ্ট বিষকুম্ভের ন্যায়।

যে বৈ ভেদনশীলাস্তু সকামা নিস্ত্রপাঃ শঠাঃ।
তে পাপা ইতি বিখ্যাতাঃ সবাসে পরিগর্হিতাঃ ॥

উদ্যোগ ৩৮। ১৪৫৮

যাহারা ভেদকারী, কামপরায়ণ, নির্লজ্জ ও শঠ, তাহারা পাপাত্মা; তাহাদের সহবাস কর্ত্তব্য নহে।

যততে চাপবাদায় যত্নমারভতে ক্ষয়ে।
অল্পেঽপ্যপকৃতে মোহান্ন শান্তিমধিগচ্ছতি।
তাদৃশৈঃ সঙ্গতং নীচৈ নৃশংসৈরকৃতাত্মভিঃ।
নিশম্য নিপুণং বুদ্ধ্যা বিদ্বান্ দূরাদ্বিবর্জ্জয়েৎ ১৩

ঐ ১৪৬২

নীচ লোকেরা কাহারো সহিত প্রণয়ভঙ্গ হইলে তাহার অপরাধ ঘোষণা করে ও তাহার ক্ষয়ের চেষ্টাকরে। অজ্ঞান বশতঃ উহাদের একটুমাত্র অপকার করিলে উহারা আর শান্তি অবলম্বন করে না। বিদ্বান ব্যক্তি বুদ্ধিসহকারে

বিলক্ষণ বিবেচনা করিয়া তাদৃশ নীচ নৃশংস অকৃতজ্ঞ লোকদিগের সংসর্গ দূর হইতে পরিত্যাগ করিবেন।

কৃতজ্ঞং ধার্ম্মিকং সত্যমক্ষুদ্রং দৃঢ়ভক্তিকং।
জিতেন্দ্রিয়ং স্থিতং স্থিত্যাং মিত্রমত্যাগিচেষ্যতে ১৪

ঐ ১৪৯৬

কৃতজ্ঞ, ধার্ম্মিক, সত্যপরায়ণ, উদারচিত্ত, দৃঢ়ভক্তিমান, জিতেন্দ্রিয়, মর্য্যাদাপন্ন ও আপৎকালে অপরিত্যাগী, এইরূপ মিত্রই পার্থনীয়।

দুষ্কুলীনঃ কুলীনো বা মর্য্যাদাং যো ন লঙ্ঘয়েৎ।
ধর্ম্মাপেক্ষা মৃদুর্হ্রীমান্ স কুলীনশতাদ্বরঃ॥ ১৫

ঐ ১৪৯২

দুষ্কুলজাত হউন বা সৎকুলজাত হউন, যিনি মর্য্যাদা লঙ্ঘন করেন না, যিনি ধর্ম্মাপেক্ষী, মৃদু, লজ্জাশীল, তিনি শত কুলীন অপেক্ষাও শ্রেষ্ঠ।

স বন্ধু র্যো বিপন্নানামাপদুদ্ধরণক্ষমঃ।
নতু ভীতপরিত্রাণবস্তুপালম্ভপণ্ডিতঃ॥ ১৬

হিত ৭১

বিপদ্‌গ্রস্ত লোকের আপদ উদ্ধার করিতে যে যোগ্য সেই বন্ধু : যে ভয় হইতে পরিত্রাণের উপলক্ষে ধনগ্রহণে পণ্ডিত, সে বন্ধু নয়।

আকেশগ্রহণান্মিত্রমকার্য্যাৎ সংনিবর্ত্তয়ন্।
অবাচ্যঃ কস্যচিদ্ভবতি কৃতযত্নো যথাবলং॥ ১৭

উদ্যোগ ৯২। ৩৩১৮

এমন কি, মিত্রের কেশ ধারণ করিয়াও তাহাকে অকার্য্য হইতে নিবৃত্ত করিবার চেষ্টা করিবে। যদি সে ব্যক্তি তাহাতেও নিবৃত্ত না হয়, তাহার মিত্র তজ্জন্য নিন্দনীয় হইবে না।

জ্ঞাতীনাং হি মিথো ভেদে যন্মিত্রং নাভিপদ্যতে।
সর্ব্বযত্নেন মাধ্যস্থং ন তন্মিত্রং বিদুর্ব্বুধাঃ॥ ১৮

ঐ ৩৩২২

জ্ঞাতিগণের সহিত বিরোধ উপস্থিত হইলে যে মিত্র সর্ব্ব প্রযত্নে মধ্যস্থতা অবলম্বন না করেন, পণ্ডিতেরা তাহাকে মিত্র বলিয়া গণনা করেন না।

ব্যসনে ক্লিশ্যমানং হি যো মিত্রং নাভিপদ্যতে।
অনুনীয় যথাশক্তি তং নৃশংসং বিদুর্বুধাঃ॥ ১৯

ঐ ৩৩১৭

আপদ্‌গ্রস্ত ক্লিশ্যমান মিত্রকে যে ব্যক্তি যথাশক্তি অনুনয় দ্বারা মুক্ত করিতে চেষ্টা না করে, পণ্ডিতেরা তাহাকে নৃশংস বলিয়া জানেন।

ন তন্মিত্রং যস্য কোপাদ্বিভেতি
যদ্বা মিত্রং শঙ্কিতেনোপচর্য্যং।
যস্মিন্মিত্রে পিতরীবাশ্বসীত
তদ্বৈ মিত্রং সঙ্গতানীতরাণি॥ ২০

যাহার কোপহইতে ভয় পাইতে হয়, অথবা শঙ্কিত মনে যাহার সহিত ব্যবহার করিতে হয়, সে মিত্র নহে।

যে মিত্রের প্রতি পিতার ন্যায় বিশ্বাস স্থাপন করা যায়, সেই যথার্থ মিত্র। তদ্ভিন্ন অন্যের সহিত মিত্রতা সম্বন্ধ মাত্র হয়।

তস্মাৎ প্রাজ্ঞৈশ্চ বৃদ্ধৈশ্চ সুস্বভাবৈস্তপস্বিভিঃ।
সদ্ভিশ্চ সহ সংসর্গঃ কার্য্যঃ শমপরায়ণৈঃ ॥ ২১

বন ১। ২৩

অতএব প্রজ্ঞাশীল, বৃদ্ধ, সুশীল ও শমপরায়ণ সাধুগণের সহিত সহবাস করিবে।

যেষাং ত্রীণ্যবদাতানি বিদ্যা যোনিশ্চ কর্ম্ম চ।
তান্ সেবেত্তৈঃ সমাস্যা হি শাস্ত্রেভ্যোপি গরীয়সী

ঐ ২৪

যাহাদিগের কুল কর্ম্ম ও বিদ্যা এই তিনিই পরিশুদ্ধ, তাহাদিগের সেবা করিবে। তাহাদের সেবা দ্বারা শাস্ত্রালোচনা অপেক্ষাও অধিকতর ফল লাভ হয়।

বস্ত্রমাপস্তিলান্ ভূমিং গন্ধো বাসয়তে যথা।
পুষ্পানামধিবাসেন তথা সংসর্গজা গুণাঃ ॥ ২৩

ঐ ২১

যেমন বস্ত্র জল তিল ও ভূমি কুসুম সংসর্গে সুরভিত হইয়া উঠে ; সেইরূপ সংসর্গের গুণানুসারে লোক গুণান্বিত হয়।

মোহজালস্য যোনি র্হি মূঢ়ৈরেব সমাগমঃ।
অহন্যহনি ধর্ম্মস্য যোনিঃ সাধুসমাগমঃ ॥ ২৪

ঐ ২২

মূঢ় সমাগম কেবল মোহের আকর; নিত্য সাধুসমাগম কেবল ধর্ম্মের উৎপাদক।

সতাং সকৃৎ সঙ্গতমীপ্সিতং পরং
ততঃ পরং মিত্রমিতি প্রচক্ষতে।
ন চাফলং সৎপুরুষেণ সঙ্গতং
ততঃ সতাং সন্নিবসেৎ সমাগমে ॥ ২৫

বন ২৯৬। ২৯

সাধুগণের সহিত একবার মাত্র সমাগমেই মিত্রতা জন্মে; সাধুসমাগম কদাপি বিফল হয় না; এই নিমিত্ত সাধুসংসর্গে বাস করা কর্ত্তব্য।

মহাকুলীনাভিরপাপিকাভিঃ
স্ত্রীভিঃ সতীভিস্তব সখ্যমস্তু।
চণ্ডাশ্চ শৌণ্ডাশ্চ মহাশনাশ্চ
চৌরাশ্চ দুষ্টাশ্চপলাশ্চ বর্জ্জ্যাঃ ॥ ২৬

বন ২৩৩। ১১

স্ত্রীগণ সৎকুলজাতা পুণ্যশীলা পতিব্রতা স্ত্রীদিগের সহিত সখ্য করিবে। ক্রূর, কলহপ্রিয়, ঔদরিক, চৌর, দুষ্ট ও চপল স্ত্রীদিগের সহবাস পরিত্যাগ করিবে।

স্নেহচ্ছেদেঽপি সাধূনাং গুণা নায়ান্তি বিক্রিয়াং।
ভঙ্গেনাপি মৃণালানামনুবধ্নন্তি তন্তবঃ ॥ ২৭

হিত ১৩৭

সাধুদিগের মধ্যে যে প্রণয় জন্মে, তাহার যদি বিচ্ছেদ হয়, তথাপি তাহাদের গুণের বিকৃতি হয় না। যেমন মৃণাল ভগ্ন হইলেও তাহার তন্তুগুলি যোড়া থাকে।

# পঞ্চদশ অধ্যায়।

( রাজনীতি—সামরিক নীতি )

সর্ব্বো দণ্ডজিতো লোকো দুর্লভো হি শুচির্নরঃ।
দণ্ডস্য হি ভয়াৎ সর্ব্বং জগদ্ভোগায় কল্পতে ॥ ১
মনু ৭। ২২

সমুদায় লোকই দণ্ড ভয়ে সুপথগামী হয়, স্বাভাবিক বিশুদ্ধস্বভাব মনুষ্য জগতে অতি বিরল। কেবল দণ্ডের শাসনেই সমুদায় জগত ভোগ প্রাপ্ত হয়।

দণ্ডঃ শাস্তি প্রজাঃ সর্ব্বা দণ্ড এবাভিরক্ষতি।
দণ্ডঃ সুপ্তেষু জাগর্ত্তি দণ্ডং ধর্ম্মং বিদুর্ব্বুধাঃ ॥ ২
ঐ ১৮

দণ্ডই সমুদায় প্রজাকে শাসন করিয়া থাকে, দণ্ডই সকলকে রক্ষণাবেক্ষণ করে, সকলে নিদ্রিত হইলে দণ্ডই জাগ্রত থাকিয়া সকলকে রক্ষা করে; পণ্ডিতেরা দণ্ডকেই ধর্ম্ম বলিয়া নির্দ্দেশ করেন।

স রাজা পুরুষো দণ্ডঃ স নেতা শাসিতা চ সঃ।
চতুর্ণামাশ্রমাণাঞ্চ ধর্ম্মস্য প্রতিভূঃ স্মৃতঃ ॥ ৩
ঐ ১৭

দণ্ডই রাজা; দণ্ডই পুরুষ; দণ্ডই নেতা; দণ্ডই শাসিতা। দণ্ড চারি আশ্রমের ধর্ম্মের প্রতিভূ স্বরূপ।

তস্যাহুঃ সম্প্রণেতারং রাজানং সত্যবাদিনং।
সমীক্ষ্যকারিণং প্রাজ্ঞং ধর্ম্মকামার্থকোবিদং ॥ ৪
ঐ ২৬

উক্ত দণ্ডের প্রবর্ত্তয়িতা রাজা সত্যবাদী হইবেন, অগ্রপশ্চাৎ বিবেচনা করিবেন, সুবুদ্ধি হইবেন এবং ধর্ম্মার্থকামের জ্ঞাতা হইবেন।

যদি ন স্যান্নরপতিঃ সম্যঙ্‌নেতা ততঃ প্রজা।
অকর্ণধারা জলধৌ বিপ্লুবেতেহ নৌরিব॥ ৫

হিত ৪৪৭

সম্যক্ প্রকারে শাসন কার্য্যে সমর্থ, এরূপ রাজা যদি না থাকে, তবে সমুদ্রেতে নাবিকরহিত নৌকা যেমন মগ্ন হয়, তাহার ন্যায় প্রজাবিপ্লব উপস্থিত হয়।

সমীক্ষ্য স ধৃতঃ সম্যক্ সর্ব্বা রঞ্জয়তি প্রজাঃ।
অসমীক্ষ্য প্রণীতস্তু বিনাশয়তি সর্ব্বতঃ॥ ৬

মনু ৭। ১৯

সম্যক্ বিবেচনা করিয়া প্রজাদিগের দেহ ধনাদি বিষয়ে শাসন ব্যবস্থাপিত করিলে সমুদায় প্রজা রাজাতে অনুরক্ত হয়; বিবেচনা না করিয়া কার্য্য করিলে তাহার সর্ব্বতোভাবে বিনাশ হয়।

তস্করেভ্যো নিযুক্তেভ্যঃ শত্রুভ্যো নৃপবল্লভাৎ।
নৃপতি র্নিজলোভাচ্চ প্রজা রক্ষেৎ পিতেবহি॥ ৭

হিত ৩৬২

তস্কর, রাজ-নিযুক্ত পুরুষ, শত্রু, রাজার প্রিয় লোক ও রাজার নিজের লোভ হইতে রাজা পিতার ন্যায় প্রজাসকলকে রক্ষা করিবে।

সাম্বৎসরিকমাপ্তৈশ্চ রাষ্ট্রাদাহারয়েদ্‌বলিং।
স্যাচ্চাম্নায়পরো লোকে বর্ত্তেত পিতৃবন্নৃষু॥ ৮

মনু ৭।৮০

রাজা প্রজাদিগের নিকট হইতে সাংবৎসরিক কর গ্রহণ করিবেন; প্রজাদিগের প্রতি পিতার ন্যায় ব্যবহার করিবেন।

পুষ্পং পুষ্পং বিচিন্বীত মূলচ্ছেদং ন কারয়েৎ।
মালাকার ইবারামে ন যথাঙ্গারকারকঃ॥ ৯

উদ্যোগ ৩৩।১১১১

উদ্যানে মালাকারের ন্যায় প্রত্যেক বৃক্ষ হইতেই পুষ্প চয়ন করিবে; অঙ্গারকারকের ন্যায় বৃক্ষের একেবারে মূলোচ্ছেদ করিবে না।

নোচ্ছিন্দ্যাদাত্মনো মূলং পরেষাঞ্চাতিতৃষ্ণয়া।
উচ্ছিন্দন্ হ্যাত্মনোমূলমাত্মানং তাংশ্চপীড়য়েৎ

মনু ৭।১৩৯

রাজা প্রাপ্য করাদি ত্যাগ করিয়া আত্মমূলোচ্ছেদ করিবেন না; অধিক লোভবশতঃ সমধিক কর গ্রহণ করিয়া পরের মূলোচ্ছেদ করিবেন না; এই উভয় কার্য্যেই আপনাকে ও পরকে পীড়া দেওয়া হয়।

অনাদেয়ং নাদদীত পরিক্ষীণোঽপি পার্থিবঃ।
ন চাদেয়ং সমৃদ্ধোঽপি সূক্ষ্মমপ্যর্থমুৎসৃজেৎ॥ ১১

মনু।৮।১৭০

রাজা ক্ষীণ-ধন হইলেও, যাহা লইবার নয়, প্রজা

হইতে তাহা লইবেন না, এবং অতিশয় ধনাঢ্য হইলেও প্রাপ্য অল্প ধনও পরিত্যাগ করিবেন না।

বৃদ্ধবালধনং রক্ষ্যমন্ধস্য কৃপণস্য চ।
ন খাতপূর্ব্বং কুর্ব্বীত ন রুদন্তীধনং হরেৎ।
কৃতং কৃপণবৃত্তং হি রাষ্ট্রং হন্তি নৃপশ্রিয়ং ॥ ১২

অনুশাসন ৬১। ৩০৮৯

বৃদ্ধ, বালক, অন্ধ ও দীন ব্যক্তির ধন রাজা যত্ন পূর্ব্বক রক্ষা করিবেন। প্রজারা কূপাদি খনন করিয়া জল সংস্থান করিলে তাহার কর লইবেন না; রাজকর প্রদানে নিতান্ত কাতরা স্ত্রীলোকের নিকট কর গ্রহণ করিবেন না। দীনজনের অত্যল্পমাত্র ধন হইতেও কর গ্রহণ করিলে রাজার রাজ্য ও রাজশ্রী নষ্ট হইয়া যায়।

বালদায়াদিকং রিক্থং তাবদ্রাজানুপালয়েৎ।
যাবৎ স স্যাৎ সমাবৃত্তো যাবচ্চাতীতশৈশবঃ॥১৩

মনু ৮। ২৭

পিতৃমাতৃবিহীন অনাথ বালকের ধন রাজা তাবৎ রক্ষা করিবেন যাবৎ সে গুরুকুলে বিদ্যাভ্যাস পূর্ব্বক প্রাপ্তবয়স্ক হইয়া গৃহকার্য্য অবলম্বন না করে।

বশাঽপুত্রাসু চৈবং স্যাদ্রক্ষণং নিষ্কুলাসু চ।
পতিব্রতাসু চ স্ত্রীষু বিধবাস্বাতুরাসু চ॥ ১৪

ঐ ২৮

বন্ধ্যা, অপুত্রা, ভর্ত্তৃ ও অভিভাবক বিরহিতা, পতিব্রতা

সাধ্বী স্ত্রী এবং বিধবা ও রোগাতুরা স্ত্রী, ইহাদিগের ধন রাজা রক্ষা করিবেন।

প্রণষ্টস্বামিকং রিক্থং রাজা ত্র্যব্দং নিধাপয়েৎ।
অর্ব্বাক্ ত্র্যব্দাদ্ধরেৎ স্বামী পরেণ নৃপতির্হরেৎ॥ ১৫

মনু ৮। ৩০

যে ধনের অধিকারী জ্ঞাতসার নাই, উক্ত ধন রাজা তিন বৎসর রক্ষা করিবেন; তিন বৎসরের মধ্যেও তাহার অধিকারী উপস্থিত না হইলে তাহা রাজা গ্রহণ করিবেন।

দাতব্যং সর্ব্ববর্ণেভ্যো রাজ্ঞা চৌরৈর্হৃতং ধনং।
রাজা তদুপযুঞ্জানশ্চৌরস্যাপ্নোতি কিল্বিষং॥ ১৬

মনু ৮। ৪০

প্রজাদিগের যে ধন চৌরে অপহরণ করে, তাহা চৌরের নিকট হইতে লইয়া, যাহার ধন, তাহাকে দিবেন; তাহাকে না দিয়া যদি আপনি লয়েন, তবে রাজা চৌরের পাপ প্রাপ্ত হইবেন।

নোৎপাদয়েৎ স্বয়ং কার্য্যং রাজা নাপ্যস্য পূরুষঃ।
ন চ প্রাপিতমন্যেন গ্রসেদর্থং কথঞ্চন॥ ১৭

মনু ৮। ৪৩

রাজা কিম্বা রাজনিযুক্ত ব্যক্তি লোভপরবশ হইয়া, যাহারা বিবাদার্থী নহে, তাহাদের মধ্যে বিবাদ উত্থাপন করাইবেন না, এবং অর্থী প্রত্যর্থীর আবেদিত বিষয় উপেক্ষা করিয়া আপনি ধন লাভের চেষ্টা করিবেন না।

মোহাদ্রাজা স্বরাষ্ট্রং যঃ কর্ষয়ত্যনবেক্ষয়া।
সোঽচিরাদ্ভ্রশ্যতে রাজ্যাজ্জীবিতাচ্চ সবান্ধবঃ॥ ১৮

মনু ৭। ১১১

যে রাজা কিছু বিবেচনা না করিয়া অনুচিত ধন গ্রহণ ও মারণাদি কষ্ট দ্বারা প্রজাবর্গকে পীড়া দেয়, সে রাজ্য হইতে ভ্রষ্ট ও স্ত্রীপুত্রাদির সহিত প্রাণে বিনষ্ট হয়।

আত্মা জেয়ঃ সদা রাজ্ঞা ততো জেয়াশ্চ শত্রবঃ।
অজিতাত্মা নরপতি র্বিজয়েত কথং রিপূন্॥ ১৯

শান্তিপর্ব্ব

প্রথমতঃ আত্মাকে জয় করিবে, পরে শত্রুদিগকে জয় করিতে চেষ্টা করিবে। যে আপনাকে জয় করিতে অসমর্থ, সে শত্রুদিগকে কিরূপে পরাজয় করিতে পারিবে।

দশ কামসমুত্থানি তথাষ্টৌ ক্রোধজানি চ।
ব্যসনানি দুরন্তানি প্রযত্নেন বিবর্জ্জয়েৎ॥ ২০

মনু ৭। ৪৫

পশুবিনাশ, ক্রীড়া, রতি, মদ্যপান ও নৃত্যগীতাদি দশ প্রকার কামজ ব্যসন, এবং দ্রোহ, ঈর্ষ্যা, বাক্‌পারুষ্য, দণ্ড-পারুষ্য, প্রভৃতি আট প্রকার ক্রোধজ ব্যসন, এই সকল রাজা পরিত্যাগ করিবেন।

অতিভীরুমতিক্লীবং দীর্ঘসূত্রং প্রমাদিনং।
ব্যসনাদ্বিষয়াক্রান্তং ন ভজন্তি নৃপং প্রজাঃ॥ ২১

বন ২৫০। ৫

ভীরু, পৌরুষরহিত, দীর্ঘসূত্রী, প্রমাদী, ব্যসনাসক্ত, এরূপ রাজাকে প্রজারা ভজনা করে না।

অবজ্ঞানাৎ রাজ্ঞো ভবতি মতিহীনঃ পরিজনঃ
ততস্তৎ প্রামাণ্যাদ্ভবতি ন সমীপে বুধজনঃ।
বুধৈস্ত্যক্তে রাজ্যে নহি ভবতি নীতি র্গুণবতী
বিপন্নায়াং নীতৌ সকলমবশং সীদতি জগৎ ॥২২

হিত ৩৩৪

রাজার অবজ্ঞাতে তৎপরিবারদিগের সদ্বুদ্ধির উদয় হয় না; তেমন অবস্থায় পণ্ডিত লোকেরাও নিকটে থাকে না; পণ্ডিত লোক না থাকিলে নীতির উপযুক্ত কার্য্য হয় না; নীতি বিপর্য্যয় হইলে জগৎ অবসাদ প্রাপ্ত হয়।

যঃ কুলাভিজনাচারৈরতিশুদ্ধঃ প্রতাপবান্।
ধার্ম্মিকো নীতিকুশলঃ স স্বামী যুজ্যতে ভুবি॥২৩

হিত ২৪২

কুলাচারাদিতে অতি পবিত্র, প্রতাপবান্, ধর্ম্মিষ্ঠ ও নীতি কুশল, এরূপ ব্যক্তিই পৃথিবীতে রাজার উপযুক্ত।

যথৈনং নাভিসন্দধ্যুর্ম্মিত্রোদাসীনশত্রবঃ।
তথা সর্ব্বং সংবিদধ্যাদেষ সামাসিকো নয়ঃ ॥২৪

মনু ৭। ১৮০

মিত্র উদাসীন ও শত্রুরা যাহাতে পীড়া দিতে না পারে, রাজা নিজ রাজ্যে এমন উপায় সকল করিবেন, সংক্ষেপে এই নীতি বলা হইল।

ধর্ম্মেণ রাজ্যং বিন্দেত ধর্ম্মেণ পরিপালয়েৎ।
ধর্ম্মমূলাং শ্রিয়ং প্রাপ্য ন জহাতি ন হীয়তে॥২৫

উদ্যোগ ৩৩। ১১২৪

ধর্ম্মানুসারে রাজ্যলাভ ও ধর্ম্মানুসারে রাজ্যপালন করিবে। ধর্ম্মানুগতা রাজশ্রী কখন হীন ও ক্ষীণ হয় না।

বশ্যেন্দ্রিয়ং জিতাত্মানং ধৃতদণ্ডং বিকারিষু।
পরীক্ষ্য কারিণং ধীরমত্যন্তং শ্রীর্নিষেবতে॥ ২৬

ঐ ১১৫২

যিনি ইন্দ্রিয়গণ ও মনকে বশ করিয়া, অন্যায়কারীর প্রতি দণ্ড বিধান ও পরীক্ষা করিয়া, সমুদায় কার্য্য সম্পাদন করেন, রাজলক্ষ্মী নিরন্তর তাহার সেবা করিয়া থাকে।

কামং ক্রোধঞ্চ লোভঞ্চ দম্ভং দর্পঞ্চ ভূমিপঃ।
সম্যগ্বিজেতুং যো বেদ স মহীমভিজায়তে॥ ২৭

ঐ ১২৮। ৪৩৪২

যে রাজা কাম ক্রোধ লোভ দম্ভ দর্প প্রভৃতি রিপু সকলকে সম্যক্ রূপে জয় করিতে জানেন, তিনিই পৃথিবী শাসন করিতে পারেন।

যঃ আত্মনঃ প্রিয়সুখে হিত্বা মৃগয়তে শ্রিয়ং।
অমাত্যানামথো হর্ষমাদধাত্যচিরেণ সঃ॥ ২৮

ঐ ১৩২। ৪৪৩১

যে রাজা আপনার প্রিয় ও সুখ পরিত্যাগ করিয়া রাজ্যের মঙ্গলের নিমিত্ত চেষ্টা করেন, তিনি অমাত্যদিগের হর্ষ উৎপাদন করেন।

অতিব্যয়োঽনবেক্ষা চ তথার্জ্জনমধর্ম্মতঃ।
পোষণং দূরসংস্থানাং কোষব্যসনমুচ্যতে ॥ ২৯
হিত ৩৪৮

ধনাদির অতিরিক্ত ব্যয়, তত্ত্বাবধান না করা, অধর্ম্মোপার্জ্জন, অতি দূরসম্পর্কীয় লোকের পোষণ, এই সকল কোষব্যসন বলিয়া উক্ত হয়।

নাপরীক্ষ্য মহীপালঃ কুর্য্যাৎ সচিবমাত্মনঃ।
অমাত্যে হ্যর্থলিপ্সা চ মন্ত্ররক্ষণমেব চ ॥ ৩০
উদ্যোগ ৩৭। ১৪১৭

মহীপাল পরীক্ষা না করিয়া কাহাকেও অমাত্যপদে অভিষিক্ত করিবেন না। কারণ অমাত্যগণের উপরেই অর্থ লিপ্সা ও মন্ত্ররক্ষণ নির্ভর করে।

যো যেন প্রতিবুদ্ধঃ স্যাৎ সহতেনোদয়ী ব্যয়ী।
সুবিশ্বস্তো নিযোক্তব্যঃ প্রাণেষু চ ধনেষু চ ॥ ৩১
হিত ৫৭০

যে রাজা যে মন্ত্রী হইতে বাড়েন, তিনি সে মন্ত্রীকে বাড়াইবেন ও তাহাকে উপযুক্ত ধন দিবেন। লোকের প্রাণ ও ধন বিষয়ে সুবিশ্বস্ত পাত্রকে নিয়োগ করিবেন।

ধূর্ত্তঃ স্ত্রী বা শিশুর্যস্য মন্ত্রিণঃ স্যুর্মহীপতেঃ।
অনীতিপবনক্ষিপ্তঃ কার্য্যাব্ধৌ স নিমজ্জতি ॥ ৩২
হিত ৫৭১

ধূর্ত্ত, স্ত্রী ও বালক, ইহারা যাঁহার মন্ত্রী, সে রাজা অন্যায় রূপ বায়ুতে বিক্ষিপ্ত হইয়া কার্য্যরূপ সমুদ্রেতে মগ্ন হয়।

প্রাপ্তার্থগ্রহণং দ্রব্যপরীবর্ত্তোঽনুরোধনং।
উপেক্ষা বুদ্ধিহীনত্বং ভোগোঽমাত্যস্য দূষণং॥৩৩
হিত ৩৫৭

রাজ্যসম্পর্কীয় প্রাপ্ত ধন আত্মসাৎ করা, পরিবর্ত্ত করা, রাজাকে অনুরোধ বা উপেক্ষা করা, বুদ্ধিহীনত্ব, ভোগাসক্তি, এই সকল অমাত্যের দোষ।

দূতঞ্চৈব প্রকুর্ব্বীত সর্ব্বশাস্ত্রবিশারদং।
ইঙ্গিতাকারচেষ্টজ্ঞং শুচিং দক্ষং কুলোদ্গতং॥ ৩৪
মনু ৭। ৬৩

সর্ব্বশাস্ত্রে বিশারদ, ইঙ্গিত ও মুখের ভাব প্রভৃতি দ্বারা মনের ভাব বুঝিতে সক্ষম, বিশুদ্ধস্বভাব, কার্য্যদক্ষ, মহৎবংশজাত, এইরূপ ব্যক্তিকেই দূত করিবে।

অনুরক্তঃ শুচির্দক্ষঃ স্মৃতিমান্ দেশকালবিৎ।
বপুষ্মান্ বীতভীর্ব্বাগ্মী দূতো রাজ্ঞঃ প্রশস্যতে॥ ৩৫
ঐ ৬৪

রাজ্যের প্রতি অনুরক্ত, বিশুদ্ধস্বভাব, কার্য্যদক্ষ, স্মরণ-শক্তিসম্পন্ন, দেশকালজ্ঞ, উন্নতশরীর, নির্ভীক, বাগ্মী, এতাদৃশ দূত প্রশংসনীয়।

নতু হন্যাৎ নৃপো জাতু দূতং কস্যাঞ্চিদাপদি।
দূতস্য হন্তা নিরয়মাবিশেৎ সচিবৈঃ সহ॥ ৩৬
শান্তিপর্ব্ব

কোন কারণেই দূতের বধ কর্ত্তব্য নহে। যে রাজা দূতের প্রাণ নষ্ট করে, সে মন্ত্রীগণ সহিত নরকে গমন করে।

যত্র ধর্ম্মোহ্যধর্ম্মেণ সত্যং যত্রানৃতেন চ।
হন্যতে প্রেক্ষমাণানাং হতাস্তত্র সভাসদঃ॥ ৩৭

মনু ৮। ১৪

যেস্থলে সভাসদদিগের চক্ষুর সম্মুখেই অর্থি প্রত্যর্থিগণ মিথ্যা রচনা করিয়া সত্যকে অসত্য দ্বারা, ধর্ম্মকে অধর্ম্ম দ্বারা নষ্ট করায়, সেস্থলে সেই সভাসদেরাই নষ্ট হইয়া থাকে।

যথা নয়ত্যসৃক্‌পাতৈর্ম্মৃগস্য মৃগয়ুঃ পদং।
নয়েত্তথানুমানেন ধর্ম্মস্য নৃপতিঃ পদং॥ ৩৮

ঐ ৪৪

যেরূপ ব্যাধ বাণবিদ্ধ পলায়িত মৃগের স্থান রুধির চিহ্নদ্বারা অবগত হয়। তদ্রূপ অনুমান ও প্রমাণাদির দ্বারা রাজা যথার্থ বিষয় নির্ণয় করিবেন।

গৃহিণঃ পুত্রিণোঃ মৌলাঃ ক্ষত্রবিট্‌শূদ্রযোনয়ঃ।
অর্থ্যুক্তাঃ সাক্ষ্যমর্হন্তি ন যে কেচিদনাপদি॥৩৯

ঐ ৬২

অর্থী কর্ত্তৃক মানিত হইলে গৃহস্থ, পুত্রবান্‌, তদ্দেশ নিবাসী, ক্ষত্রিয় বৈশ্যশূদ্রাদি ব্যক্তি সাক্ষীদানে যোগ্য হয়। আপদে অন্য সাক্ষীও লওয়া যাইতে পারে।

বালবৃদ্ধাতুরাণাঞ্চ সাক্ষ্যেষু বদতাং মৃষা।
জানীয়াদস্থিরাং বাচমুৎসিক্তমনসান্তথা॥ ৪০

ঐ ৭১

বালক বৃদ্ধ মত্ত উন্মত্ত লোক যদি মিথ্যা বলে, তাহাদের

অস্থির বাক্য দ্বারা তাহাদের সাক্ষ্যের যাথাতথ্য নির্ণয় হইতে পারিবে।

সমক্ষদর্শনাৎ সাক্ষ্যং শ্রবণাচ্চৈব সিদ্ধ্যতি।
তত্র সত্যং ব্রুবন্ সাক্ষী ধর্ম্মার্থাভ্যাং ন হীয়তে॥৪১

মনু ৮। ৭৪

চক্ষুগ্রাহ্য ব্যাপারের সাক্ষাত দর্শনে সাক্ষ্য সিদ্ধ হয়, শ্রবণযোগ্য ব্যাপারের শ্রবণে সাক্ষ্য সিদ্ধ হয়। সত্য-সাক্ষ্যবাদীর ধর্ম্ম অর্থ নষ্ট হয় না।

অনুবন্ধং পরিজ্ঞায় দেশকালৌ চ তত্ত্বতঃ।
সারাপরাধৌ চালোক্য দণ্ডং দণ্ড্যেষু পাতয়েৎ৪২

ঐ ১২৬

অপরাধের অনুবন্ধ, দেশ, কাল, ইচ্ছাধীনতা প্রভৃতি যথার্থং বিবেচনা পূর্ব্বক, যে যেমন দণ্ডযোগ্য, তাহাকে সেইরূপ দণ্ড দিবে।

অধর্ম্মদণ্ডনং লোকে যশোঘ্নং কীর্ত্তিনাশনং।
অস্বর্গ্যঞ্চ পরত্রাপি তস্মাত্তৎ পরিবর্জ্জয়েৎ ॥৪৩

ঐ ১২৭

যিনি সম্যক্ বিচারপরায়ণ না হইয়া আপনার ইচ্ছা-নুসারে অধর্ম্ম দণ্ড করেন, তাহার ইহলোকে অখ্যাতি ও পরলোকে স্বর্গ সুখ নষ্ট হয়।

অধর্ম্মতাং যাতি ধর্ম্মো যাত্যধর্ম্মশ্চ ধর্ম্মতাং।
বধো নাম ভবেদ্ধর্ম্মো নৈতদ্ভবিতুমর্হতি ॥ ৪৪

শান্তি ২৬৮। ৯৫৬২

বিচারের ত্রুটি হেতু ধর্ম্ম অধর্ম্ম বলিয়া ও অধর্ম্ম ধর্ম্ম বলিয়া প্রতিপন্ন হইতে পারে; কিন্তু কোন অপরাধে বধ ধর্ম্ম হইতে পারে না।

ক্ষন্তব্যং প্রভুণা নিত্যং ক্ষিপতাং কার্য্যিণাং নৃণাং।
বালবৃদ্ধাতুরাণাঞ্চ কুর্ব্বতা হিতমাত্মনঃ ॥ ৪৫

মনু ৮। ৩১২

যদি অর্থী প্রত্যর্থীরা স্বকার্য্যে দুঃখিত হইয়া নৃপতির নামে আক্ষেপ করে, এবং বালক, বৃদ্ধ, পীড়াযুক্ত ব্যক্তি রাজার উপর দোষারোপ করে, রাজার তাহা ক্ষমা করা উচিত।

যথা সর্ব্বাণি ভূতানি ধরা ধারয়তে সমং।
তথা সর্ব্বাণি ভূতানি বিভ্রতঃ পার্থিবং ব্রতং ॥৪৬

মনু ৯। ৩১১

যেমন ধরণী স্থাবর জঙ্গম উচ্চাবচ সকল পদার্থ সমান ভাবে ধারণ করেন, তদ্রূপ বিদ্বান্, ধনী, গুণবান্, নির্গুণ, দীন, অনাথ প্রভৃতি সকল প্রাণীকে পালন করা রাজার ধর্ম্ম।

যত্রাবলো বধ্যমানস্ত্রাতারং নাধিগচ্ছতি।
মহান্ দৈবকৃতস্তত্র দণ্ডঃ পততি দারুণঃ ॥ ৪৭

শান্তিপর্ব্ব

যেখানে দুর্ব্বল লোকেরা অন্যকর্ত্তৃক পীড়িত হইয়া রক্ষা কর্ত্তা রাজার সাহায্য প্রাপ্ত না হয়, সেখানে দৈব হইতে মহান্ দণ্ড উপস্থিত হয়।

কৃপণানাথবৃদ্ধানাং যদশ্রুপরিমার্জ্জতি।
হর্ষং সঞ্জনয়ন্নৄণাং স রাজ্ঞো ধর্ম্ম উচ্যতে॥ ৪৮

শান্তিপর্ব্ব

দীন অনাথ বৃদ্ধ, ইহাদিগের শোকাশ্রু নিবারণ করিবে, সর্ব্বসাধারণ লোকের হর্ষোৎপাদন করিবে, রাজার এই ধর্ম্ম।

ন বিভেতি রণাৎ যো বৈ সংগ্রামেঽপ্যপরাঙ্মুখঃ।
ধর্ম্মযুদ্ধে মৃতো বাপি তেন লোকত্রয়ং জিতং॥ ৪৯

মহানির্ব্বাণ ৮। ৬৭

যে ভয়াক্রান্ত হইয়া সংগ্রাম বিষয়ে কখনই পরাঙ্মুখ হয় না; যাহার ধর্ম্মযুদ্ধে মৃত্যুই বা হয়, তৎ কর্ত্তৃক তিন লোক জিত হয়।

ন চ হন্যাৎ স্থলারূঢ়ং ন ক্লীবং ন কৃতাঞ্জলিং।
ন মুক্তকেশং নাসীনং ন তবাস্মীতিবাদিনং॥৫০

মনু ৭। ৯১

রথ ত্যাগ করিয়া স্থলারূঢ়, ক্লীব, কৃতাঞ্জলি, যুদ্ধ ত্যাগ করিয়া আসীন, মুক্তকেশ এবং আত্মসমর্পণকারী ব্যক্তিকে বিনাশ করিবে না।

ন সুপ্তং ন বিসন্নাহং ন নগ্নং ন নিরায়ুধং।
নাযুধ্যমানং পশ্যন্তং ন পরেণ সমাগতং॥ ৫১

ঐ ৯২

যে নিদ্রিত, বর্ম্মবিহীন, উলঙ্গ, বা নিরায়ুধ, যে যুদ্ধ করিতেছে না, যে দেখিতে আসিয়াছে, যে অন্যের সহিত যুদ্ধ করিতেছে, এসকল ব্যক্তিকে নষ্ট করিবে না।

পুরস্কৃত্য বলং রাজা যোধয়েদবলোকয়ন্।
স্বামিনাধিষ্ঠিতঃ শ্বাপি কিং ন সিংহায়তে ধ্রুবং॥৫২

হিত ৫।৭৬

রাজা স্বয়ং সেনাকে অগ্রে লইয়া যুদ্ধ করিবেন ; প্রভু নিকটে থাকিলে কুক্কুরও সিংহের ন্যায় আচরণ করে।

নাধর্ম্মেণ মহীং জেতুং লিপ্সেত জগতীপতিঃ।
অধর্ম্মবিজয়ং লব্ধা কোঽনুমন্যেত ভূমিপঃ॥ ৫৩

শান্তিপর্ব্ব

অধর্ম্ম দ্বারা জয় লাভের ইচ্ছা করিবে না। অধর্ম্ম দ্বারা বিজয় লাভ করিলে সে রাজার কে প্রতিষ্ঠা করে ?

---

# ষোড়শ অধ্যায়।

(আচার)

দুরাচারা দুর্ব্বিচেষ্টা দুষ্প্রজ্ঞাঃ প্রিয়সাহসাঃ।
অসন্তস্ত্বিতি বিখ্যাতাঃ সন্তশ্চাচারলক্ষণাঃ॥ ১

শান্তি ১২৩। ৭০৩৩

দুরাচার, দুশ্চেষ্ট, দুর্ব্বুদ্ধি ও সাহসপ্রিয় লোকেরা অসাধু বলিয়া বিখ্যাত। সদাচার সাধুদিগের লক্ষণ।

আচারাল্লভতে চায়ুরাচারাল্লভতে শ্রিয়ং।
আচারাল্লভতে কীর্ত্তিং পুরুষঃ প্রেত্যচেহ চ॥২

অনুশাসন ১০৪। ৪৯৫৯

সদাচার হইতে ইহকালে ও পরকালে দীর্ঘজীবন, মঙ্গল ও কীর্ত্তিলাভ হয়।

দৃষ্টিপূতং ন্যসেৎ পাদং বস্ত্রপূতং জলং পিবেৎ।
সত্যপূতাং বদেৎ বাচং মনঃ পূতং সমাচরেৎ ॥৩

মনু ৬। ৪৬

পথে কোন জীব বা অশুচির কোন বস্তু না থাকে, তাহা দেখিয়া পদ নিক্ষেপ করিবে; বস্ত্র দ্বারা জল ছাঁকিয়া পান করিবে; সত্য কথা বলিবে; যাহাতে অন্তরাত্মা পরিতুষ্ট থাকে, সেইরূপ আচরণ করিবে।

বাক্ সংযমোহি [নৃপতে] সুদুষ্করতমো মতঃ।
অর্থবচ্চ বিচিত্রঞ্চ ন শক্যং বহু ভাষিতুং ॥ ৪

বাক্যসংযম অতি দুষ্কর কর্ম্ম; অর্থযুক্ত অথচ বিচিত্র এরূপ বহু কথার প্রসঙ্গ করিতে কেহ সমর্থ হয় না।

অভ্যাবহতি কল্যাণং বিবিধং বাক্ সুভাষিতা।
সৈব দুর্ভাষিতা [রাজন্] নর্থায়োপপদ্যতে ॥ ৫

সুভাষিত বাক্য বিবিধ কল্যাণ উৎপাদন করে; উহা আবার দুর্ভাষিত হইলে বহু অনর্থ উপস্থিত হয়।

অনাহূতো বিশেদ্যস্তু অপৃষ্টো বহুভাষতে।
আত্মানং মন্যতে প্রীতিং ভূপালস্য স দুর্ম্মতিঃ॥৬

হিত ৩০৯

যে আহূত না হইলেও নিকটে যায় ও জিজ্ঞাসিত না হইলেও অনেক কহে, সে যদি আপনাকে রাজার প্রিয় বলিয়া জানে সে দুর্ম্মতি।

আপদ্যুন্মার্গগমনে কার্য্যকালাত্যয়েষু চ।
কল্যাণবচনং ব্রূয়াদস্পৃষ্টোঽপি হিতং নরঃ॥ ৭

হিত ৩১৯

আপৎকালে, পথ পরিত্যাগ করিয়া বিপথে যাইবার উপক্রমে, কার্য্যকাল অতীত হয় এমন সময়ে, সুহৃৎলোক জিজ্ঞাসিত না হইলেও মঙ্গলবাক্য কহিবেক।

ন চৌষ্ঠৌ ন ভুজৌ জানূ ন চ বাচং সমাক্ষিপেৎ।
সদা বাতঞ্চ বাচঞ্চ ষ্ঠীবনঞ্চাচরেচ্ছনৈঃ॥ ৮

বিরাট ৪। ৩৫

হস্ত, পাদ, ওষ্ঠ, জানূ, সতত সঞ্চালন করিবে না; সর্ব্বদা বিস্তর কথা কহিবে না; অতি গোপনে নিষ্ঠীবন ও বাতাদি পরিত্যাগ করিব।

হাস্যবস্তুষু চাপ্যস্য বর্ত্তমানেষু কেষুচিৎ।
নাতিগাঢ়ং প্রহৃষ্যেত ন চাপ্যুন্মত্তবদ্ধসেৎ।
ন চাতিধৈর্য্যেণ চরেৎ গুরুতাং হি ব্রজেত্তথা।
স্মিতন্তু মৃদুপূর্ব্বেণ দর্শয়েদপ্রমাদজং॥ ৯

বিরাট ৪। ৩৭

কোন প্রকার হাস্যের বিষয় উস্থিত হইলে অতিশয় হাস্য করা, অথবা এক বারে হাস্য না করা, এ উভয়ই বিরুদ্ধ। অপ্রমাদজ মৃদু হাস্য সর্ব্বথা বিধেয়।

ব্রাহ্মে মুহূর্ত্তে বুধ্যেত ধর্ম্মার্থো চানুচিন্তয়েৎ।
উত্থায়াচম্য তিষ্ঠেত পূর্ব্বাং সন্ধ্যাং কৃতাঞ্জলিঃ।
এবমেবাপরাং সন্ধ্যাং সমুপাসীত বাগ্‌যতঃ॥ ১০

অনুশাসন ১০৪। ৪৯৬৯

ব্রাহ্ম মুহূর্ত্তে জাগরিত হইয়া ধর্ম্মার্থ চিন্তা করিবে; গাত্রোত্থান করিয়া আচমন ও তদনন্তর কৃতাঞ্জলিপুটে বাগ্‌যত হইয়া প্রাতঃসন্ধ্যা ও সেইরূপে সায়ংসন্ধ্যা করিবে।

অনায়ুষ্যং দিবাস্বপ্নং তথাভ্যুদিতশায়িতা।
প্রগে নিশামাশু তথা যে চোচ্ছিষ্টাঃ স্বপন্তি বৈ১১

ঐ ১০৪। ৫০৯৪

দিবসে নিদ্রা ও সূর্য্যোদয় হইলে শয়ন আয়ুক্ষয়কর হয়। প্রত্যূষে শয়ন ও রাত্রিকালে অশুচি হইয়া শয়ন, উভয়ই নিষিদ্ধ।

প্রসাধনঞ্চ কেশানামঞ্জনং দন্তধাবনং।
পূর্ব্বাহ্ন এব কার্য্যাণি দেবতানাঞ্চ পূজনং॥ ১২

ঐ ৪৯৭৬

কেশ নেত্র ও দন্ত সংস্কার এবং দেবতা পূজা প্রাতঃকালেই কর্ত্তব্য।

নৈকবস্ত্রেণ ভোক্তব্যং ন নগ্নঃ স্নাতুমর্হতি।
স্বপ্তব্যং নৈব নগ্নেন ন চোচ্ছিষ্টোঽপি সংবিশেৎ।
ভূমৌ সদৈব নাশ্নীয়ান্নানাসীনো ন শব্দবৎ॥১৩

ঐ ৫০২২

একবস্ত্রধারী হইয়া ভোজন করিবে না; উলঙ্গ হইয়া স্নান করিবে না; উলঙ্গ হইয়া শয়ন করিবে না; ভূমিতে আহার্য্য দ্রব্য রাখিয়া, এবং না বসিয়া, আহার করিবে না; শব্দ সহকারে ভোজন করিবে না।

উপানহৌ চ বস্ত্রঞ্চ ধৃতমন্যৈর্ন ধারয়েৎ।
ব্রহ্মচারী চ নিত্যং স্যাৎ পাদং পাদেন নাক্রমেৎ।
অন্যস্য চাপ্যবস্নাতং দূরতঃ পরিবর্জ্জয়েৎ ॥ ১৪

(মনু ৪। ৬৬) অনুশাসন ১০৪। ৪৯৮২

অন্যপরিহিত বস্ত্র ও পাদুকা পরিধান করিবে না; আহারাদি বিষয়ে সংযত থাকিবে; পায়ে পায়ে জড়াইয়া রাখিবে না; অন্যস্নাত জলে কোন মতেই স্নান করিবে না।

দূরাদাবসথান্ মূত্রং দূরাৎ পাদাবসেচনং।
উচ্ছিষ্টোৎসর্জ্জনং চৈব দূরে কার্য্যং হিতৈষিণা॥১৫

ঐ ৫০৩৬

অতিথিশালা নির্ম্মাণ, মূত্রাদি ত্যাগ, পাদপ্রক্ষালন, উচ্ছিষ্ট বস্তু নিক্ষেপ, এসকল কার্য্য বাস গৃহ হইতে দূরে করিবে।

নাপ্সু মূত্রং পুরীষং বা ষ্ঠীবনং বা সমুৎসৃজেৎ।
অমেধ্যলিপ্তমন্যদ্বা লোহিতং বা বিষাণি বা॥১৬

মনু ৪। ৫৬

জলেতে প্রস্রাব বিষ্ঠা বা শ্লেষ্মা ত্যাগ করিবে না, বিষ্ঠামূত্রাদি লিপ্ত বস্ত্র ক্ষালন করিবে না, রক্ত বা কোন প্রকার বিষ নিক্ষেপ করিবে না।

মত্তক্রুদ্ধাতুরাণাঞ্চ ন ভুঞ্জীত কদাচন্।
কেশকীটাবপন্নঞ্চ পদাস্পৃষ্টঞ্চ কামতঃ ॥ ১৭

মনু ৪। ২০৭

মত্ত, ক্রোধান্বিত ও ব্যাধিযুক্ত, ইহাদিগের অন্ন কখন ভোজন করিবে না; কেশ কীট ইত্যাদি সংযুক্ত অন্ন বা পদ দ্বারা পৃষ্ট অন্ন ভোজন করিবে না।

নোচ্ছিষ্টং কস্যচিদ্দদ্যান্নাদ্যাচ্চৈব তথান্তরা।
ন চৈবাত্যশনং কুর্য্যান্ন চোচ্ছিষ্টঃ ক্বচিদ্ব্রজেৎ॥১৮

মনু ২। ৫৬

কাহাকেও উচ্ছিষ্ট অন্ন প্রদান করিবে না; ভোজনের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে আর ভোজন করিবে না; অধিক অধিক করিয়া ভোজন করিবে না; এবং উচ্ছিষ্ট মুখে কোথাও যাইবে না।

রজসাভিপ্লুতাং নারীং নরস্য হ্যুপগচ্ছতঃ।
প্রজ্ঞা তেজো বলঞ্চক্ষুরায়ুশ্চৈব প্রহীয়তে ॥ ১৯

মনু ৪। ৪১

যে পুরুষ রজস্বলা নারীতে গমন করে, তাহার বুদ্ধি তেজ, বল, চক্ষু ও পরমায়ু নষ্ট হয়।

অনাতুরঃ স্বানি খানি ন স্পৃশেদনিমিত্ততঃ।
রোমাণি চ রহস্যানি সর্ব্বাণ্যেব বিবর্জ্জয়েৎ ॥২০

মনু ৪। ১৪৪

পীড়িত না হইলে, কারণ ব্যতীত, স্বীয় ইন্দ্রিয়চ্ছিদ্র সকল ও গোপনীয় লোম স্পর্শ করিবে না।

নাশ্নীয়াদ্ভার্য্যয়া সার্দ্ধং নৈনামীক্ষেত চাশ্নতীং।
ক্ষুবতীং জৃম্ভমাণাং বা ন চাসীনাং যথাসুখং ॥২১

মনু ৪। ৪৩

পত্নীর সহিত একত্রে ভোজন করিবে না; পত্নীর ভোজন সময়ে, বা হাঁছিবার সময়, বা হাই তুলিবার সময়, অথবা যথাসুখে অসংযত রূপে বসিয়া থাকিলে তাহাকে দেখিবে না।

বিরলে শয়নং বাসং ত্যজেৎ প্রাজ্ঞঃ পরস্ত্রিয়া।
অযুক্তভাষণঞ্চৈব স্ত্রিয়ঃ শৌর্য্যং ন দর্শয়েৎ ॥ ২২

মহানির্ব্বাণ ৮। ৪১

পরস্ত্রীর সহিত একত্রে নির্জ্জনে শয়ন ও বাস করিবে না। স্ত্রীলোকের সম্বন্ধে দুর্ভাষা ব্যবহার ও বীরত্ব প্রদর্শন করিবে না।

ঔদ্ধত্যং পরিহাসঞ্চ তর্জ্জনং বহুভাষণং।
পিত্রোরগ্রে ন কুর্ব্বীত যদীচ্ছেদাত্মনো হিতং ॥২৩

ঐ ৩০

পিতার নিকটে ঔদ্ধত্য, পরিহাস, তর্জ্জন ও বহুবাক্য ব্যবহার করিবে না।

গুরুণা চৈব নির্ব্বন্ধো ন কর্ত্তব্যঃ কদাচন।
অনুমান্যঃ প্রসাদ্যশ্চ গুরুঃ ক্রুদ্ধো [যুধিষ্ঠির]॥২৪

অনুশাসন ১০৪। ৫০৩৫

গুরুর সহিত বিতণ্ডা করা কর্ত্তব্য নহে। গুরু যদি ক্রুদ্ধ হয়েন, যথোচিত বিনয় দ্বারা তাহাকে প্রসন্ন করা কর্ত্তব্য।

অভিবাদয়েত বৃদ্ধাংশ্চ দদ্যাচ্চৈবাসনং স্বয়ং।
কৃতাঞ্জলিরুপাসীত গচ্ছন্তং পৃষ্ঠতোঽন্বিয়াৎ ॥২৫

অনুশাসন ১০৪। ৫০২০

বৃদ্ধব্যক্তি গৃহ আগত হইলে তাঁহার অভিবাদন করিয়া স্বয়ং আসনাদি প্রদান করিবে; পরে করযোড়ে তাঁহার নিকটে থাকিবে; তিনি গমন করিলে তাঁহার পশ্চাৎ পশ্চাৎ গমন করিবে।

বিনিতৈস্তু ব্রজেন্নিত্যমাশুগৈর্লক্ষণান্বিতৈঃ।
বর্ণরূপোপসম্পন্নৈঃ প্রতোদেনাতুদন্ ভৃশং॥ ২৬

মনু ৪। ৬৮

সুশিক্ষিত দ্রুতগামী সুলক্ষণাক্রান্ত সুশোভন অশ্বাদি যানে গমনাগমন করিবে। কিন্তু চাবুক দ্বারা অশ্বগণকে অতিশয় পীড়া দিবে না।

ধর্ম্মএব হতো হন্তি ধর্ম্মো রক্ষতি রক্ষিতঃ।
তস্মাদ্ধর্ম্মো ন হন্তব্যো মা নো ধর্ম্মো হতোঽবধীৎ ॥ ২৭

মনু ৮। ১৫

যে ব্যক্তি ধর্ম্মকে নষ্ট করে, ধর্ম্ম তাহাকে নষ্ট করেন, আর যিনি ধর্ম্মকে রক্ষা করেন, ধর্ম্ম তাহাকে রক্ষা করেন। অতএব ধর্ম্মকে নাশ করিবে না; ধর্ম্ম হত হইয়া আমাদিগকে নষ্ট না করুন।

# পরিশিষ্ট।

## সংক্ষেপে ধর্ম্মনির্ণয়।

অহিংসা সত্যবচনং সর্ব্বভূতানুকম্পনং।
শমো দানং যথাশক্তি গার্হস্থ্যো ধর্ম্ম উত্তমঃ।
পরদারেম্বসংসক্তো ন্যাসস্ত্রীপরিরক্ষণং।
অদত্তাদানবিরমো মধুমাংসস্য বর্জ্জনং॥
এষ পঞ্চবিধো ধর্ম্মো বহুশাখঃ সুখোদয়ঃ।
দেহিভির্ধর্ম্মপরমৈশ্চর্ত্তব্যো দেহসম্ভবঃ॥

অনুশাসন ১৪১। ৬৪১৫

অহিংসা, সত্য বচন, সর্ব্বভূতে দয়া, শম ও যথাশক্তি দান, এই সমুদায় গৃহস্থদিগের প্রধান ধর্ম্ম। ঐ গার্হ্যস্থ ধর্ম্ম, পরদারবিরতি, সম্প্রদত্ত স্ত্রীর পরিরক্ষণ, অদত্ত বস্তুর গ্রহণে অনভিলাষ ও মধুমাংস পরিত্যাগ, এই পঞ্চ-বিধ ধর্ম্ম; ইহার বহু শাখা প্রশাখা; ধর্ম্মপরায়ণ মহাত্মারা যত্নসহকারে এই সমুদায় ধর্ম্ম পালন করিবেন।

## ত্রিবিধ গতি, কর্ম্ম ও শুভাশুভ কর্ম্মফল।

শুভাশুভফলং কর্ম্ম মনোবাগ্‌দেহসম্ভবং।
কর্ম্মজা গতয়ো নৃণামুত্তমাধমমধ্যমাঃ॥

মন বাক্য ও দেহ দ্বারা যে কর্ম্ম হয়, তাহা হইতে শুভাশুভ ফল উৎপত্তি হয়। তদনুসারে মনুষ্য উত্তম মধ্যম ও অধম গতি প্রাপ্ত হয়।

পরদ্রব্যেষ্বভিধ্যানং মনসানিষ্টচিন্তনং।
বিতথাভিনিবেশশ্চ ত্রিবিধং কর্ম্ম মানসং॥

পর দ্রব্যে ইচ্ছা, পরের অনিষ্ট চিন্তা, বিপরীত বুদ্ধি, এই তিন প্রকার মানসিক কর্ম্ম অশুভ ফল জনক; ইহার বিপরীত কর্ম্ম শুভফল জনক।

পারুষ্যমনৃতঞ্চৈব পৈশুন্যঞ্চাপি সর্ব্বশঃ।
অসম্বদ্ধপ্রলাপশ্চ বাঙ্ময়ং স্যাচ্চতুর্ব্বিধং॥

অপ্রিয় বাক্য, মিথ্যা বাক্য, পরদোষাবিষ্কার, অসম্বদ্ধ প্রলাপ, এই চারি প্রকার বাচনিক কর্ম্ম অশুভ ফল জনক: ইহার, বিপরীত কর্ম্ম শুভফল জনক।

অদত্তানামুপাদানং হিংসা চৈবাবিধানতঃ।
পরদারোপসেবা চ শারীরং ত্রিবিধং স্মৃতং॥

অদত্তধন গ্রহণ, অশাস্ত্রীয় হিংসা, পরস্ত্রী গমন, এই তিনটী শারীরিক কার্য্য অশুভ ফল জনক; ইহার বিপরীত কর্ম্ম শুভ ফল জনক।

মনু ১২।৩

---

## ত্রিবিধ গুণ—সত্ত্ব রজঃ তমঃ।

তত্র যৎ প্রীতিসংযুক্তং কিঞ্চিদাত্মনি লক্ষয়েৎ।
প্রশান্তমিব শুদ্ধাভং সত্ত্বং তদুপধারয়েৎ॥ ২৭

যত্তু দুঃখসমাযুক্তমপ্রীতিকরমাত্মনঃ।
তদ্রজোঽপ্রতিঘং বিদ্যাৎ সততং হারি দেহিনাং॥ ২৮
যত্তু স্যান্মোহসংযুক্তমব্যক্তং বিষয়াত্মকং।
অপ্রতর্ক্যমবিজ্ঞেয়ং তমস্তদুপধারয়েৎ॥ ২৯

মনু ১২ অধ্যায়

আত্মাতে প্রীতিযুক্ত প্রকাশরূপ যে বিশুদ্ধ প্রশান্ত ভাব অনুভব করাযায়, তাহা সত্ত্বগুণ।

যাহা দুঃখযুক্ত, আত্মার অপ্রীতিকর, এবং শরীরীদিগের বিষয়স্পৃহাজনক, তাহা রজোগুণ।

সদসদ্‌বিবেকশূন্য অব্যক্ত অননুভবনশীল দুর্জ্ঞেয় যে বিষয়াত্মিকা বুদ্ধি তাহা তমো গুণ।

---

## ত্রিবিধ গুণের কর্ম্ম—তামসিক, রাজসিক ও সাত্ত্বিক।

যৎকর্ম্ম কৃত্বা কুর্ব্বংশ্চ করিষ্যংশ্চৈব লজ্জতি।
তজ্‌জ্ঞেয়ং বিদুষা সর্ব্বং তামসং গুণলক্ষণং॥ ৩৫
যেনাস্মিন্‌ কর্ম্মণা লোকে খ্যাতিমিচ্ছতি পুষ্কলাং।
ন চ শোচত্যসম্পত্তৌ তদ্বিজ্ঞেয়ন্তু রাজসং॥ ৩৬
যৎ সর্ব্বেণেচ্ছতি জ্ঞাতুং যন্ন লজ্জতি চাচরন্‌।
যেন তুষ্যতি চাত্মাস্য তৎ সত্ত্বগুণলক্ষণং॥ ৩৭

মনু ১২ অধ্যায়

যে কর্ম্ম করিয়া এবং যে কর্ম্ম করিবার সময়, আর যে কর্ম্ম করিতে গেলে তাহাতে লজ্জানুভব হয়, তাহা তমোগুণের লক্ষণ।

যে কর্ম্ম ইহলোকে কেবল খ্যাতি জনক হয়, (পর লোকের কোন কার্য্যকর হয় না,) অথচ যাহা সফল না হইলে আক্ষেপ হয় না, তাহা রজোগুণের কর্ম্ম।

জ্ঞান বৃদ্ধির নিমিত্ত যে কর্ম্ম সর্ব্ব প্রযত্নে জানিতে ইচ্ছা হয়, যে কর্ম্ম করিয়া কোন প্রকারে লজ্জা পাইতে হয় না, যে কর্ম্ম দ্বারা আত্মা তুষ্ট থাকে, তাহা সত্ত্বগুণের কর্ম্ম।

---

## ত্রিবিধ পুরুষ—উত্তম মধ্যম ও অধম।

ভাবমিচ্ছতি সর্ব্বস্য নাভাবে কুরুতে মনঃ।
সত্যবাদী মৃদুর্দান্তো যঃ স উত্তমপুরুষঃ॥

যিনি সকলেরই অভ্যুদয় ইচ্ছা করেন, কাহারও অকল্যাণ ইচ্ছা করেন না, এবং সত্যবাদী, মৃদু ও দান্ত হয়েন, তিনিই উত্তম পুরুষ।

নানর্থকং সান্ত্বয়তি প্রতিজ্ঞায় দদাতি চ।
রন্ধ্রং পরস্য জানাতি যঃ স মধ্যমপুরুষঃ॥

যিনি অন্যকে বৃথা সান্ত্বনা করেন না, অঙ্গীকার করিয়া দান করেন; অথচ পরচ্ছিদ্রের অনুসন্ধান রাখেন, তিনি মধ্যম পুরুষ।

দুঃশাসনস্তূপহতোঽভিশস্তো
নাবর্ত্ততে মন্যুবশাৎ কৃতঘ্নঃ।
ন কস্যচিন্মিত্রমথো দুরাত্মা
কলাশ্চৈতা অধমস্যেহ পুংসঃ॥

যাহাকে শাসন করা নিতান্ত কঠিন, যে ব্যক্তি আহত ও অস্ত্রে বিদীর্ণ হইলেও ক্রোধ বশত কখনই সরল হয় না,

যে দুরাত্মা ও কৃতঘ্ন, কাহার সহিত যাহার মিত্রতা নাই, সেই অধম পুরুষ।

উদ্যোগপর্ব্ব ৩৫। ১২৭৫-৭

---

## ত্রিবিধ পুরুষের ত্রিবিধ কর্ম্মলক্ষণ।

প্রারভ্যতে ন খলু বিঘ্নভয়েন নীচৈঃ
প্রারভ্য বিঘ্ননিহতা বিরমন্তি মধ্যাঃ।
বিঘ্নৈঃ পুনঃ পুনরপি প্রতিহন্যমানাঃ
প্রারব্ধমুত্তমজনাস্তরসোদ্বহন্তি॥

অধম লোকেরা কর্ম্মে বিঘ্ন ঘটিবার ভয়ে কর্ম্মের আরম্ভই করে না। মধ্যম লোকেরা কর্ম্ম আরম্ভ করে, কিন্তু বিঘ্ন ঘটিলে তাহা ছাড়িয়া দেয়। উত্তম লোকেরা যে কর্ম্ম আরম্ভ করেন, তাহাতে বিঘ্নদ্বারা পুনঃ পুনঃ প্রতিহত হইলেও তাহা স্ববলে নির্ব্বাহ করিয়া থাকেন।

---

## এইলোক ও পরলোক কাহার পক্ষে কেমন?

ধনানি যেষাং বিপুলানি সন্তি
নিত্যং রমন্তে সুবিভূষিতাঙ্গাঃ।
তেষাময়ং শক্রবরন্ন লোকো
নাসৌ সদা দেহসুখে রতানাং॥

যে যোগযুক্তাস্তপসি প্রযুক্তাঃ
স্বাধ্যায়শীলা জরয়ন্তি দেহান্।

জিতেন্দ্রিয়াঃ প্রাণিবধে নিবৃত্তা
স্তেষামসৌ নায়মরিপ্ন লোকঃ ॥
যে ধর্ম্মমেব প্রথমং চরন্তি
ধর্ম্মেণ লব্ধ্বা চ ধনানি কালে।
দারানবাপ্য ক্রতুভি র্ভজন্তে
তেষাময়ঞ্চৈব পরশ্চ লোকঃ ॥
যে নৈব বিদ্যাং ন তপো ন দানং
ন চাপি মূঢ়াঃ প্রজনে যতন্তি।
ন চাধিগচ্ছন্তি সুখান্যভোগাং
স্তেষাময়ং নৈব পরশ্চ লোকঃ ॥

বনপর্ব্ব ১৮৩। ৮৮—৯১

যাহাদিগের বিপুল ধন আছে; যাহারা প্রতিদিন বিভূষিতাঙ্গ ও নিরন্তর কায়িক সুখে সংসক্ত হইয়া ক্রীড়া কৌতুকে কালযাপন করে; এই লোকই তাহাদিগের সুখকর; পরলোকে তাহাদের সুখের সম্ভাবনা থাকে না।

যাহারা যোগযুক্ত, তপস্যানুরক্ত, স্বাধ্যায়শীল, জিতেন্দ্রিয় ও প্রাণীবধে পরাঙ্মুখ হইয়া দেহ জীর্ণ করিতে থাকেন, তাঁহাদের পরলোকে সুখ সম্ভোগ হয়, ইহলোকে হয় না।

যাহারা প্রথমে ধর্ম্মাচরণ ও ধর্ম্মতঃ ধনলাভ করিয়া যথাকালে দারপরিগ্রহ করতঃ যাগাদি ধর্ম্ম কর্ম্মে তৎপর হন, তাহাদিগের ইহলোকে ও পরলোকে উভয় স্থানেই সুখ লাভ হয়।

যে মূঢ়েরা বিদ্যা, তপস্যা, দান ও অপত্যোৎপাদন বিষয়ে যত্ন করে না, তাহারা এইলোক ও পরলোক উভয়ত্র সুখ সম্ভোগে বঞ্চিত হয়।

## ঈশ্বরের করুণা সকলের প্রতি সমান।

সাধ্বসাধূন্ ধারয়তীহ ভূমিঃ
সাধ্বসাধূংস্তাপয়তীহ সূর্য্যঃ।
সাধ্বসাধূংশ্চাপি বাতীহ বায়ু
রাপস্তথা সাধ্বসাধূন্ পুনন্তি॥

শান্তিপর্ব্ব

পৃথিবী সাধু ও অসাধু সকলকেই ধারণ করে, সূর্য্য সাধু ও অসাধু সকলকেই উত্তাপ প্রদান করে, বায়ু সাধু অসাধু সকলেরই নিমিত্ত প্রবাহিত হয়, জল সাধু ও অসাধু সকলেরই শুদ্ধি সাধন করে।

---

## ভীষ্মের প্রতিজ্ঞা।

দাশরাজ নিবোধেদং বচনং মে নৃপোত্তম।
শৃণ্বতাং ভূমিপালানাং যদ্ব্রবীমি পিতুঃকৃতে।
রাজ্যং তাবৎ পূর্ব্বমেব ময়া ত্যক্তং নরাধিপাঃ।
অপত্যহেতোরপি চ করিষ্যেঽদ্য বিনিশ্চয়ং।
অদ্যপ্রভৃতি মে দাশ! ব্রহ্মচর্য্যং ভবিষ্যতি।
অপুত্রস্যাপি মে লোকা ভবিষ্যন্ত্যক্ষয়া দিবি॥

আদিপর্ব্ব ১০০ অধ্যায়

হে নৃপোত্তম দাশরাজ! হে নরপতিগণ! শ্রবণ করুন্। আমি পিতার নিমিত্ত এই প্রতিজ্ঞা করিতেছি। আমি পূর্ব্বে রাজ্য ত্যাগ করিয়াছি; এক্ষণে আমার পুত্রের রাজ্য প্রাপ্তি বিষয়েও সংশয়চ্ছেদ করিয়া বলিতেছি, অদ্য হইতে

যাবজ্জীবন ব্রহ্মচর্য্য অবলম্বন করিলাম। ইহাতে আমি অপুত্র হইলেও আমার অক্ষয় স্বর্গ হইবে।

---

## লক্ষ্মণের তেজ।

লক্ষ্মণ শক্তিশেলে আহত হইলে রামচন্দ্র যুদ্ধ বিষয়ে ভগ্নোদ্যম হইয়া ছিলেন। তাহাতে তেজোবান্ লক্ষ্মণ রামচন্দ্রকে তাঁহার প্রতিজ্ঞা স্মরণ করাইয়া বলিতেছেন—

তাং প্রতিজ্ঞাং প্রতিজ্ঞায় পুরা সত্যপরাক্রম।
লঘুঃ কশ্চিদিবাতেজা নৈবং ত্বং বক্তুমর্হসি।
নহি প্রতিজ্ঞাং কুর্ব্বন্তি বিতথাং সত্যবাদিনঃ।
লক্ষণন্তু মহত্ত্বস্য প্রতিজ্ঞাপরিপালনং।
নৈরাশ্যমুপগন্তুং চ নালং তে মৎকৃতেঽনঘ॥

রামায়ণ, যুদ্ধকাণ্ড, ১০২ সর্গ, ৫০—৫২

হে সত্যপরাক্রম! পূর্ব্বে সেরূপ প্রতিজ্ঞা করিয়া এক্ষণে নিস্তেজ ক্ষুদ্র লোকের ন্যায় আপনার এরূপ কথা বলা কথনই উচিত নহে। সাধু লোকেরা প্রতিজ্ঞার অন্যথা করেন না; প্রতিজ্ঞা পালন করাই মহত্ত্বের লক্ষণ। আমার নিমিত্ত আপনাকে হতাশ হইতে হইবে না।

---

## অর্জ্জুনের সত্য পালন।

যুধিষ্ঠির দ্রৌপদীর সহিত যে গৃহে ছিলেন, অর্জ্জুনকে ব্রাহ্মণের উপকারার্থ অস্ত্র জানিবার জন্য সেই গৃহে প্রবেশ করিতে হয়। তাহাতে তাঁহাদের পঞ্চ ভ্রাতার পূর্ব্বকৃত

নিয়মানুসারে অর্জ্জুনের বন গমন কর্ত্তব্য হইয়াছিল। যুধিষ্ঠির ভ্রাতৃস্নেহপরবশ হইয়া অর্জ্জুনকে বুঝাইলেন যে, তিনি জ্যেষ্ঠ ভ্রাতার গৃহে প্রবেশ করিয়াছিলেন; সাধারণতঃ জ্যেষ্ঠ ভ্রাতার গৃহে কনিষ্ঠ ভ্রাতার প্রবেশের বাধা নাই, অতএব এখানে অর্জ্জুনের পক্ষে সেই নিয়ম ভঙ্গের দোষ স্পর্শ হইতেছে না। অর্জ্জুন উত্তর করিলেন—

ন ব্যাজেন চরেদ্ধর্ম্মমিতি মে ভবতঃ শ্রুতং।
ন সত্যাদ্বিচলিষ্যামি * * *॥

আদিপর্ব্ব ২১৪।৩১

আমি আপনারই নিকট শুনিয়াছি, ছলপূর্ব্বক ধর্ম্ম রক্ষা হয় না। অতএব আমি সত্য হইতে কখনই বিচলিত হইব না।

---

## রাম ও ভরতের সৌভ্রাত্র।

রাবণ নিহত ও সীতার উদ্ধার হইলে বিভীষণ রামকে নির্ব্বন্ধ সহকারে প্রার্থনা করিলেন, আপনি চতুর্দ্দশ বর্ষ কালের কষ্টকর ব্রহ্মচারী বেশ ত্যাগ পূর্ব্বক স্নান ও বেশভূষা ধারণ করিয়া সীতা সহ এক দিনের মত লঙ্কাতে বিবিধ সুখ-ভোগে বাস করুন। রামের তখন স্ব-তুল্য-জটা-চীরধারী, গৃহ-বন-বাসী, ভরতের কথা স্মরণ হইল। তিনি ভরতের আরণ্যক বেশ ত্যাগ না করাইয়া স্বয়ং সুখী হইতে পারিলেন না।

এবমুক্তস্তু কাকুৎস্থঃ প্রত্যুবাচ বিভীষণং।
হরীন্ সুগ্রীবমুখ্যাংস্ত্বং স্নানেনোপনিমন্ত্রয়॥

স তু তাম্যতি ধর্ম্মাত্মা মম হেতোঃ সুখোচিতঃ।
সুকুমারো মহাবাহুর্ভরতঃ সত্যসংশ্রয়ঃ॥
তং বিনা কৈকয়ীপুত্রং ভরতং ধর্ম্মচারিণম্।
ন মে স্নানং বহুমতং বস্ত্রাণ্যাভরণানি চ॥

রামায়ণ, যুদ্ধকাণ্ড, ১২৩ সর্গ ৪—৬

রাম বিভীষণ কর্তৃক এইরূপে সম্ভাষিত হইয়া উত্তর করিলেন,—তুমি সুগ্রীবাদি বানরগণকে স্নানের নিমন্ত্রণ কর। সেই সত্যাবলম্বী ধর্ম্মপরায়ণ ভরত, স্বয়ং সুকুমার ও সুখ ভোগের যোগ্য হইয়াও, কেবল আমার নিমিত্ত কষ্ট পাইতেছেন। সেই ধর্ম্মচারী কৈকেয়ীপুত্র ভরত বিনা আমার স্নান ও বস্ত্রাভরণাদি ভাল লাগিবে না।

---

## শ্রীর আস্পদ।

শ্রী তাঁহার প্রিয় লোকদিগের কথা বলিতেছেন—

কৃপণানাথবৃদ্ধানাং দুর্ব্বলাতুরযোষিতাং।
দয়াঞ্চ সংবিভাগঞ্চ নিত্যমেবানুমোদতাং।
ত্রস্তং বিষণ্ণমুদ্বিগ্নং ভয়ার্ত্তং ব্যাধিতং কৃশং।
হৃতস্বং ব্যসনার্ত্তঞ্চ নিত্যমাশ্বাসয়ন্তি তে।
ধর্ম্মমেবানুবর্ত্তন্ত ন হিংসন্তি পরস্পরং।
অনুকূলাশ্চ কার্য্যেষু গুরুবৃদ্ধোপসেবিনঃ॥

শান্তিপর্ব্ব ২২৮। ৮৩১৩

তাহারা দীন, অনাথ, বৃদ্ধ, দুর্ব্বল, পীড়িত ও স্ত্রীগণের প্রতি অনুগ্রহ প্রকাশ ও তাহাদিগকে ধন দান এবং ভীত, বিষণ্ণ, উদ্বিগ্ন, ব্যাধিযুক্ত, কৃশ, হৃতসর্ব্বস্ব ও দুঃখার্ত্ত

ব্যক্তিদিগকে সর্ব্বদা আশ্বাস প্রদান করিত। তাহারা সতত ধর্ম্মের অনুগামী হইত, পরস্পর হিংসাপরতন্ত্র হইয়া ধর্ম্ম অতিক্রম করিত না, এবং গুরু ও বৃদ্ধদিগের শুশ্রূষায় ও সংকার্য্যে উদ্যুক্ত থাকিত।

---

## পরোপকারী বৃক্ষের দৃষ্টান্ত।

যমুনা পুলিনে শ্রীকৃষ্ণ গোপবালকদিগকে বৃক্ষরাজি প্রদর্শন করিয়া বলিতেছেন :—

পশ্যৈতৈতান্ মহাভাগান্ পরার্থৈকান্তজীবিতান্।
বাতবর্ষাতপহিমান্ সহন্তো বারয়ন্তি নঃ॥
অহো এষাং বরং জন্ম সর্ব্বপ্রাণ্যুপজীবনম্।
সুজনস্যেব যেষাং বৈ বিমুখা যান্তি নার্থিনঃ॥
পত্র পুষ্প ফলচ্ছায়া মূল বল্কল দারুভিঃ।
গন্ধ নির্য্যাস ভস্মাস্থি* তোকৈঃ কামান্বিতন্বতে॥
এতাবজ্জন্মসাফল্যং দেহিনামিহ দেহিষু।
প্রাণৈরর্থৈ র্ধিয়া বাচা শ্রেয় এবাচরেৎ সদা॥

শ্রীমদ্ভাগবত ১০। ২২। ৩২—৩৫

দেখ দেখ বৃক্ষগণ বড় ভাগ্যবন্ত।
পরের নিমিত্ত প্রাণ ধরয় একান্ত॥
বাত বর্ষা হিমাতপ সহিয়া আপন।
আমাসবাকার তাহা করিছে বারণ॥
সকল প্রাণীর হিত করয় সদাই।
ইহা সবাকার জন্ম শ্রেষ্ঠ বলি ভাই॥

* অস্থি—সারাংশ।

দয়ালু সুজন হৈতে যেন অর্থীজন।
বিমুখ হইয়া নাহি যায় কদাচন ॥
তেন এই বৃক্ষগণ পোষে সবাকারে।
পত্র পুষ্প ফল ছায়া আদি উপকারে ॥
মূল ছাল কাষ্ঠ গন্ধ নির্য্যাস ভস্মেতে।
সবার কামনা পূরে অস্থি অঙ্কুরেতে ॥
জন্মের সাফল্য এই দেহী সবাকার।
পরের করয়ে যেই সদা উপকার ॥
অর্থ প্রাণ বুদ্ধি বাক্যে শ্রেয় আচরয়।
তবে সে সফল জন্ম পৃথিবীতে হয় ॥

সনাতন চক্রবর্ত্তীকৃত অনুবাদ।

---

## উপবাসাদি।

যুধিষ্ঠির ভীষ্মকে জিজ্ঞাসা করিলেন—

কথং সদোপবাসী স্যাদ্ব্রহ্মচারী চ পার্থিব।
বিঘসাশী কথঞ্চস্যাৎ কথঞ্চৈবাতিথিপ্রিয়ঃ ॥

কিরূপে সদা উপবাসী, ব্রহ্মচারী, বিঘসাশী ও অতিথিপ্রিয় হওয়া যায়?

ভীষ্ম বলিলেন—

অন্তরা সায়মাশঞ্চ প্রাতরাশঞ্চ যো নরঃ।
সদোপবাসী ভবতি যো ন ভুংক্তেঽন্তরা পুনঃ ॥
ভার্য্যাং গচ্ছন্ ব্রহ্মচারী ঋতৌ ভবতি চৈব হ।
ঋতবাদী সদা চ স্যাদ্দানশীলস্তু মানবঃ।

অভক্ষয়ন্ বৃথামাংসমমাংসাশী ভবত্যুত ।
দানং দদৎ পবিত্রীস্যাদস্বপ্নশ্চ দিবাঽস্বপন্ ।
ভৃত্যাতিথিষু যো ভুংক্তে ভুক্তবৎসু নরঃ সদা ।
অমৃতং কেবলং ভুংক্তে ইতি বিদ্ধি যুধিষ্ঠির ॥

অনুশাসনপর্ব্ব ৯৩ । ৪৪০৮

যিনি কেবল প্রাতঃকালে ও সায়ংকালে আহার করেন, ইহার মধ্যে আর আহার করেন না, তিনিই সর্ব্বদা উপবাসী; যিনি কেবল যথাসময়ে ভার্য্যা গমন করেন এবং সত্যবাদী ও দানশীল হয়েন, তিনিই ব্রহ্মচারী; যিনি বৃথা মাংস ভক্ষণ করেন না, তিনিই অমাংসাশী; যিনি দান করেন, তিনি শুদ্ধমনা হয়েন; যিনি দিবসে নিদ্রা না যান, তিনিই নিদ্রাত্যাগী; যিনি অতিথি ভৃত্য প্রভৃতিকে আহার করাইয়া আপনি আহার করেন, তিনিই অমৃত ভোজন করেন।

---

## কঠিন শপথ !

কৌশিকী তীর্থে অগস্ত্য ঋষির মৃণালগুলি অপহৃত হইলে তিনি সমভিব্যাহারী ঋষিগণকে তাহার কথা জিজ্ঞাসা করিলেন। তাঁহারা আপনাদিগকে নির্দ্দোষী প্রতিপন্ন করিবার জন্য একে একে কঠিন শপথ করিলেন। ধুন্ধুমার কহিলেন—

একঃ সম্পন্নমশ্নাতু যস্তে হরতি পুষ্করং ।

যে আপনার মৃণাল লইয়াছে সে উপাদেয় বস্তু একাকী ভক্ষণ করুক।

পুরু শপথ করিলেন—

চিকিৎসায়াং প্রচরতু ভার্য্যয়া চৈব পুষ্যতু ।
শ্বশুরাত্তস্য বৃত্তিঃ স্যাদ্যস্তে হরতি পুষ্করং ॥

যে আপনার মৃণাল লইয়াছে, সে চিকিৎসা করিয়া অর্থোপার্জ্জন করুক, ভার্য্যার উপার্জ্জিত ধনে জীবন নির্ব্বাহ করুক, শ্বশুরের অন্ন খাইয়া প্রাণধারণ করুক ।

অনুশাসনপর্ব্ব ৯৪ অধ্যায়

---

## আতিথ্য ও দাম্পত্য ধর্ম্ম একত্রে প্রকাশ ।

এক ব্রাহ্মণের গৃহে একদা এক অতিথি আসিয়া উপস্থিত হয় । ব্রাহ্মণের গৃহে তাহার এবং তাহার স্ত্রী ও পুত্র এই তিনজনের উপযুক্ত সক্তু মাত্র সংগৃহীত ছিল । অন্য কিছুই ছিল না । ব্রাহ্মণ আপনার ভাগ অতিথিকে প্রদান করিলেন । অতিথির তাহাতে উদর পূর্ণ হইল না । ব্রাহ্মণ অতিশয় খিদ্যমান হইলেন । তাহা দেখিয়া ব্রাহ্মণী বলিতেছেন—-

কিং বিষণ্ণোঽসি ধর্ম্মজ্ঞ বিদ্যমানেষু সক্তুষু ।
তুষ্ট্যর্থমতিথেরস্য মদ্ভাগোঽপি প্রদীয়তাং ।

হে ধর্ম্মজ্ঞ ! সক্তু গৃহে থাকিতে আপনি বিষণ্ণ হই-তেছেন কেন ? এই অতিথির প্রীত্যর্থে আমার ভাগও প্রদান করুন্ ।

ব্রাহ্মণ উত্তর করিলেন—

অপি কীটপতঙ্গানাং মৃগাদীনাঞ্চ শোভনে ।
স্ত্রিয়া রক্ষ্যাশ্চ পোষ্যাশ্চ তন্নৈবং বক্তুমর্হসি ॥

হে শোভনে! কীট পতঙ্গ ও পশু আদিরও স্ত্রী রক্ষণীয় ও পোষণীয় হয়। অতএব তোমার এরূপ বলা যোগ্য হইতেছে না।

ব্রাহ্মণী কহিলেন—

সহধর্ম্মচরৌ ধাত্রা সৃষ্টৌ ভার্য্যাপতী দ্বিজ।
তস্মান্মহতি ধর্ম্মে মাং ন বাহ্যাং কর্ত্তুমর্হসি॥

বিধাতা ভার্য্যা ও পতিকে সহধর্ম্মচর করিয়া সৃজন করিয়াছেন, অতএব আমাকে এই মহৎ ধর্ম্মের বহির্ভূত করা আপনার উচিত হইতেছে না।

অশ্বমেধপর্ব্ব

## পতিব্রতার ব্রহ্মচর্য্য।

কামন্তু ক্ষপয়েদ্দেহং পুষ্পমূলফলৈঃ শুভৈঃ।
ন তু নামাপি গৃহ্নীয়াৎ পত্যৌ প্রেতে পরস্য তু।
আসীতামরণাৎ ক্ষান্তা নিয়তা ব্রহ্মচারিণী।
যো ধর্ম্ম একপত্নীনাং কাঙ্ক্ষন্তী তমনুত্তমং॥

পতি মৃত হইলে একমাত্রপতিপরায়ণা স্ত্রীদিগের পরমধর্ম্ম অভিলাষিণী সাধ্বী স্ত্রী মরণ পর্য্যন্ত ক্ষমাগুণশালিনী, নিয়মযুক্তা ও ব্রহ্মচারিণী হইয়া থাকিবেন, পবিত্র পুষ্প ফল মূলাদি অল্পাহার দ্বারা দেহ ক্ষয় করিবেন, ব্যভিচার বুদ্ধিতে পর পুরুষের নাম গ্রহণও করিবেন না।

মনু ৫। ১৫৭—১৫৮

## পতিব্রতার ধর্ম্ম।*

পতিব্রতা শাণ্ডিলী স্বর্গে গমন করিলে দেবলোকবাসিনী সুমনা তাঁহাকে জিজ্ঞাসা করিলেন, দেবি! তুমি কি

পুণ্য বলে এই সুরলোকে সমুপস্থিত হইলে? শাণ্ডিলী উত্তর করিলেন—

নাহং কষায়বসনা নাপি বল্কলধারিণী।
ন চ মুণ্ডা চ জটিলা ভূত্বা দেবত্বমাগতা॥
অহিতানি চ বাক্যানি সর্ব্বাণি পরুষাণি চ।
অপ্রমত্তা চ ভর্ত্তারং কদাচিন্নাহ মব্রুবং।
দেবতানাং পিতৄণাঞ্চ ব্রাহ্মণানাঞ্চ পূজনে।
অপ্রমত্তা সদা যুক্তা শ্বশ্রূশ্বশুরবর্ত্তিনী।
পৈশুন্যে ন প্রবর্ত্তামি ন মমৈতন্মনোগতং।
অদ্বারি ন চ তিষ্ঠামি চিরং ন কথয়ামি চ।
অসদ্বা হসিতং কিঞ্চিদহিতং বাপি কর্ম্মণা।
রহস্যমরহস্যং বা ন প্রবর্ত্তামি সর্ব্বথা।
কার্য্যার্থে নির্গতঞ্চাপি ভর্ত্তারং গৃহমাগতং।
আসনেনোপসংযোজ্য পূজয়ামি সমাহিতা।
যদন্নং নাভিজানাতি যদ্ভোজ্যং নাভিনন্দতি।
ভক্ষ্যং বা যদি বা লেহ্যং তৎসর্ব্বং বর্জ্জয়াম্যহং।
কুটুম্বার্থে সমানীতং যৎকিঞ্চিৎ কার্য্যমেবতু।
প্রাতরুত্থায় তৎসর্ব্বং কারয়ামি করোমি চ।
প্রবাসং যদি মে যাতি ভর্ত্তা কার্য্যেণ কেনচিৎ।
মঙ্গলৈ র্বহুভির্যুক্তা ভবামি নিয়তা তদা।
অঞ্জনং রোচনাঞ্চৈব স্নানং মাল্যানুলেপনং।
প্রসাধনঞ্চ নিষ্ক্রান্তে নাভিনন্দামি ভর্ত্তরি।
নোত্থাপয়ামি ভর্ত্তারং সুখসুপ্তমহং সদা।
অন্তরেষ্বপি কার্য্যেষু তেন তুষ্যতি মে মনঃ।

নাম্নাসূয়ামি ভর্ত্তারং কুটুম্বার্থেঽপি সর্ব্বদা।
গুপ্তগুহ্যা সদা চাস্মি সুসংসৃষ্টনিবেশনা।
এবং ধর্ম্মপথং নারী পালয়ন্তী সমাহিতা।
অরুন্ধতীব নারীণাং স্বর্গলোকে মহীয়তে॥

অনুশাসনপর্ব্ব ১২৩ অধ্যায়

দেবি! আমি শিরোমুণ্ডন, জটা ধারণ অথবা কাষায় বস্ত্র বা বল্কল পরিধান করিয়া এই লোক লাভ করিয়াছি, এরূপ বিবেচনা করিবেন না। আমি কখন ভর্ত্তার প্রতি অহিতকর বা পরুষ বাক্য প্রয়োগ করি নাই; সর্ব্বদা অপ্রমত্ত ও যতব্রত হইয়া দেবতা, পিতৃলোক ও ব্রাহ্মণ গণের পূজা এবং শ্বশ্রূ ও শ্বশুরের সেবা করিতাম; আমার মনে কখনই কুটিলভাবের আবির্ভাব হয় নাই; আমি কদাপি বহির্দ্বারে দণ্ডায়মান বা কোন ব্যক্তির সহিত অধিকক্ষণ কথোপকথনে প্রবৃত্ত হইতাম না; কি প্রকাশ্য কি অপ্রকাশ্য কোন হাস্যজনক ও অহিত কার্য্যের অনুষ্ঠান করিতে কখনই আমার প্রবৃত্তি হয় নাই; আমার ভর্ত্তা স্থানান্তর হইতে গৃহে প্রত্যাগত হইলে আমি সমাহিত চিত্তে তাঁহাকে আসন প্রদান পূর্ব্বক তাঁহার যথোচিত পূজা করিতাম; যে সমুদায় ভক্ষ্য বস্তু তাঁহার অপরিজ্ঞাত ও অনভিমত হইত, আমি কদাচ তৎসমুদায় ভক্ষণ করিতাম না; পুত্র কন্যা প্রভৃতি পরিজনদিগের নিমিত্ত যে সকল কার্য্যের অনুষ্ঠান করা আবশ্যক, আমি প্রতিদিন প্রাতঃকালে গাত্রোত্থান করিয়া স্বয়ং ও অন্য দ্বারা তৎসমুদায় সম্পাদন করিতাম; আমার পতি কোন কার্য্যোপলক্ষে বিদেশে গমন করিলে আমি কেশসংস্কার এবং গন্ধ মাল্য অঞ্জন ও গোরোচনা

দ্বারা দেহের সৌন্দর্য্য সাধনে প্রবৃত্ত না হইয়া সতত সংযত চিত্তে বিবিধ মঙ্গল কার্য্যের অনুষ্ঠান করিতাম; যখন তিনি নিদ্রাসুখ অনুভব করিতেন, তখন বিশেষ কার্য্য থাকিলেও আমি তাঁহাকে পরিত্যাগ করিয়া গমন করিতাম না; পরিবার প্রতিপালনের নিমিত্ত সর্ব্বদা তাঁহাকে আয়াস দিতাম না; গুপ্ত বিষয় কদাপি প্রকাশ করিতাম না; এবং নিরন্তর গৃহ সমুদায় পরিষ্কার রাখিতাম। যে নারী সমাহিত হইয়া এইরূপ ধর্ম্ম প্রতিপালন করেন, তিনি নিশ্চয়ই অরুন্ধতীর ন্যায় স্বর্গলোকে পরম সুখ সম্ভোগ করেন।

---

## পতিব্রতার স্বর্গ।

পার্ব্বতী মহেশ্বর সমীপে স্ত্রী ধর্ম্ম বর্ণনা করিয়া পরিশেষে আত্মভাব প্রকাশ করিতেছেন—

পতির্হি দেবো নারীণাং পতির্বন্ধুঃ পতির্গতিঃ।
পত্যা গতিঃ সমা নাস্তি দৈবতং বা যথা পতিঃ।
পতিপ্রসাদাৎ স্বর্গো বা তুল্যো নার্য্যা ন বা ভবেৎ।
অহং স্বর্গং ন ইচ্ছেয়ং ত্বয্যপ্রীতে মহেশ্বরে॥

অনুশাসন ১৪৬ অধ্যায়

নারীদিগের পতিই দেবতা স্বরূপ; পতিই বন্ধু; পতিই গতি। পতির সমান গতি ও মাঙ্গল্য আর কিছু নাই। পতি প্রীত থাকিলে যদি স্বর্গ লাভ হয়, যদি বা তাহা নাও হয়, দুই তুল্য। হে মহেশ্বর আপনি অপ্রীত থাকিলে আমি স্বর্গ ইচ্ছা করি না।

---

## স্ত্রীপরিগ্রহণ প্রতিবন্ধক।

রূপগুণসম্পন্না সাতিশয়প্রলোভনীয়া স্ত্রীরূপধারিণী সুমুখী দিব্যরূপা মনস্বিনী গঙ্গা রাজা প্রতীপের প্রার্থিনী হইয়া তাঁহার দক্ষিণ ঊরুর উপর উপবেশন করিলেন এবং বিবিধ বাক্যে তাহাকে প্রবৃত্তি দিতে লাগিলেন। প্রতীপ কহিলেন—

প্রাপ্য দক্ষিণমূরুং মে ত্বমাশ্লিষ্টা বরাঙ্গণে।
অপত্যানাং স্নুষাণাঞ্চ ভীরু বিদ্ধ্যেতদাসনং।
সব্যোরুঃ কামিনীভোগ্যস্ত্বয়া স চ বিবর্জ্জিতঃ।
তস্মাদহং না চরিষ্যে ত্বয়ি কামং বরাঙ্গণে।
স্নুষা মে ভব ॥

আদিপর্ব্ব ৯৭ অধ্যায়

হে বরাঙ্গণে! পুরুষের দক্ষিণ ঊরু পুত্র কন্যা ও পুত্রবধূর আসন; আর বাম ঊরু প্রণয়িনীর ভোগ্য। তুমি সেই বাম ঊরু না আশ্রয় করিয়া দক্ষিণ ঊরুতে বসিয়াছ, অতএব তোমার সহিত অন্য আচরণ করিতে পারি না। তুমি আমার পুত্রবধূ হও।

---

## যথার্থ মাতা!

বিদুলা তাঁহার পুত্রকে বলিতেছেন—

কুরু সত্ত্বঞ্চ মানঞ্চ বিদ্ধি পৌরুষমাত্মনঃ।
উদ্ভাবয় কুলং মগ্নং ত্বৎকৃতে স্বয়মেব হি।
যস্য বৃত্তং ন জল্পন্তি মানবা মহদদ্ভুতং।
রাশিবর্দ্ধনমাত্রং স নৈব স্ত্রী ন পুনঃ পুমান্।

দানে তপসি সত্যে চ যস্য নোচ্চারিতং যশঃ।
বিদ্যায়ামর্থলাভে বা মাতুরুচ্চার এব সঃ।

হে পুত্র! শৌর্য্য মর্য্যাদা ও পৌরুষ অবলম্বন কর। তোমার নিমিত্ত যে কুল নিমগ্ন প্রায় হইয়াছে, তুমি আপনিই তাহার উদ্ধারার্থ যত্ন কর। লোকে যাহার অনুষ্ঠিত কোন মহৎ কর্ম্মের জল্পনা না করে, সে কেবল লোকসংখ্যার বর্দ্ধক মাত্র; তাহাকে না স্ত্রী না পুরুষ কিছুই বলা যায় না, ক্লীবের মধ্যে গণনা করিতে হয়; দান, তপস্যা, সত্য, বিদ্যা বা অর্থ বিষয়ে যাহার যশোবৃত্তান্ত সংকীর্ত্তিত না হয়, সে মাতার বিষ্ঠা মাত্র, কদাপি পুত্রপদের বাচ্য নহে।

তব স্যাং যদি সদ্বৃত্তং তেন মে ত্বং প্রিয়ো ভবেঃ
ধর্ম্মার্থগুণযুক্তেন নেতরেণ কথঞ্চন।
দৈবমানুষযুক্তেন সদ্ভিরাচরিতেন চ।
যোহ্যেবমবনীতেন রমতে পুত্রনপ্তৃণা।
অনুত্থানবতা চাপি দুর্ব্বিনীতেন দুর্ধিয়া।
রমতে যস্ত পুত্রেণ মোঘং তস্য প্রজাফলং॥

উদ্যোগপর্ব্ব ১৩৪ অধ্যায়

ধর্ম্মার্থগুণযুক্ত ও দৈবমানুষকর্ম্মযুক্ত, সাধুগণাচরিত... মাত্র সদ্বৃত্ত ব্যতীত তুমি আর কিছুতেই আমার ...তি-ভাজন হইতে পারিবে না। যে উক্ত রূপ সদ্বৃত্তসম্পন্ন সুবিনীত পুত্র পৌত্রাদি লইয়া সুখী হয়, তাহার সে সমস্তই সার্থক। যে অনুদ্যমশীল, দুর্ব্বিনীত, মন্দবুদ্ধি, তনয় লইয়া সুখী হয়, তাহার সন্তান প্রসবের কোন ফল হয় না।

# লক্ষণাবলী।

( পৌরুষের লক্ষণ )

শোভা বিলাসো মাধুর্য্যং গাম্ভীর্য্যং ধৈর্য্যতেজসী।
ললিতৌদার্য্যমিত্যষ্টৌ সত্ত্বজাঃ পৌরুষা গুণাঃ ॥

( তেজের লক্ষণ )

অধিক্ষেপাপমানাদেঃ প্রযুক্তস্য পরেণ যৎ।
প্রাণাত্যয়েঽপ্যসহনং তত্তেজঃ সমুদাহৃতং ॥

( অকার্পণ্যের লক্ষণ )

স্তোকাদপি চ দাতব্যমদীনেনান্তরাত্মনা।
অহন্যহনি যৎকিঞ্চিদকার্পণ্যং হি তৎস্মৃতং ॥

( ক্ষমার লক্ষণ )

বাহ্যে চাধ্যাত্মিকে চৈব দুঃখে চোৎপাদিতে ক্বচিৎ
ন কুপ্যন্তি ন চাহন্তি সা ক্ষমা পরিকীর্ত্তিতা ।

( অনসূয়ার লক্ষণ )

ন গুণান্ গুণিনো হন্তি স্তৌতি মন্দগুণানপি।
নান্যদোষেষু রমতে সাঽনসূয়া প্রকীর্ত্তিতা ॥

( শৌচের লক্ষণ )

অভক্ষ্যস্য পরীহারঃ সংসর্গশ্চাপ্যনিন্দিতৈঃ।
স্বধর্ম্মেষু ব্যবস্থানং শৌচমেতৎ প্রকীর্ত্তিতং ॥

( মঙ্গলের লক্ষণ )

প্রশস্তাচরণং নিত্যমপ্রশস্তং বিসর্জ্জনং।
এতদ্ধি মঙ্গলং প্রোক্তমৃষিভিস্তত্ত্বদর্শিভিঃ ॥

(দয়ার লক্ষণ)

পরে বা বন্ধুবর্গে বা মিত্রে দ্বেষ্টরি বা সদা।
আত্মবদ্বর্ত্তিতব্যং হি দয়ৈষা পরিকীর্ত্তিতা॥

(অস্পৃহার লক্ষণ)

যথোৎপন্নেন সন্তোষঃ কর্ত্তব্যো হ্যল্পবস্তুনা।
পরস্যাচিন্তয়িত্বার্থং সাস্পৃহা পরিকীর্ত্তিতা॥

(অনায়াসের লক্ষণ)

শরীরং পীড্যতে যেন স্বশুভেনাপি কর্ম্মণা।
অত্যন্তং তন্নকর্ত্তব্যমনায়াসঃ স উচ্যতে॥

অত্রিসংহিতা।

---

## (সত্য-প্রশংসা।)

সত্যেন সূর্য্যস্তপতি সত্যেনাগ্নিঃ প্রদীপ্যতে।
সত্যেন মরুতো বান্তি সর্ব্বং সত্যে প্রতিষ্ঠিতং।
সত্যমাহুঃ পরোধর্ম্ম স্তস্মাৎ সত্যং ন লংঘয়েৎ॥

অনুশাসন ৭৫। ৩৬৫৫

সত্যের বলে সূর্য্য উত্তাপ প্রদান করেন; অগ্নি প্রজ্ব-লিত হয়েন, এবং বায়ু প্রবহমান হয়েন। সকলই সত্যে প্রতিষ্ঠিত হইয়া আছে। সত্যকে পরম ধর্ম্ম বলা যায়। অতএব সত্যকে অতিক্রম করিয়া কিছু করিবে না।

---

( ভরতের প্রতি রামের উপদেশ। )

পরস্ত্রী মাতেব কচিদপি ন লোভঃ পরধনে
ন মর্য্যাদাভঙ্গঃ ক্ষণমপি ন নীচেম্বভিরুচিঃ।
রিপৌ শৌর্য্যং ধৈর্য্যং বিপদি বিনয়ঃ সম্পদি সতা
মিদং বর্ত্ম ভ্রাতর্ভরত নিয়তং যাস্যসি সদা॥

( মহানাটক। )

( শকুন্তলার প্রতি কণ্বের উপদেশ। )

শুশ্রূষস্ব গুরূন্ কুরু প্রিয়সখীবৃত্তিং সপত্নীজনে
ভর্ত্তুর্বিপ্রকৃতাপি রোষণতয়া মাস্ম প্রতীপং গমঃ।
ভূয়িষ্ঠং ভব দক্ষিণা পরিজনে ভোগেম্বনুৎসেকিনী
যান্ত্যেবং গৃহিণীপদং যুবতয়ো বামাঃ কুলস্যাধয়ঃ

---

ন সা সভা যত্র ন সন্তি বৃদ্ধা
বৃদ্ধা ন তে যে ন বদন্তি ধর্ম্মং।
ধর্ম্মঃ স নো যত্র ন সত্য মস্তি
সত্যং ন তদ্যচ্ছলমভ্যুপৈতি॥

---

য আত্মনাঽপত্রপতে ভৃশং নরঃ
স সর্ব্বলোকস্য গুরুর্ভবত্যুত।
অনন্ততেজাঃ সুমনাঃ সমাহিতঃ
স তেজসা সূর্য্য ইবাবভাসতে॥

---

# হিন্দুধর্ম্মনীতি।

## ( সম্পাদকদিগের অভিপ্রায় )

### বঙ্গবাসী ২৬শে আষাঢ় ১২৯৪ সাল।

" এরূপ গ্রন্থ বঙ্গভাষায় এই নূতন। অগাধ শাস্ত্রসাগর মন্থন করিয়' গ্রন্থকার অমৃতময় ফলগুলি উদ্ধার করিয়াছেন। আশা আছে, এই অমৃত ফল খাইয়া বাঙ্গালী অমরত্ব লাভে যত্নপরায়ণ হইবেন। * * বঙ্গবাসীতে এমন স্থান নাই যে, আমরা এই অপূর্ব্ব গ্রন্থের সমস্ত কথা উদ্ধৃত করিতে পারি। আমাদের এক্ষণে প্রার্থনা, ধর্ম্মানুরাগী পাঠকবৃন্দ, শাস্ত্রোক্ত উপদেশ মালা বুঝিয়া পড়িয়া তাহা যেন কণ্ঠস্থ করিয়া রাখেন।"

---

### বঙ্গদর্শন, জ্যৈষ্ঠ ১২৮০।

"ইহাতে প্রাচীন হিন্দু শাস্ত্রোক্ত ধর্ম্মনীতি সঙ্কলিত হইয়া প্রকাশিত হইয়াছে। সঙ্কলনকর্ত্তা কে, তাঁহার নাম গ্রন্থারম্ভে প্রথমতঃ প্রকাশিত হয় নাই, কিন্তু এক স্থানে বাবু ঈশানচন্দ্র বসুর নাম দেখিলাম। যাঁহারই সঙ্কলিত হউক, তিনি আমাদের বিশেষ ধন্যবাদের পাত্র। এইখানি দৃষ্ট করিয়া আমরা যে পর্য্যন্ত সুখী হইয়াছি, প্রার্থনা করি গ্রন্থ প্রণেতা সর্ব্বদা সেই পরিমাণে সুখী হউন। যিনি ইহা আদ্যোপান্ত মনোযোগে পাঠ করিবেন, তিনিই বুঝিবেন যে নীতিশাস্ত্র সম্বন্ধে প্রাচীন আর্য্যজাতির গৌরব পৃথিবীর কোন জাতির গৌরবের অপেক্ষা ন্যূন নহে। এমন কোন নৈতিকতত্ব কোন দেশীয় ধর্ম্মশাস্ত্রে বা নীতি শাস্ত্রে নাই, যাহা প্রাচীন হিন্দুগণ কর্তৃক আবিষ্কৃত, উক্ত এবং প্রচারিত হয় নাই। যাঁহারা আধুনিক ইউরোপীয় ধর্ম্মনীতির প্রশংসা করিয়া দেশীয় ধর্ম্মনীতিকে অপেক্ষাকৃত অসম্পূর্ণ এবং অধ-কর্ম্মলুষিত বিবেচনা করেন, তাঁহারা কেবল হিন্দুশাস্ত্রে অজ্ঞতা বশতই এরূপ করেন। যে দেশে এইরূপ পৃথিবী অতুল ধর্ম্মনীতি আবিষ্কৃত এবং প্রচারিত হইয়াছে, সে দেশের লোক যে এক্ষণে পাশ্চাত্যদিগের নিকট অধার্ম্মিক বলিয়া ঘৃণিত, ইহার অপেক্ষা শোচনীয়

কথা আর নাই। যাঁহার সঙ্কলন বলে আমরা এই সকল কথা বলিতে সক্ষম হইতেছি, তাঁহাকে শত শত ধন্যবাদ। এই সঙ্কলন যে বহু পরিশ্রমের ফল এবং নানা শাস্ত্র দর্শনোৎপন্ন, তাহা দেখিলেই বুঝা যায়।"

---

## স্ত্রীদিগের প্রতি উপদেশ।

"কতিপয় পত্রের আকারে ভিন্ন ভিন্ন বিষয়ে স্ত্রীদিগের প্রতি উপদেশ প্রদত্ত হইয়াছে। পত্রগুলি বিলক্ষণ মনোজ্ঞ হইয়াছে। ভাষাও অতি বিশদ; স্ত্রীলোকদিগের বুঝিবার পক্ষে কোন কাঠিন্য নাই। ফলতঃ স্ত্রীলোকদিগের প্রতি ও তাঁহাদের সম্বন্ধে পুরুষের কিরূপ ব্যবহার করিতে হয়, তাহারও অনেক উপদেশ ইহাতে কথিত হইয়াছে। পুস্তকখানি নীরস উপদেশ মাত্র নহে। যাহাতে স্ত্রীলোকদিগের বিবিধ বিষয়ে সৎ জ্ঞান লাভ হয়, এবং সঙ্গে সঙ্গে পড়িতেও উৎসাহ জন্মে, এমন পদ্ধতি ও ভাষা পুস্তক মধ্যে সম্বলিত হইয়াছে।" এডুকেশন গেজেট, ৪ পৌষ ১২৮১।

"এখানি শিক্ষানুরাগিণী নবীনাদিগের বড়ই উপকারে আসিবে। গ্রন্থকার নিতান্ত সরল ও সুন্দর পদ্ধতিতে স্ত্রীজাতির প্রতি উপদেশ দিয়াছেন এবং স্ত্রী-নীতি ঘটিত অতি কঠোর তত্ত্বনিচয়কেও সরবতের ন্যায় সুপেয় ও সুস্বাদু করিতে পারিয়াছেন। যে সকল বঙ্গবধূরা নাটক বিনা আর কিছু পড়েন না; প্রণয়পত্র বই আর কিছু লেখেন না এবং সূক্ষ্ম শিল্প ব্যতীত আর কোন কাজ স্পর্শ করেন না, তাঁহারা এই উপদেশ গ্রন্থ পাঠ করিলে অনেক বিষয়ে সুশিক্ষা পাইবেন; তাঁহারা যাঁহাদের গৃহ উজ্জ্বল করিতেছেন, তাঁহাদিগেরও মুখ উজ্জ্বল হইবে এবং সুখ, সম্পদ ও গার্হস্থ শান্তি দিন দিন বাড়িতে থাকিবে।" বান্ধব, পৌষ ১২৮১।

---

অপরাপর গ্রন্থ সম্বন্ধেও সম্পাদকদিগের এইরূপ মত। ভারতী সম্পাদিকা শ্রীমতী স্বর্ণকুমারী দেবী "নারীনীতির" বিস্তর প্রশংসা করিয়াছেন।

## শ্রীযুক্ত ঈশানচন্দ্র বসুর কৃত গ্রন্থ।

| | মূল্য। |
|---|---|
| হিন্দুধর্ম্মনীতি ... ... ... ... ... | ১৲ |
| স্ত্রীদিগের প্রতি উপদেশ ... ... ... ... | ।৶৹ |
| নারীনীতি ... ... ... ... ... | ৷৷৹ |
| নীতিপদ্য ... ... ... ... ... | ৷৹ |
| নীতিকবিতাবলী ... ... ... ... | ।৹ |
| নীতিপ্রভা ... ... ... ... ... | ৶৹ |
| বিবাহ ও পুত্রত্ব বিষয়ে মনুর মত ... ... ... | ।৹ |
| The Mirror of Progress in History (a sheet) | 0 1 0 |

শ্রীযুক্ত ঈশানচন্দ্র বসু কৃত সমুদয় গ্রন্থ শ্রীযুক্ত গুরুদাস চট্টোপাধ্যায়ের মেডিকেল লাইব্রেরি নামক পুস্তকালয়ে পাওয়া যায়। ২০১ নং কর্ণওয়ালিশ ষ্ট্রীট, কলিকাতা।